মূল সাজেশনের অতিরিক্ত অংশ

# এসএসসি পরীক্ষার প্রশ্ন ও উত্তর

## ঢাকা বোর্ড-২০১৬

**বাংলাদেশ ও বিশ্বপরিচয়** বিষয় কোড : | ১ | ৫ | ০ |

**সৃজনশীল প্রশ্ন**

সময়-২ ঘণ্টা ২০ মিনিট — মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*


**১.** এক ঐতিহাসিক দিনে জামান সাহেব তার পরিবারের সদস্যদের সাথে টিভি দেখছিলেন। টিভির পর্দায় একজন নেতার বলিষ্ঠ কণ্ঠে উচ্চারিত হচ্ছিল, "প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোলো....।" জামান সাহেব বললেন, "এই ভাষণটি ছিল আমাদের স্বাধীনতার দিক নির্দেশক।"

ক. কার নেতৃত্বে 'তমদ্দুন মজলিশ' গঠিত হয়েছিল? ১
খ. 'যুক্তফ্রন্ট' গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ভাষণের পটভূমি ব্যাখ্যা কর। ৩
ঘ. জামান সাহেবের বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**২.** মীম ও মাহিন এর বাবা-মা চাকরিজীবী। ছুটির দিনে তারা সবাই মিলে বেড়াতে যায়। তাদের আচরণ সকলের কাছে প্রশংসনীয়। দুজনেই বিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী হিসেবে পরিচিত। পড়াশোনার ফাঁকে ফাঁকে তারা পত্রিকা পড়ে, শিক্ষামূলক অনুষ্ঠান, নাটক ইত্যাদি দেখে।


ক. কীসের মাধ্যমে মানুষ সমাজের একজন দায়িত্বশীল সদস্যে পরিণত হয়? ১
খ. 'মিথস্ক্রিয়া' ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রথম অংশটি সামাজিকীকরণের কোন মাধ্যমকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দ্বিতীয় অংশকে কেন্দ্র করে আধুনিক যুগের সংস্কৃতি গড়ে উঠেছে— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**৩.**




ক. সূর্য থেকে মঙ্গল গ্রহের দূরত্ব কত কিলোমিটার? ১
খ. প্রমাণ সময় ব্যাখ্যা কর। ২
গ. 'B' চিহ্নিত গ্রহটির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
ঘ. 'A' ও 'C' চিহ্নিত গ্রহ দুটির বৈশিষ্ট্যগুলো তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

**৪.**




ক. 'ধলেশ্বরী' কোন নদীর শাখা নদী? ১
খ. পানি সম্পদ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২
গ. 'A' চিহ্নিত নদীর গতিপথ ব্যাখ্যা কর। ৩
ঘ. "'B' ও 'K' চিহ্নিত অঞ্চল দুটি এদেশের অর্থনৈতিক সমৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে" — মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**৫.** জনাব কাসেম এলাকার একজন প্রভাবশালী ব্যক্তি। তিনি বহুদিন ধরে গ্রামের রহিম মিয়ার সম্পত্তি দখল করার চেষ্টা করছেন এবং তাকে নানাভাবে হয়রানি করছেন। এরূপ পরিস্থিতিতে রহিম মিয়া বিচার চাইলে বিচারক জনাব কাসেমের পক্ষেই রায় দেন।

ক. অধ্যাপক হল্যান্ড কর্তৃক প্রদত্ত আইনের সংজ্ঞাটি লেখো। ১
খ. সার্বভৌমত্ব বলতে কী বোঝায়? ২
গ. অনুচ্ছেদে আইনের অনুশাসনের কোন ধারণাটি ক্ষুণ্ন হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত ধারণাটির যথাযথ প্রয়োগের উপরই গণতন্ত্রের সফলতা নির্ভরশীল।"— বিশ্লেষণ কর। ৪

**৬.** রাশেদ সাহেব বাংলাদেশের সর্বাপেক্ষা প্রাচীন প্রতিষ্ঠানের একজন নির্বাচিত সদস্য। তিনি ছাড়া সেখানে আরও ১২ জন সদস্য আছেন। তিনি তার এলাকায় দাঙ্গা-হাঙ্গামা নিরসন, কৃষি উপকরণ বিতরণ ইত্যাদি দায়িত্ব পালন করেন।

ক. জেলা প্রশাসন বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর কততম স্তর? ১
খ. স্থানীয় স্বায়ত্তশাসন বলতে কী বোঝায়? ২
গ. রাশেদ সাহেব বাংলাদেশের যে স্থানীয় প্রতিষ্ঠানের সদস্য তার গঠন ব্যাখ্যা কর। ৩
ঘ. রাশেদ সাহেবের কাজগুলো উক্ত প্রতিষ্ঠানের জন্য যথেষ্ট বলে মনে কর কি? উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

**৭.** 'ক' দেশ—উৎপাদন ও ভোগের ক্ষেত্রে উৎপাদকের স্বাধীনতা নেই। ব্যক্তিগত মুনাফা অর্জনের সুযোগ নেই।

'খ' দেশ—উৎপাদন বণ্টন ও ভোগ স্বাধীনভাবে পরিচালিত হলেও সরকারি নিয়ন্ত্রণ বিদ্যমান। মুনাফা অর্জনই প্রধান লক্ষ্য।

ক. উৎপাদনের উপাদান কয়টি? ১
খ. মোট দেশজ উৎপাদন বলতে কী বোঝায়? ২
গ. 'ক' দেশে কী ধরনের অর্থনৈতিক ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দুটি দেশের মধ্যে কোন অর্থনৈতিক ব্যবস্থাটি বাংলাদেশের জন্য প্রযোজ্য? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৮.** দৃশ্যকল্প ১: মামুন চাষাবাদের গরু, কৃষি যন্ত্রপাতি, পাম্প ইত্যাদি কেনার জন্য একটি ব্যাংক থেকে ঋণ নিয়ে কৃষির উন্নতির চেষ্টা করেন।

দৃশ্যকল্প ২: জনাব রহমান সাহেব যে ব্যাংকে চাকরি করেন সেটি দেশের অভ্যন্তরে ও বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে ক্রেতা-বিক্রেতাদের দেনা-পাওনার সমাধান করে দেয়।

ক. বাংলাদেশ সরকারের আয়ের প্রধান উৎস কোনটি? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সর্বশেষ পর্যায়ের ঋণদাতা বলা হয় কেন? ২
গ. দৃশ্যকল্প-১ এ উল্লিখিত ব্যাংকটির সাথে কোন ব্যাংকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে দৃশ্যকল্প-২ এ উল্লিখিত ব্যাংকটির অবদান বিশ্লেষণ কর। ৪

**৯.** দরিদ্রতা→বেকারত্ব→উচ্চাভিলাষ→মূল্যবোধের অভাব→ক্ষমতার অপব্যবহার।

ক. সামাজিক বিশৃঙ্খলার চরম রূপ কী? ১
খ. কিশোর অপরাধের একটি কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন সামাজিক সমস্যাটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সমস্যা থেকে সৃষ্ট সামাজিক প্রভাবসমূহ বিশ্লেষণ কর। ৪

# ঢাকা বোর্ড-২০১৬

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা    বিষয় কোড: | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. অনুন্নত দেশের জাতীয় উৎপাদনের একক বৃহত্তম খাত কোনটি?**
K শিল্প   L সেবা
M কৃষিজ   N ব্যবসা

**২. বাংলাদেশ সরকারের আয়ের উৎসগুলোকে কয়ভাগে ভাগ করা যায়?**
K ২   L ১১
M ১২   N ১৫

**৩. নিম্ন আয়ের দেশের সর্বোচ্চ মাথাপিছু আয় কত মার্কিন ডলার?**
K ৭৬০   L ১০০৫
M ১০০৬   N ৩৯৭৫

**৪. পৃথিবীর সকল দেশের স্থানীয় সরকার ব্যবস্থার ভিন্নতার কারণ কোনটি?**
K রাজনৈতিক সংস্কৃতির ভিন্নতা
L বিচিত্র স্বাধীনতার ইতিহাস
M কেন্দ্রীয় সিদ্ধান্তের পার্থক্য
N দেশের আয়তনের ভিন্নতা

**নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:**
জহির সাহেব বিদেশ ভ্রমণে যাবেন। সে জন্য তিনি তার ব্যাংক হিসেব থেকে টাকা তুলেন এবং ঐ ব্যাংক থেকেই বিনিময় বিল ভাজিয়ে নিলেন।

**৫. জহির সাহেব কোন ব্যাংকে হিসেব পরিচালনা করেন?**
K বাংলাদেশ ব্যাংক   L সোনালী ব্যাংক
M গ্রামীণ ব্যাংক   N সমবায় ব্যাংক

**৬. উক্ত ব্যাংকের আরো কাজ হলো —**
i. পল্লী অঞ্চলে স্বকর্মসংস্থানের জন্য ঋণ দেয়া
ii. নোট প্রচলন করা
iii. অলংকার গচ্ছিত রাখা
**নিচের কোনটি সঠিক?**
K i   L i ও ii
M ii ও iii   N i, ii ও iii
**নোট:** সঠিক উত্তর- i ও iii

**৭. নিচের কোনটি সামাজিক অবকাঠামো?**
K সেচ ব্যবস্থা   L ব্যাংক
M হাসপাতাল   N মোবাইল ফোন

**৮. রাষ্ট্র সম্পর্কিত কার সংজ্ঞায় রাষ্ট্রের সবকটি উপাদানের উল্লেখ রয়েছে?**
K এরিস্টটল   L গার্নার
M জন অস্টিন   N টি এইচ গ্রীন

**৯. সামাজিক পরিবর্তনের অন্যতম উপাদান কোনটি?**
K শিক্ষা   L নদী ভাঙা
M যোগাযোগ   N শিল্পায়ন

**১০. জাতিসংঘ শিশু অধিকার কনভেনশন অনুযায়ী শিশু কারা?**
K ৭ বছরের কম বয়সীরা
L ৭–১৬ বছর বয়সীরা
M অনূর্ধ্ব ১৬ বছর   N অনূর্ধ্ব ১৮ বছর

**১১. কার নেতৃত্বে তমদ্দুন মজলিশ গঠিত হয়?**
K অধ্যাপক আবুল কাশেম
L ডঃ জিয়াউদ্দিন এনামুল
M ডাঃ জিয়াউদ্দিন আহমদ
N চৌধুরী খালেকুজ্জামান

**১২. মুক্তিযুদ্ধের সরকারের উপদেষ্টা পরিষদে কতজন সদস্য ছিলেন?**
K ৫   L ৬
M ১০   N ১২

**১৩. কোনটি মানুষের সমাজ জীবনের মূল বিষয়?**
K বিবাহ   L মূল্যবোধ
M আচরণ   N মিথস্ক্রিয়া

**১৪. ছাত্রসমাজের ১৫ দফা কর্মসূচি ঘোষণার কারণ ছিল —**
i. আইয়ুব খানের শাসনতন্ত্রের প্রস্তাব
ii. আইয়ুব খানের শিক্ষানীতি প্রণয়ন
iii. হোসেন শহীদ সোহরাওয়াদীকে গ্রেফতার
**নিচের কোনটি সঠিক?**
K i   L i ও iii
M ii ও iii   N i, ii ও iii

**১৫. নিচের কোনটি বাঙালিকে স্বাধীনতার মন্ত্রে উজ্জীবিত করে?**
K ভাষা আন্দোলন
L যুক্তফ্রন্ট নির্বাচন
M ছয়-দফা কর্মসূচি
N ছাত্রসমাজের এগারো-দফা কর্মসূচি

**১৬. বঙ্গবন্ধুর বাকশাল গঠনের উদ্দেশ্য কী ছিল?**
K এককেন্দ্রিক সরকার প্রতিষ্ঠা
L এক দলীয় শাসন কায়েম
M শোষণমুক্ত রাষ্ট্র গঠন
N পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন

**১৭. ১০ বছর বয়সী অরূপকে দিয়ে ঝালাইয়ের কাজ করাচ্ছেন দোকান মালিক রকিব উদ্দিন। তিনি কোনটির পরিপন্থি কাজ করছেন?**
K বাংলাদেশের শ্রম আইন, ২০০৬
L জাতিসংঘের শিশু অধিকার সনদ, ১৯৮৯
M বাংলাদেশের শিশু আইন, ১৯৭৪
N জাতীয় শিশুনীতি, ২০১১

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব 'ক' ১৯৭০ সালে রাজশাহী মেডিকেল কলেজ থেকে পাস করে সদ্য কর্মস্থলে যোগদান করেছিলেন। মুক্তিযুদ্ধ শুরু হলে তিনি চাকুরি ছেড়ে দিয়ে যুদ্ধে যোগদান করেন।

**১৮. তিনি মুক্তিযুদ্ধে কাদের প্রতিনিধিত্ব করেন?**
K ছাত্রসমাজ   L বুদ্ধিজীবী
M পেশাজীবী   N জনসাধারণ

**১৯. উক্ত গোষ্ঠী মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন —**
i. সরাসরি অথবা পরোক্ষভাবে
ii. বিশ্ববাসীর কাছে মুক্তিযুদ্ধের তথ্য দিয়ে
iii. শরণার্থীদের মানসিকভাবে সাহস যুগিয়ে
**নিচের কোনটি সঠিক?**
K i   L i ও ii
M ii ও iii   N i, ii ও iii

**২০. ছাতক কোন ভূমিকম্প বলয়ে অবস্থিত?**
K ১ম   L ২য়
M ৩য়   N ৪র্থ

**২১. জোয়ার-ভোটার কারণ কোনটি?**
K পৃথিবীর বার্ষিক গতি
L পৃথিবীর আহ্নিক গতি
M অক্ষরেখার অসম দৈর্ঘ্য
N পৃথিবীর উপবৃত্তাকার কক্ষপথ

**২২. নিচের কোন স্থানে বর্ষাকালে সর্বনিম্ন বৃষ্টিপাত হয়?**
K শ্রীমঙ্গল   L কুমিল্লা
M ঢাকা   N পাবনা

**২৩. জলবিদ্যুৎ উৎপাদনের কাজে কোন যন্ত্রটি ব্যবহার করা হয়?**
K সেক্সট্যান্ট   L টারবাইন
M ল্যাকটোমিটার   N ট্রান্সমিটার

**২৪. সড়ক দুর্ঘটনার সাথে সম্পর্কিত হচ্ছে —**
i. সড়ক আইন না মানা
ii. ত্রুটিযুক্ত যানবাহন
iii. ড্রাইভারদের এ্যালকোহল গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii   L ii ও iii
M i ও iii   N i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও:**
মিসেস জারা রহমান একটি সরকারি অফিসের কর্মকর্তা। তিনি বাংলাদেশ সরকারের ১১ জানুয়ারি, ২০১১ সালের প্রকাশিত গেজেটের ভিত্তিতে ৬ মাসের ছুটি ভোগ করছেন।

**২৫. মিসেস জারা রহমান কোন ধরনের ছুটি ভোগ করেছেন?**
K মাতৃত্বকালীন ছুটি
L নৈমিত্তিক ছুটি
M অর্জিত ছুটি
N বিনোদন ছুটি

**২৬. সরকারের উক্ত ছুটি মঞ্জুরের মূল উদ্দেশ্য হলো —**
i. নিরাপদ প্রসূতি সেবা নিশ্চিত করা
ii. শিশুকে অপুষ্টির হাত থেকে রক্ষা করা
iii. শিশুদের জন্য মাতৃদুগ্ধ নিশ্চিত করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii   L ii ও iii
M i ও iii   N i, ii ও iii

**২৭. রাকিব বরিশাল থেকে নানাবাড়ি বেড়াতে গিয়ে দেখল সেখানকার মাটির রং ছাই ও লাল বর্ণের এবং বালু ও ছোট ছোট পাথর কণা মিশ্রিত। রাকিবের নানাবাড়ির এলাকা কোন ভূ-প্রাকৃতিক অঞ্চলের অন্তর্ভুক্ত?**
K টারশিয়ারি যুগের পাহাড়সমূহের
L উত্তর-পূর্বাঞ্চলের পাহাড়সমূহ
M প্লাইস্টোসিন কালের সোপানসমূহ
N প্লাবন সমভূমি

**২৮. ব্যাপক নগরায়ণ বলতে কী বোঝায়?**
K ক্রমশ গ্রামগুলো শহরে রূপান্তরিত হওয়া
L নাগরিক সুবিধা বৃদ্ধি পাওয়া
M যানবাহনের পরিমাণ বেড়ে যাওয়া
N টিভি ও সিনেমা হল বেড়ে যাওয়া

**২৯. শিল্পায়নের ফলে —**
i. কাজের সুযোগ বৃদ্ধি পায়
ii. যৌথ পরিবার ভেঙে যায়
iii. বস্তির সংখ্যা বেড়ে যায়
**নিচের কোনটি সঠিক?**
K i   L i ও ii
M ii ও iii   N i, ii ও iii

**৩০. ভ্রাম্যমান আদালত একটি মিষ্টির দোকানে অভিযান চালিয়ে ছানার টিস্যু পেপার মিশিয়ে মিষ্টি বানানোর অপরাধে এক লক্ষ টাকা জরিমানা আদায় করে। এটি সরকারের কোন ধরনের আয়ের উৎস?**
K কর রাজস্ব   L কর বহির্ভূত রাজস্ব
M সম্পূরক কর   N নন-জুডিসিয়াল কর

**৩১. *The Modern State* গ্রন্থের রচয়িতা কে?**
K এরিস্টটল
L অধ্যাপক গার্নার
M টি এইচ গ্রীন
N আর. এম. ম্যাকাইভার

**৩২. পুরো শাসন ব্যবস্থার কার্যকর নেতৃত্ব প্রদান করেন কে?**
K রাষ্ট্রপতি   L প্রধানমন্ত্রী
M সচিব   N জাতীয় সংসদ

**৩৩. প্রথম বিশ্ব নারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?**
K বেইজিং   L নাইরোবি
M কোপেন হেগেন   N মেক্সিকো

**৩৪. গণতন্ত্রের মৌলিক বিষয় কী?**
K জনগণ   L ভোটার
M নির্বাচন   N রাজনৈতিক দল

**৩৫. অর্থনীতির ভাষায় নিচের কোনটি সম্পদ?**
K ফসলী জমি   L কালিবিহীন কলম
M সূর্যের আলো   N নদীর পানি

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও:**
ঢাকার রমিজ সাহেব তার পোশাক কারখানার জন্য প্রায় দশ লক্ষ টাকার নতুন কিছু মেশিন কিনলেন। ফলে তার কারখানায় আরও কিছু শ্রমিক নিয়োগ দিতে হয় এবং তার মুনাফা আগের চেয়েও বেড়ে যায়।

**৩৬. রমিজ সাহেবের দশ লক্ষ টাকার ব্যয়কে অর্থনীতির ভাষায় কী বলে?**
K বিনিয়োগ   L মূলধন
M ভূমি   N ভোগব্যয়

**৩৭. রমিজ সাহেবের এ ধরনের ব্যয়ের ফলে —**
i. দেশের মোট জাতীয় ব্যয় বৃদ্ধি পাবে
ii. শ্রমিক শোষণ বেড়ে যাবে
iii. জনগণের জীবনযাত্রার মান বাড়বে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii   L ii ও iii
M i ও iii   N i, ii ও iii

**৩৮. বাংলাদেশ সরকার ভারতের সাথে ছিটমহল বিষয়ক চুক্তি করে ছিটমহল বিনিময় করে। এটি রাষ্ট্রের কোন ধরনের কাজ?**
K কল্যাণমূলক   L ঐচ্ছিক
M মুখ্য   N গৌণ

**৩৯. মিশ্র অর্থ ব্যবস্থায় —**
i. সম্পদের সুষ্ঠু বণ্টন ঘটে
ii. আয়-বৈষম্য দেখা যায়
iii. শ্রমিক শোষণ বিদ্যমান
**নিচের কোনটি সঠিক?**
K i   L i ও ii
M ii ও iii   N i, ii ও iii

**৪০. আইনের প্রাধান্য বলতে বোঝায়—**
K আইন সকলের জন্য সমান
L আইনের অপপ্রয়োগ করা
M যখন যাকে খুশি গ্রেফতার করা
N সবকিছু আইন অনুসারে চলা

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | K | ৪ | K | ৫ | L | ৬ | K | ৭ | M | ৮ | L | ৯ | M | ১০ | N | ১১ | K | ১২ | L | ১৩ | N | ১৪ | K | ১৫ | M | ১৬ | M | ১৭ | K | ১৮ | M | ১৯ | K | ২০ | K |
| ২১ | L | ২২ | N | ২৩ | L | ২৪ | N | ২৫ | K | ২৬ | L | ২৭ | M | ২৮ | K | ২৯ | N | ৩০ | L | ৩১ | N | ৩২ | L | ৩৩ | N | ৩৪ | M | ৩৫ | K | ৩৬ | K | ৩৭ | N | ৩৮ | M | ৩৯ | M | 40 | N |

# রাজশাহী বোর্ড-২০১৬

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট  মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*


**১.** ঐশীর বাবা একজন সচিব। তার চাচা সামরিক বাহিনীর একজন পদস্থ অফিসার। দেশের বিভিন্ন স্থানে বসবাসরত তাদের অনেক আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধব এবং তাদের এলাকার অনেকেই আজ বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত। পক্ষান্তরে ঐশীর দাদা মি. রাকিব যোগ্যতা থাকা সত্ত্বেও নিম্ন বেতনভুক্ত কর্মচারী হিসেবে তার কর্মজীবন শেষ করেছেন। ১৯৫২ ও ১৯৬৯-এর আন্দোলনের ফলে ঐশীরা আজ বাংলাদেশের গর্বিত নাগরিক।

ক. যুক্তফ্রন্ট কতটি দল নিয়ে গঠিত হয়? ১
খ. মৌলিক গণতন্ত্র নামে একটি ব্যবস্থা চালু করা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. মি. রাকিবের এই পরিণতির জন্য দায়ী কারণসমূহ শনাক্ত করে ব্যাখ্যা করো। ৩
ঘ. ১৯৫২ ও ১৯৬৯-এর আন্দোলনের ফলে ঐশীরা আজ বাংলাদেশের গর্বিত নাগরিক— উক্তিটির যথার্থতা প্রমাণ করো। ৪

**২.** "মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি" আপেল মাহমুদের গাওয়া এই গানটি সাধারণ মানুষকে এতটাই অনুপ্রাণিত করে যে তারা স্বাধীনতা যুদ্ধে/ মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে। তারই অংশ হিসেবে রাজবাড়ী জেলার সজ্জনকান্দা গ্রামের দুই বোন গীতা ও রাসু প্রশিক্ষণ নিয়ে মুক্তিযোদ্ধাদের ক্যাম্পে গিয়ে আহত মুক্তিযোদ্ধাদের সেবা করতেন।

ক. মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন? ১
খ. মুজিবনগর সরকার কেন গঠন করা হয়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের গানটি মুক্তিযুদ্ধের যে মাধ্যমের অন্তর্ভুক্ত, মুক্তিযুদ্ধে উক্ত মাধ্যমের ভূমিকা ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর স্বাধীনতা অর্জন ত্বরান্বিত করার ক্ষেত্রে গীতা ও রাসুর মতো অনেক নারীর ভূমিকা ছিল গৌরবোজ্জ্বল? পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪


**৩.** নিচের চিত্রটি দেখো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




চিত্র: সৌরজগৎ

ক. কোন গ্রহের আকাশে বছরে দুইবার সূর্য উদিত হয়? ১
খ. প্রমাণ সময় কী? বুঝিয়ে লেখো। ২
গ. চিত্রের কোন গ্রহটিতে তুমি বসবাস করছ? তার বর্ণনা দাও। ৩
ঘ. চিত্রের A ও E চিহ্নিত গ্রহ দুটির বৈশিষ্ট্যগত পার্থক্য বিশ্লেষণ করো। ৪

**৪.** নিচের চিত্রটি দেখো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




চিত্র : ভূ-প্রকৃতির বিস্তৃতির পরিমাণ

ক. পৃথিবীর অন্যতম বৃহত্তম ব-দ্বীপ কোনটি? ১
খ. ভারতের জলবায়ু বিভিন্ন প্রকার হয় কেন? ২
গ. উদ্দীপকে 'খ' চিহ্নিত ভূমিরূপ কোনটি? বর্ণনা দাও। ৩
ঘ. 'গ' চিহ্নিত ভূমিরূপটি কৃষিজাত দ্রব্য উৎপাদনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— তোমার পঠিত বিষয়বস্তুর আলোকে বিশ্লেষণ করো। ৪

**৫.** ১ম অংশ: 'ক' রাষ্ট্রে সম্প্রতি আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি দেখা দিলে সে দেশের স্বরাষ্ট্রমন্ত্রী এই পরিস্থিতি মোকাবিলার জন্য চলতি সংসদ অধিবেশনে বিশেষ আইন পাস করার জন্য আকুল আবেদন জানান।
২য় অংশ : 'ক' রাষ্ট্রের সরকার দেশের জনগণকে শিক্ষিত করে তোলা, বিনামূল্যে বই বিতরণ ও যৌতুকপ্রথা রোধকল্পে আইন প্রণয়ন করেন।

ক. রাষ্ট্রের সুস্পষ্ট ও পূর্ণাঙ্গ সংজ্ঞা কে দিয়েছেন? ১
খ. 'প্রতিটি সন্তানই রাষ্ট্রের সন্তান'— উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. 'ক' রাষ্ট্রের স্বরাষ্ট্রমন্ত্রী কর্তৃক বিশেষ আইন পাস করার উদ্যোগ রাষ্ট্রের কোন ধরনের কাজ? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. অনুচ্ছেদের ২য় অংশের আলোকে 'ক' রাষ্ট্রকে কি কল্যাণমূলক রাষ্ট্র বলা যায়? উত্তরের সপক্ষে তোমার যুক্তি দেখাও। ৪

**৬.** দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মি. ইমন সম্প্রতি উচ্চ শিক্ষার্থে জাপান এসেছেন। এদেশের মাথাপিছু আয় ৪২,১৫০ ইউএস ডলার (উৎসঃ বিশ্বব্যাংক রিপোর্ট, ২০১২)। মি. ইমনের দেশটির মাথাপিছু আয় ৬৪০ ইউএস ডলার। (উৎস: বিশ্বব্যাংক রিপোর্ট, ২০১২)

ক. GNP-এর ইংরেজি পূর্ণরূপ কী? ১
খ. বাংলাদেশে কেন বৈদেশিক বাণিজ্যের ঘাটতি বিরাজমান? ব্যাখ্যা করো। ২
গ. উন্নয়নের মাত্রার ভিত্তিতে মি. ইমনের দেশটি কী ধরনের দেশ তা শনাক্ত করে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মাথাপিছু আয়ের ভিত্তিতে দেশ দুটির বৈশিষ্ট্যগত পার্থক্য বিশ্লেষণ করো। ৪

**৭.** ভূষিরবন্দর গ্রামের শামীম ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে এম এ জি পাস করে চাকরির চেষ্টা না করে গ্রামে এসে তার বাবার কয়েক বিঘা জমি চাষাবাদ শুরু করে। তার বাবা বেশ চিন্তিত ছেলের ভবিষ্যৎ নিয়ে। কিন্তু শামীম-এর উন্নত জাতের বীজ, সেচ, সার ও সঠিক নিয়মে কীটনাশক প্রয়োগের ফলে কৃষি উৎপাদন বহুগুণ বেড়ে গেছে। এর ফলে এই গ্রামে সৃষ্টি হয় নতুন সৃষ্টির উন্মাদনা এবং নতুন সমাজ গঠনের প্রক্রিয়া।

ক. কিংসলে ডেভিস প্রদত্ত সামাজিক পরিবর্তনের সংজ্ঞাটি লেখো। ১
খ. যোগাযোগ সামাজিক পরিবর্তনের অন্যতম উপাদান— ব্যাখ্যা করো। ২
গ. শামীম কোন কোন উপাদানের মাধ্যমে তার গ্রামের সামাজিক পরিবর্তন এনেছে ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, উদ্দীপকে উল্লিখিত উপাদানগুলোই শুধুমাত্র দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখছে? তোমার মতামত দাও। ৪

**৮.** দিনাজপুরের মেয়ে মিতার বিয়ে হয়েছে টাঙ্গাইলের কাগমারির পালবাড়ির ছেলে শ্যামলের সাথে। মিতা এখানে এসে লক্ষ করে এ বাড়ির ছয় ভাইয়ের পরিবারের মধ্যে বেশ সুসম্পর্ক রয়েছে। তাদের শাশুড়ির পুরনো রান্নাঘরেই রান্নার আয়োজন হয়। প্রতি বেলায় তারা তাদের শাশুড়ির রান্নাঘরেই খাওয়া-দাওয়া করে। চাচাতো ভাইবোনের মধ্যে দারুণ সম্পর্ক। অন্যদিকে মিতার ছোট বোন মিলি স্বামী ও এক সন্তানসহ বাস করে। মিলি মিতাকে প্রায়ই বলে, "তোমাদের মতো এ ধরনের পরিবার বর্তমানে খুব একটা দেখা যায় না।"

ক. সামাজিকীকরণের উপাদান কয়টি? ১
খ. অন্তরঙ্গ বন্ধুদল বলতে কী বোঝায়? ২
গ. কাঠামোগত দিক থেকে মিতাদের পরিবার কোন ধরনের? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. "বর্তমানে মিলিদের মতো পরিবারের সংখ্যা ক্রমশ বেড়ে যাচ্ছে"— তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

**৯.** মাশিমপুর গ্রামের কণিকা, রেখা ও সালমাসহ কয়েকজন নারী ও শিশুকে পাশের গ্রামের সোহরাব ঢাকায় চাকরি দেওয়ার নাম করে নিয়ে আসে। তার উদ্দেশ্য এদের পার্শ্ববর্তী দেশের একটি অপরাধী চক্রের হাতে তুলে দেওয়া। বিদেশ যাওয়ার উদ্দেশে তারা শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আসলে পুলিশের হাতে ধরা পড়ে। সোহরাব পুলিশের কাছে তার কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ দেয়।

ক. কোন সালে এসিড নিয়ন্ত্রণ আইন পাস হয়? ১
খ. মূল্যবোধের অবক্ষয় বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে তোমার পাঠ্যপুস্তকের যে ধারণার প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. "সোহরাবকে শাস্তিদানই উক্ত সমস্যা সমাধানের একমাত্র উপায়"— উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

# রাজশাহী বোর্ড-২০১৬

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. রাষ্ট্রের উপাদান কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**২. শহর এলাকায় স্থানীয় সংস্থাটি হলো—**
K ইউনিয়ন পরিষদ L উপজেলা পরিষদ
M পৌরসভা N জেলা পরিষদ

**৩. বর্তমানে বাংলাদেশে কতটি জেলা আছে?**
K ৬২ L ৬৩
M ৬৪ N ৬৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও:—**
কুমিল্লা জেলার সাদিপুর গ্রামের সফিক সাহেব লক্ষ করলেন কতিপয় লোক বনের গাছ কেটে নিয়ে যাচ্ছে। সফিক সাহেব গ্রামের লোকজনের সহায়তায় গাছ কাটার সঙ্গে জড়িত লোকদের ধরে পুলিশের হাতে তুলে দেন।

**৪. সফিক সাহেবের কাজটি জাতীয় সম্পদের সংরক্ষণ ও অপচয় রোধের কোন ধরনের উদ্যোগ?**
K ব্যক্তিগত L জাতীয়
M সমষ্টিগত N আন্তর্জাতিক

**৫. উক্ত উদ্যোগটি গ্রহণের ফলে —**
i. জাতীয় সম্পদ রক্ষা পাবে
ii. অর্থনৈতিক উন্নয়ন ঘটবে
iii. কর্মসংস্থান সৃষ্টি হবে
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N ii ও iii

**৬. উন্নত দেশের মাথাপিছু আয়—**
K খুব বেশি L খুব কম
M মধ্যম N নীচু মানের

**৭. বাংলাদেশ সরকারের আয়ের প্রধান উৎস হলো—**
K ভূমি রাজস্ব L যানবাহন কর
M বাণিজ্য শুল্ক N বিদ্যুত শুল্ক

**৮. "গণতন্ত্র হচ্ছে জনগণের, জনগণের জন্য ও জনগণ দ্বারা নির্বাচিত সরকার ব্যবস্থা"— উক্তিটি কার?**
K অধ্যাপক গেটেল L এরিস্টটল
M আব্রাহাম লিংকন N মর্গেম থাও

**৯. ভ্যাট (VAT) কী?**
K Value Added Tax L Value Add Tax
M Valuable Add Tax N Valueable Added Tax

**১০. জাতিসংঘ দিবস কোনটি?**
K ২৪ মার্চ L ২৪ জুন
M ২৪ আগস্ট N ২৪ অক্টোবর

**১১. এইডস কেন হয়?**
K সংক্রমিত রোগীর চোখের পানির সংস্পর্শে
L 'এইচআইভি' ভাইরাস আক্রমণ করলে
M সংক্রমিত রোগীর থালাবাসন ব্যবহার করলে
N আক্রান্ত রোগীর সাথে আলিঙ্গন করলে

**১২. শৈশবে নারীর প্রতি বঞ্চনার অভিজ্ঞতা একজন পুরুষকে সহিংস করে তোলে। এর মূল কারণ হলো —**
K ত্রুটিপূর্ণ সামাজিকীকরণ
L মূল্যবোধের অবক্ষয় M সামাজিক পরিবর্তন
N আধিপত্যপূর্ণ মনোভাব

**১৩. সড়ক দুর্ঘটনার বেশিরভাগ কারণ—**
K অদক্ষ ও প্রশিক্ষণবিহীন চালক
L ছোট রাস্তা
M অধিক জনসংখ্যা N অধিক যানবাহন

**১৪. Militant (জঙ্গিবাদ) শব্দটি এসেছে—**
K ল্যাটিন ভাষা থেকে L বাংলা ভাষা থেকে
M ইংলিশ ভাষা থেকে N হিন্দি ভাষা থেকে

**১৫. কোন কাজগুলি দুর্নীতির মধ্যে পড়ে?**
i. ঘুষ ও স্বজনপ্রীতি
ii. বল প্রয়োগ ও ভয় প্রদর্শন
iii. অবৈধ সুযোগ-সুবিধা লাভ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও:—**
বাংলাদেশ স্বাধীন হওয়ার পর যুদ্ধ বিধ্বস্ত দেশ গঠনের কার্যক্রম শুরু হয়। এই পুনর্গঠনের পদক্ষেপ হিসেবে বঙ্গবন্ধুর সরকার ১৯৭২ সাল পর্যন্ত বকেয়া সুদসহ কৃষি জমির খাজনা মওকুফ করে দেন। পরবর্তী সময়ে তিনি "দ্বিতীয় বিপ্লব" ব্যবস্থা প্রবর্তন করেন।

**১৬. অনুচ্ছেদের আলোকে বঙ্গবন্ধুর গৃহীত প্রাথমিক পদক্ষেপটি তাঁর কোন উদ্যোগের আওতাভুক্ত?**
K নতুন সংবিধান প্রণয়ন
L রিলিফ প্রদান ও রেশনিং ব্যবস্থা
M 'দ্বিতীয় বিপ্লব' কর্মসূচি গ্রহণ
N নতুন অর্থনৈতিক পাঁচসালা পরিকল্পনা

**১৭. অনুচ্ছেদে বর্ণিত বঙ্গবন্ধুর গৃহীত পরবর্তী পদক্ষেপটি কী উদ্দেশ্যে গ্রহণ করেন?**
K কৃষিক্ষেত্রে উন্নয়ন
L ভৌত অবকাঠামোর উন্নয়ন সাধন
M প্রযুক্তিক্ষেত্রে উন্নয়ন সাধন
N আর্থ-সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রের উন্নয়ন

**১৮. দেশের সার্বিক অর্জনের জন্য বর্তমান সরকার পরিকল্পিত উন্নয়নের যে উদ্যোগটি নিয়েছে, তা হলো—**
K ভিশন-২০২০ L ভিশন-২০২১
M ভিশন-২০২২ N ভিশন-২০২৩

**১৯. দুর্নীতি প্রতিরোধে কী করা প্রয়োজন?**
i. গণসচেতনতা সৃষ্টি ও সামাজিক আন্দোলন গড়ে তোলা
ii. পারিবারিক মূল্যবোধ জাগ্রতকরণ ও মূল্যবোধের অবক্ষয় রোধ
iii. আইনের শাসন প্রতিষ্ঠা করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২০. 'জাতিসংঘ শিশু অধিকার কনভেনশন' অনুযায়ী কত বছর বয়স পর্যন্ত শিশু বলে বিবেচিত হবে?**
K ১৮ বছরের কম L ১৭ বছরের কম
M ১৬ বছরের কম N ১৫ বছরের কম

**২১. ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান হয়–**
K ১৯৪৭ সালের ১৪ই আগস্ট
L ১৯৪৭ সালের ১৫ই আগস্ট
M ১৯৪৭ সালের ১৬ই আগস্ট
N ১৯৪৭ সালের ১৭ই আগস্ট

**২২. বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবীতে গঠিত হয়—**
K রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ
L রাষ্ট্রভাষা গণপরিষদ
M স্বাধীন বাংলা পরিষদ
N বাংলা ভাষা উন্নয়ন পরিষদ

**২৩. কোন সাল থেকে ২১ শে ফেব্রুয়ারি শহিদ দিবস হিসেবে পালিত হচ্ছে?**
K ১৯৫২ L ১৯৫৩
M ১৯৫৪ N ১৯৫৫

**২৪. ১৯৭১ সালে কে অসহযোগ আন্দোলনের ডাক দেন?**
K বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
L শেরে বাংলা এ. কে. ফজলুল হক
M সৈয়দ নজরুল ইসলাম
N তাজউদ্দীন আহমেদ

**২৫. মুক্তিযুদ্ধের প্রতি বিশ্বজনমত গঠনের জন্য সরকার ও রাজনৈতিক নেতৃত্ব —**
i. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র পরিচালনা করেন
ii. গেরিলা যোদ্ধাদের প্রশিক্ষণের ব্যবস্থা করেন
iii. বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে বক্তব্য রাখেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৬. পরিবার হলো সমাজ কাঠামোর—**
K মৌল সংগঠন L মৌল একক
M মৌল ভিত্তি N মৌল প্রতিষ্ঠান

**২৭. সৌরজগতের সবেচেয় বড় গ্রহ কোনটি?**
K বুধ L বৃহস্পতি
M শুক্র N মঙ্গল

**২৮. সৌরজগতে গ্রহের সংখ্যা কতটি?**
K ৬টি L ৭টি M ৮টি N ৯টি

**২৯. নিরক্ষরেখা থেকে প্রত্যেক মেরুর কৌণিক দূরত্ব—**
K ৬০° L ৭০° M ৮০° N ৯০°

**৩০. ভূ-ত্বক সৃষ্টির মূল কারণ হলো —**
i. পৃথিবীর অবিরাম গতি ii. শিলাবৃষ্টি
iii. উত্তপ্ত পদার্থ শীতল হওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩১. বাংলাদেশের জলবায়ু কেমন?**
K সমভাবাপন্ন L চরমভাবাপন্ন
M নাতিশীতোষ্ণ N শীতল

**৩২. বাংলাদেশের দক্ষিণে কী অবস্থিত?**
K মিজোরাম L বঙ্গোপসাগর
M মেঘালয় N ত্রিপুরা

**৩৩. 'তাজিওডং' কোথায় অবস্থিত?**
K খাগড়াছড়ি L কক্সবাজার
M চট্টগ্রাম N বান্দরবান

**৩৪. জনসংখ্যার দিক দিয়ে বাংলাদেশের অবস্থান কত?**
K সপ্তম L অষ্টম
M নবম N দশম

**৩৫. জনসংখ্যা বৃদ্ধির চরম পর্যায় কোনটি?**
K খাদ্যসংকট L রাস্তাঘাট ধ্বংস
M প্রাকৃতিক দুর্যোগ N ঘরবাড়ি ধ্বংস

**৩৬. ভূমিকম্পের ফলে যেটি হয় —**
i. সুনামি ii. জলোচ্ছ্বাস
iii. প্লাবন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩৭. বাংলাদেশে ঋতু ভিন্নতার কারণ কী?**
K মৌসুমী জলবায়ু L অয়ন বায়ু
M উষ্ণ বায়ু N শীতল বায়ু

**৩৮. বাংলাদেশে মোট কতগুলো নদী আছে?**
K ৪০০ L ৫০০
M ৬০০ N ৭০০

**৩৯. কোন নদীতে বাঁধ দিয়ে বিদ্যুৎ উৎপন্ন করা হয়?**
K পদ্মা L মেঘনা
M নাফ N কর্ণফুলী

**৪০. রাষ্ট্রবিজ্ঞানের জনক কে?**
K এরিস্টটল L জন লক
M ম্যাকাইভার N রুশো

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | M | ৩ | M | ৪ | M | ৫ | K | ৬ | K | ৭ | M | ৮ | M | ৯ | K | ১০ | N | ১১ | L | ১২ | N | ১৩ | K | ১৪ | K | ১৫ | N | ১৬ | N | ১৭ | N | ১৮ | L | ১৯ | N | ২০ | K |
| ২১ | K | ২২ | K | ২৩ | L | ২৪ | K | ২৫ | N | ২৬ | K | ২৭ | L | ২৮ | M | ২৯ | N | ৩০ | L | ৩১ | K | ৩২ | L | ৩৩ | N | ৩৪ | M | ৩৫ | K | ৩৬ | K | ৩৭ | K | ৩৮ | N | ৩৯ | N | ৪০ | K |

# দিনাজপুর বোর্ড-২০১৬

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** একটি দেশের 'ক' নামক প্রদেশের সাথে কেন্দ্রীয় সরকার ব্যাপক বৈষম্যমূলক আচরণ করে। প্রতিবাদে ঐ প্রদেশের একজন জনপ্রিয় নেতা এক সংবাদ সম্মেলনে সরকারব্যবস্থা, প্রতিরক্ষা, পররাষ্ট্র, মুদ্রা, বৈদেশিক মুদ্রার হিস্যা ও আঞ্চলিক নিরাপত্তা বাহিনীসহ বিভিন্ন বিষয় তুলে ধরে স্বায়ত্তশাসনের দাবি পেশ করেন। শুরু হয় আন্দোলন। ফলে উক্ত নেতার বিরুদ্ধে দেশদ্রোহ মামলা দিয়ে বিশেষ ট্রাইব্যুনাল বিচার শুরু করে।

ক. যুক্তফ্রন্ট সরকার কতদিন ক্ষমতায় ছিল? ১
খ. ভাষা আন্দোলন কীভাবে জাতীয়তাবাদের উন্মেষ ঘটায়? ২
গ. উদ্দীপকের আন্দোলনের সাথে তোমার পাঠ্যপুস্তকের যে ঐতিহাসিক ঘটনার মিল রয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘটনা এবং উক্ত ঘটনার পরিণতি কি একই ছিল? মূল্যায়ন করো। ৪

**২.** আবির তার মুক্তিযোদ্ধা বাবার সাথে টিভিতে একটি প্রামাণ্যচিত্র দেখছিল। এটি ছিল এমন এক ব্যক্তিত্বকে নিয়ে যিনি মুক্তিযুদ্ধ পরিচালনা কমিটির আহ্বায়ক ছিলেন। মুজিবনগর সরকার গঠন নিয়ে তার দেয়া বেতার ভাষণের অডিও প্রামাণ্যচিত্রটি দেখানোর সময় আবিরের বাবা বললেন, "বঙ্গবন্ধুর এ বিশ্বস্ত সহচরকেও তার মতোই, '৭১-এর পরাজিত শক্তির নীল নকশার শিকার হতে হয়।"

ক. সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে ন্যায়পাল পদ সৃষ্টির কথা বলা হয়েছে? ১
খ. আমাদের মহান মুক্তিযুদ্ধে জাতিসংঘের ভূমিকা ব্যাখ্যা করো। ২
গ. আবিরের দেখা প্রামাণ্যচিত্রটি যাকে নিয়ে নির্মিত তা ব্যাখ্যা করো। ৩
ঘ. আবিরের বাবার বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো। ৪

**৩.** দশম শ্রেণির ছাত্র সৌমিক বড়দের সাথে যেমন শ্রদ্ধা রেখে কথা বলে, সালাম দেয়, তেমনি ছোটদেরকেও স্নেহ করে। স্কুলে যাবার সময় পাশের বাড়ির তৃতীয় শ্রেণির ছাত্র রাকিবকেও সাথে নিয়ে যায়। রাকিবের বাবা লক্ষ করলেন তার ছেলে সৌমিকের সংস্পর্শে থেকে সত্য কথা বলতে এবং ন্যায়-অন্যায়ের পার্থক্য করতে শিখেছে। সৌমিকের মা অসুস্থ হয়ে পড়লে রাকিব ও তার পরিবার তাকে সার্বিক সহযোগিতা করে।

ক. সমাজের মৌল সংগঠন কোনটি? ১
খ. পরিবারকে একসময় উৎপাদন ব্যবস্থার একক বলা হতো কেন? ২
গ. সৌমিকের মধ্যে সামাজিকীকরণের কোন উপাদানের প্রভাব লক্ষ করা যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, রাকিবের সামাজিকীকরণে প্রতিবেশীর প্রভাবই বেশি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৪.** গত সেপ্টেম্বর মাসে পূর্ণিমার সময় ৩/৪ দিন রুমানাদের শহরের বাসার আশেপাশে ও রাস্তায় জোয়ারের পানিতে ভরে যায়। রুমানা লক্ষ করল প্রথম দিন যে সময় জোয়ারের পানি আসা শুরু করে দ্বিতীয় দিন তার অনেক পর পানি উঠতে শুরু করে। এভাবে তৃতীয় ও চতুর্থ দিনও জোয়ার আসার সময়ের ভিন্নতা দেখা যায়। এ বিষয়ে রুমানা তার ভূগোল শিক্ষককে জিজ্ঞেস করলে তিনি বলেন, "পৃথিবীর আহ্নিক গতি এবং চাঁদের গতির কারণে এরূপ ঘটে।"

ক. অনুসূর কী? ১
খ. কেন্দ্রাতিগ শক্তি বলতে কী বোঝায়? ২
গ. রুমানার দেখা জোয়ার কোন শ্রেণিভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. রুমানার শিক্ষকের বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো। ৪

**৫.** গত ২৭ জুলাই, ২০১৪ মি. ফয়সাল রহমান ব্যবসায়িক কাজে একটি দেশে যান। সেখানে তখন বর্ষাকাল। তবে গড় তাপমাত্রা ৩২° এর উপরে। কিন্তু ঐ দেশের পার্বত্য অঞ্চলে প্রচুর বৃষ্টিপাত হয়। মোট বৃষ্টির ৭৫% ভাগ এ ঋতুতেই হয়। এরপর তিনি নভেম্বরের শেষের দিকে আরেকটি দেশে যান। তখন সেখানে শীতের তীব্রতা বেশি না থাকলেও দেশটির উত্তরাঞ্চলের উঁচু পার্বত্য এলাকায় তুষারপাত হচ্ছিল।

ক. ১৯৭৪ সালে বাংলাদেশে মাথাপিছু জমির পরিমাণ কত একর ছিল? ১
খ. বাংলাদেশের পার্বত্য এলাকায় জনবসতি কম থাকার কারণ ব্যাখ্যা করো। ২
গ. মি. ফয়সাল রহমান প্রথমে যে দেশে গিয়েছিলেন তার বর্ষাকাল ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. ফয়সাল রহমানের ভ্রমণকৃত দ্বিতীয় দেশটির শীতকালের সাথে বাংলাদেশের শীতকালের কোনো মিল খুঁজে পাও কি? মতামত দাও। ৪

**৬.** মিসেস সোফিয়া ও তার চেয়ারম্যান ভাইয়ের কথোপকথন :-

**মিসেস সোফিয়া:** ভাইয়া তোমার পরিষদের সবাইকে ঈদের দাওয়াত দাওনি? মাত্র তো বারোজন এলেন।


**চেয়ারম্যান:** কেন সবাই এসেছেন। সারা দেশেই তো এ ধরনের পরিষদের সদস্য সংখ্যা একই।

**মিসেস সোফিয়া:** তুমি নাকি এলাকায় বিধবা ভাতা, উন্নত বীজ, সার ও বিশুদ্ধ পানির ব্যবস্থা করে ভালোই সুনাম করেছ?

**চেয়ারম্যান:** চেষ্টা তো করছি। তবে গ্রামে চোরের উপদ্রব বেড়ে গেছে।

ক. কেন্দ্রীয় প্রশাসনের সর্ব নিম্নস্তরের কর্মকর্তা কে? ১
খ. জাতীয় সংসদ কীভাবে বিচার বিষয়ক ক্ষমতা প্রয়োগ করে? ২
গ. মিসেস সোফিয়ার ভাই যে স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চেয়ারম্যান তার প্রশাসনিক কাজ ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠানের চেয়ারম্যান হিসেবে তিনি কতটুকু সফল তা মূল্যায়ন করো। ৪


**৭.**




কঃ একটি সরকার ব্যবস্থা খঃ একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান

ক. অবিভক্ত পাকিস্তানে প্রথম জাতীয় পরিষদের নির্বাচন হয় কত সালে? ১
খ. জাতিসংঘের বিতর্কসভা বলতে কী বোঝায়? ২
গ. 'ক' চিহ্নিত ছকটি যে সরকার ব্যবস্থাকে নির্দেশ করছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত সরকার ব্যবস্থায় 'খ' চিহ্নিত প্রতিষ্ঠানটির প্রয়োজনীয়তা অনস্বীকার্য? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৮.**




১নং ব্যক্তির বক্তব্য ২নং ব্যক্তির বক্তব্য

ক. কোনো দেশের মোট আয় কতভাবে ব্যয়িত হয়? ১
খ. মোট জাতীয় আয় বলতে কী বোঝায়? ২
গ. ১নং ব্যক্তির বক্তব্যে বাংলাদেশের অর্থনীতির যে সমন্বিত খাতটি চিহ্নিত হয়েছে তার অবদান ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর ২নং ব্যক্তির বক্তব্যে বাংলাদেশের একটি অন্যতম খাতের প্রকৃতি ফুটে উঠেছে? যৌক্তিক বিশ্লেষণ করো। ৪

**৯.** সীমা ও তার মায়ের কথোপকথন:-

**সীমা:** মা আমি আর গার্মেন্টসে কাজ করবো না। আসতে রাত হয়। পথে দোকানের মোড়ে দাঁড়িয়ে লোকগুলো এমন নোংরা কথা বলে যা মুখে বলা যায় না।

**মা:** না, মা। বলার দরকার নেই। আমরা গরিব মানুষ, লোকজন শুনলে আমাদেরই সম্মান নষ্ট হবে।

ক. STD এর পূর্ণরূপ কী? ১
খ. কীভাবে সমাজে নৈরাজ্য সৃষ্টি হতে পারে? ২
গ. উদ্দীপকে যে সামাজিক সমস্যার চিত্র ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, মায়ের বক্তব্যের মধ্যে উক্ত সমস্যার কারণ নিহিত রয়েছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

# দিনাজপুর বোর্ড-২০১৬

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০  বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা  বিষয় কোড: ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১ । সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. নারী উন্নয়ন নীতি কীসের ফসল?**
K সরকারের সফলতা  L ধর্মীয় গোঁড়ামি
M সামাজিক সচেতনতা
N নারী অধিকার আন্দোলন

**২. জাতিসংঘ শিশু অধিকার আইন প্রণীত হয় কত সালে?**
K ১৯৮৮  L ১৯৮৯
M ১৯৯০  N ১৯৯১

**৩. কৃষি উন্নয়নের একটি বড় নিয়ামক হলো—**
K প্রশিক্ষণদান  L কৃষকের সংখ্যা বৃদ্ধি
M কৃষি জমির পরিমাণ বৃদ্ধি
N পর্যাপ্ত কৃষি ঋণদান

**৪. রাজিবের বাবা একজন শিল্পপতি। পাড়ার খারাপ বন্ধুদের সাথে মিশে রাজিব দিন দিন উচ্ছৃঙ্খল আচরণ করছে। উদ্দীপকে নিচের কোনটি প্রমাণিত হয়?**
K সামাজীকীকরণে বন্ধুদের ভূমিকা রয়েছে
L মানুষ বন্ধুদের দ্বারা প্রভাবিত হয় না
M সকলের সাথে মেলামেশা করা উচিত
N রাজীব ধনীর ছেলে হওয়ায়

**৫. বাংলাদেশের শিপিং কর্পোরেশন কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১৯৭৯  L ১৯৭৭
M ১৯৭৪  N ১৯৭২

**৬. ১৯৭০ সালের নির্বাচনের ফলে –**
K আওয়ামী লীগের উত্থান ঘটে
L দেশ স্বাধীন হয়
M ছাত্রলীগের জন্ম হয়
N বাঙালি জাতীয়তাবোধের উন্মেষ ঘটে

**৭. ন্যায়পাল পদ সৃষ্টির কথা বলা হয়েছে বাংলাদেশের সংবিধানের কত নং অনুচ্ছেদে?**
K ৭০ নং  L ৭৩ নং
M ৭৭ নং  N ৮৭ নং

**৮. বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের ভিত্তি কী ছিল?**
K সামরিক শাসন বিরোধী আন্দোলন
L ভাষা আন্দোলন
M ছয়-দফা আন্দোলন  N ৬৯' এর গণঅভ্যুত্থান

**৯. এইডস কেন হয়?**
K এইচআইভি ভাইরাস আক্রমণ করলে
L সংক্রমিত রোগীর থালাবাসন ব্যবহার করলে
M সংক্রমিত রোগীর পানির সংস্পর্শে
N আক্রান্ত রোগীর সাথে আলিঙ্গন করলে

**১০. কী কারণে বায়ুমণ্ডল বেশি উত্তপ্ত হয়?**
K দিনের পরিমাণ বেশি হলে
L সূর্যরশ্মি তির্যকভাবে পতিত হলে
M জলীয় বাষ্পের পরিমাণ বেশি হলে
N শীতল অঞ্চল থেকে বায়ু প্রবাহিত হলে

**১১. পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগের সাধারণ সম্পাদক কে ছিলেন?**
K শেখ মুজিবুর রহমান  L শামসুল হক
M মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী
N এম. মনসুর আলী

**১২. কাজী নজরুল ইসলামের গানে পাকিস্তানিরা কীসের অভিযোগ তুলেছিল?**
K হিন্দুয়ানির  L হিন্দু সংস্কৃতির
M অপসংস্কৃতির  N পাশ্চাত্য সংস্কৃতির

**১৩. মুজিবনগর সরকার গঠনের কথা প্রচার করেন কে?**
K জেনারেল জিয়াউর রহমান
L শেখ মুজিবুর রহমান
M সৈয়দ নজরুল ইসলাম
N তাজউদ্দীন আহমেদ

**১৪. ঐতিহাসিক ছয়-দফায় কেন্দ্রীয় সরকারের হাতে কোন দুইটি বিষয় থাকার কথা বঙ্গবন্ধু উল্লেখ করেছিলেন?**
K শিল্পায়ন ও অর্থনীতি  L প্রতিরক্ষা ও অর্থনীতি
M প্রতিরক্ষা ও পররাষ্ট্র
N সামরিক শাসন ও বাণিজ্য

**১৫. পৃথিবী সৌরজগতের অন্যান্য গ্রহ থেকে ভিন্ন হবার কারণ হলো—**
i. সৌরজগতে এর অবস্থান সুবিধাজনক স্থানে
ii. জীবনধারণের আদর্শ পরিবেশ
iii. ভৌগোলিক পরিবেশের বৈচিত্র্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L ii ও iii
M i ও iii  N i, ii ও iii


**১৬. সচিবালয়ের পদসোপান অনুযায়ী নিচের কোনটি সঠিক?**
K সচিব→অতিরিক্ত সচিব→যুগ্ম সচিব
L সচিব→উপ-সচিব→অতিরিক্ত সচিব
M সচিব→সহকারি সচিব→যুগ্ম সচিব
N সচিব→যুগ্ম সচিব→অতিরিক্ত সচিব

**১৭. একটি দেশের মোট আয়তনের কত শতাংশ বনভূমি থাকা প্রয়োজন?**
K ১০–১৫ শতাংশ  L ১৫–২০ শতাংশ
M ২০–২৫ শতাংশ  N ২৫–৩০ শতাংশ

**১৮. বাংলাদেশের সপ্তম জাতীয় সংসদ নির্বাচন কত সালের অনুষ্ঠিত হয়?**
K ১৯৯২ সালে  L ১৯৯৬ সালে
M ১৯৯৮ সালে  N ২০০৯ সালে

**১৯. সর্বপ্রথম কত সালে বাংলাদেশে HIV ধরা পড়ে?**
K ১৯৮৭ সালে  L ১৯৮৯ সালে
M ১৯৯১ সালে  N ১৯৯৩ সালে

**নিচের ছকটি লক্ষ কর এবং ২০নং প্রশ্নের উত্তর দাও:—**




**২০. ছকটিতে প্রকাশ পেয়েছে—**
K পরিবারের বৈশিষ্ট্য  L পরিবারের কার্যাবলি
M পরিবারের নীতি  N পরিবারের ধরন

**২১. নিচের কোনটি ইউরেনাসের উপগ্রহ?**
K নেরাইড  L মিরিন্ডা
M হুয়া  N ইউরোপা

**২২. বিরোধীদল কীভাবে সংসদকে কার্যকর করে?**
K সংসদ অধিবেশনে উপস্থিত থেকে
L মিছিল-মিটিং করে
M সংসদে বিতর্ক সৃষ্টি করে
N নিজেদের সমালোচনা করে

**২৩. জাতিসংঘে বাংলাদেশের অবস্থান দৃঢ় হয়েছে যে কারণে —**
i. বিশ্বশান্তি রক্ষায় আর্থিক অনুদান দিয়ে
ii. বিশ্বশান্তি রক্ষায় প্রশিক্ষিত বাহিনী দিয়ে
iii. বিশ্বশান্তি রক্ষায় অস্ত্র বিরতিতে ভূমিকা রেখে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L ii ও iii
M i ও iii  N i, ii ও iii

**২৪. সূর্যের দক্ষিণায়নের শেষ দিনটি কত তারিখ?**
K ২২ ডিসেম্বর  L ২১ জুন
M ২৩ সেপ্টেম্বর  N ২১ মার্চ

**২৫. ভূমিকম্পের ডেঞ্জার ফল্ট লাইনে বাংলাদেশের কোন জেলা অবস্থান করছে?**
K বগুড়া  L কুমিল্লা
M ঢাকা  N সিলেট

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব নুরুল আমীন একজন সমাজসেবী মানুষ। কিন্তু এলাকার চেয়ারম্যান তার অপশাসন দিয়ে এলাকার উন্নয়নকে বাধাগ্রস্ত করছিল। জনাব নুরুল আমীন সর্বস্তরের মানুষকে সঙ্গে নিয়ে চেয়ারম্যানের বিরুদ্ধে রুখে দাঁড়ান এবং পরবর্তী নির্বাচনে জয়লাভ করেন। এতে চেয়ারম্যান তার বিরুদ্ধে নানা ষড়যন্ত্র করতে থাকে।

**২৬. উদ্দীপকের সাথে নিচের কোন ঘটনার সাদৃশ্য পাওয়া যায়?**
K তমদ্দুন মজলিশ গঠন  L আওয়ামী লীগ গঠন
M যুক্তফ্রন্ট গঠন
N গণআজাদী লীগ গঠন

**২৭. উক্ত সংগঠনটি গড়ে ওঠার যথার্থ কারণ—**
i. বাংলায় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠা
ii. মুসলিম লীগের পরাজয় ঘটানো
iii. পাকিস্তানিদের কর্তৃত্ব থেকে এদেশের জনগণকে মুক্ত করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii


**২৮. সামাজিক পরিবর্তনে ইতিবাচক ভূমিকা রাখছে কোনটি?**
K বিজ্ঞান শিক্ষা  L জনসংখ্যা বৃদ্ধি
M বহুবিবাহ  N রাজনৈতিক অস্থিরতা

**২৯. বাণিজ্যিক ব্যাংক বাট্টা ধার্য করে কোন ক্ষেত্রে?**
K চেক ভাঙানোর ক্ষেত্রে
L বিনিময় বিল ভাঙানোর ক্ষেত্রে
M বড় ব্যাংকের টাকা উত্তোলনের ক্ষেত্রে
N যে কোনো টাকা উত্তোলনের ক্ষেত্রে

**৩০. "নারী চোখে বিশ্ব দেখুন"— ঘোষণাটি কততম নারী সম্মেলনে ছিল?**
K ১ম  L ২য়
M ৩য়  N ৪র্থ

**৩১. কোন দেশের ব্যস্ততম সড়কের নাম "বাংলাদেশ সড়ক"?**
K আইভরি কোস্ট  L সিয়েরালিওন
M ইংল্যান্ড  N কিউবা

**৩২.**




উদ্দীপকের খালি অংশটির সাথে সম্পর্কযুক্ত —
i. নির্বাচন কর্মকর্তা  ii. দলীয় এজেন্ট
iii. নিরাপত্তা কর্মী
**নিচের কোনটি সঠিক?**
K i  L i ও ii
M iii  N i ও iii

**৩৩. অনুন্নত দেশের একটি প্রধান বৈশিষ্ট্য হলো—**
K মাথাপিছু আয় কম
L শিল্পের উপর নির্ভরশীলতা
M কৃষির উপর নির্ভরশীলতা
N অন্য দেশের উপর নির্ভরশীলতা

**৩৪. বৈজ্ঞানিক আবিষ্কার কোন ধরনের সম্পদ?**
K ব্যক্তিগত  L আন্তর্জাতিক
M সমষ্টিগত  N রাষ্ট্রীয়

**৩৫. চিহ্নিত মুদ্রা বলতে বোঝায়—**
K বাণিজ্যিক ব্যাংক কর্তৃক প্রচলিত মুদ্রা
L সরকার কর্তৃক প্রচলিত মুদ্রা
M কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক প্রচলিত মুদ্রা
N বিদেশি মুদ্রা

**৩৬. বিশেষ চাহিদাসম্পন্ন শিশু কারা?**
K যাদের মা-বাবা নেই
L যারা পথশিশু
M যারা পরিবারে বাস করে না
N যারা শারীরিক-মানসিক প্রতিবন্ধী

**৩৭. উৎপাদিত দ্রব্যসামগ্রী ও দ্রব্যের আর্থিক মূল্যের সমষ্টিকে বলা হয়—**
K মূলধন  L মোট সুদ
M মুনাফা  N মোট জাতীয় উৎপাদন

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৮ ও ৩৯নং প্রশ্নের উত্তর দাও:**
শিলা ও রাসেল শীতের ছুটিতে বেড়াতে যায়। রাসেল তার মামার সাথে দেশের উত্তর-পূর্বাঞ্চলে আর শিলা তার বাবার সাথে কুমিল্লায়।

**৩৮. রাসেলের দেখা জায়গাটির সাথে মিল রয়েছে—**
K টারশিয়ারি যুগের পাহাড়
L প্লাবন সমভূমি
M প্লাইস্টোসিনকালের মরুভূমি
N মধুপুর ও ভাওয়ালের সোপান ভূমি

**৩৯. শিলার বেড়ানো জায়গাটির মূল বৈশিষ্ট্য হলো —**
i. লালচে মাটি
ii. মাটি নুড়ি ও বালি মিশ্রিত
iii. সবুজ প্রকৃতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

**৪০. দেশের শ্রম শক্তির মোট কত শতাংশ কৃষিখাতে নিয়োজিত?**
K ১৭.৩১  L ২৪.৭৩
M ২৮.৪০  N ৪৩.৬০

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | N | ৪ | K | ৫ | N | ৬ | N | ৭ | M | ৮ | L | ৯ | K | ১০ | K | ১১ | L | ১২ | K | ১৩ | N | ১৪ | M | ১৫ | N | ১৬ | K | ১৭ | M | ১৮ | L | ১৯ | L | ২০ | L |
| ২১ | L | ২২ | M | ২৩ | M | ২৪ | K | ২৫ | N | ২৬ | M | ২৭ | M | ২৮ | K | ২৯ | L | ৩০ | N | ৩১ | K | ৩২ | K | ৩৩ | K | ৩৪ | L | ৩৫ | M | ৩৬ | N | ৩৭ | N | ৩৮ | K | ৩৯ | K | ৪০ | N |

# কুমিল্লা বোর্ড-২০১৬

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** চার বছর বয়সের মণি বারবার তার মায়ের কাছে বাবার খোঁজ নেয়। মা বলে, বাবা জানোয়ারদের সাথে যুদ্ধ করতে গিয়েছে। মণির মা নয় মাস সন্তানকে নিয়ে অনাহারে, অর্ধাহারে দিন কাটালেন। অবশেষে ডিসেম্বর মাসের এক সকালে লাল-সবুজ পতাকা হাতে তার বাবাকে ফিরে পেল মণি।

ক. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন? ১
খ. বঙ্গবন্ধুর 'দ্বিতীয় বিপ্লব' কর্মসূচিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে মণির বাবা যে যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন সে যুদ্ধের প্রেক্ষাপট ব্যাখ্যা করো। ৩
ঘ. "মণির বাবার মতো অন্যরাও উক্ত যুদ্ধের ফলাফলের নিয়ামক হিসেবে কাজ করেছে"— বিশ্লেষণ করো। ৪


**২.** শহরে বসবাসরত মুনা বাবা-মায়ের একমাত্র সন্তান। স্কুল ছুটির পর তার অবসর সময় ব্যয় হয় ভিডিও গেমস খেলে এবং টেলিভিশন দেখে। সে সবসময় খিটখিটে মেজাজে থাকে ও কারো সাথে মেলামেশা করে না। আবার গ্রামে বসবাসকারী মুনার চাচাতো বোন কণা মায়ের সাথে পারিবারিক কাজে অংশ নেয় এবং সর্বদা উৎফুল্ল থাকে।

ক. অন্তগোত্রভিত্তিক বিয়ে কোন সমাজে প্রচলিত? ১
খ. একপত্নী পরিবারকে আদর্শ পরিবার বলা হয় কেন? বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকে মুনার সামাজিকীকরণে কোন উপাদানের প্রভাব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. কণা এবং মুনার সামাজিকীকরণের ভিন্নতার পিছনে কার্যকর কারণগুলো বিশ্লেষণ করো। ৪

**৩.** সাম্প্রতিক সময়ে 'ক' দেশে এক ব্যক্তিকে অতর্কিতভাবে হত্যা করা হয়েছে। একটি বিশেষ গোষ্ঠী এই হত্যার দায়ভার স্বীকার করে তাদের আদর্শের ক্ষেত্রে অমিল হওয়ার কারণে এই হত্যাকাণ্ড ঘটায় বলে ইন্টারনেটে বিবৃতি প্রদান করে।

ক. বাংলাদেশে এইচ.আই.ভি'র সংক্রমণ ধরা পড়ে কত সালে? ১
খ. দুর্নীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনায় কোন সামাজিক সমস্যার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. রাষ্ট্রীয় ও সমাজজীবনে উক্ত সমস্যার প্রভাব বিশ্লেষণ করো। ৪

**৪.**




ক. মেরুরেখা কাকে বলে? ১
খ. আন্তর্জাতিক তারিখ রেখার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২
গ. 'A' চিহ্নিত অবস্থানে উত্তর গোলার্ধে কোন ঋতু বিরাজ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উত্তর গোলার্ধে 'A' ও 'B' চিহ্নিত অবস্থানে ঋতুগত ভিন্নতা দেখা যায়"— বিশ্লেষণ করো। ৪

**৫.** জিহান এবং সিফাত দু'ভাই-বোন টেবিলের দু'পাশে বসে পড়াশোনা করছিল। হঠাৎ টেবিলটি নড়ে উঠলে একে অপরকে টেবিল নাড়ানোর দোষারোপ করতে থাকে। পরক্ষণে তাদের পুরো ছয় তলা বাড়িটি নড়ে উঠলে, তারা আসল ঘটনাটি উপলব্ধি করে দ্রুত সিঁড়ি বেয়ে নিচে নামার চেষ্টা করল।

ক. মায়ানমারের জলবায়ু কোন ধরনের? ১
খ. ক্রান্তীয় মৌসুমি জলবায়ু বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনাটিকে কোন প্রাকৃতিক দুর্যোগের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে জিহান ও সিফাতের নেয়া পদক্ষেপটি যথোপযুক্ত বলে মনে কর কি? তোমার মতামতটি বিশ্লেষণ কর। ৪

**৬.** 'ক' রাষ্ট্রের সরকারপ্রধান জনগণের সরাসরি ভোটে নির্বাচিত। তিনি তার কাজের জন্য জনগণের কাছে জবাবদিহি করতে বাধ্য থাকেন। জনগণের কল্যাণ করাই তার মূল উদ্দেশ্য। তারপর 'ক' রাষ্ট্রে সংখ্যালঘুরা উপেক্ষিত হতে পারে বলে অনেকে সমালোচনা করেন।

ক. অষ্টম জাতীয় সংসদ নির্বাচন কোন সালে অনুষ্ঠিত হয়? ১
খ. নির্বাচনি আচরণবিধি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের 'ক' রাষ্ট্রে কোন ধরনের সরকারব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উক্ত সরকারব্যবস্থা বিশ্বব্যাপী জনপ্রিয় হলেও বেশ কিছু সীমাবদ্ধতা রয়েছে"— মূল্যায়ন করো। ৪

**৭.** বাংলাদেশ সশস্ত্র বাহিনীতে কর্মরত তিন্নির বাবা একটি বিশেষ সংস্থার অধীনে লিবিয়ায় কর্মরত ছিলেন। দেশে ফিরে তিনি তার কাজের অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে বলেন, উক্ত সংস্থা বিভিন্ন ধরনের সৃষ্টিশীল উদ্যোগের পাশাপাশি নারীদের জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে।

ক. বিশ্ব নারী দিবস কোন তারিখে পালন করা হয়? ১
খ. স্থানীয় প্রশাসনের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত সংস্থাটির গঠন ব্যাখ্যা করো। ৩
ঘ. 'বাংলাদেশের উক্ত সংস্থার বহুমুখী কার্যক্রম রয়েছে'— উক্তিটি মূল্যায়ন করো। ৪

**৮.** 'ক' একটি উন্নয়নশীল রাষ্ট্র। এখানে সরকারি উদ্যোগে রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা যেমন রয়েছে তেমনি বেসরকারিভাবেও রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা স্থাপিত হয়েছে। অন্যদিকে 'খ' আরেকটি দেশ যেখানে ব্যক্তিগত উদ্যোগে উৎপাদন কার্যক্রম পরিচালনায় কোনো প্রকার সরকারি হস্তক্ষেপ নেই।

ক. উপযোগ কী? ১
খ. উৎপাদিত সম্পদ কীভাবে বণ্টিত হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'ক' রাষ্ট্রে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'ক' দেশের তুলনায় 'খ' দেশে অধিক শ্রেণিবৈষম্য পরিলক্ষিত হয়"— মূল্যায়ন কর। ৪

**৯.** 'X' ও 'Y' বাংলাদেশের দুটি গুরুত্বপূর্ণ আর্থিক প্রতিষ্ঠান। 'X' প্রতিষ্ঠানটি আর্থিক সংকটে পড়লে অন্যান্য উৎস থেকে ঋণ নেয়ার চেষ্টা করে, তবে ব্যর্থ হলে 'Y' প্রতিষ্ঠানের শরণাপন্ন হয়। 'Y' প্রতিষ্ঠানটি ঋণ প্রদানের মাধ্যমে 'X' প্রতিষ্ঠানটিকে নিয়ন্ত্রণ করে থাকে।

ক. মূল্য সংযোজন কর কী? ১
খ. সরকারি অর্থব্যবস্থা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের 'X' কোন ধরনের আর্থিক প্রতিষ্ঠান? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঋণ প্রদান করাই কী 'Y' প্রতিষ্ঠানের একমাত্র কাজ? মতামত দাও। ৪

# কুমিল্লা বোর্ড-২০১৬

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. ‘পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ’ গঠিত হয় কত সালে?**
K ১৯৪৭ L ১৯৪৮
M ১৯৪৯ N ১৯৫২


**২. মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য গঠিত উপদেষ্টা কমিটির আহ্বায়ক কে ছিলেন?**
K খন্দকার মোশতাক আহমেদ
L সৈয়দ নজরুল ইসলাম
M তাজউদ্দিন আহমদ N এম মনসুর আলী

**৩. ১৯৭০ সালের নির্বাচনের গুরুত্ব হলো —**
i. ৬ দফার প্রতি জনগণের সমর্থনের বিষয়টি স্পষ্ট হয়
ii. বাঙালি জাতীয়তাবাদের রাজনৈতিক বিজয় ঘটে
iii. পশ্চিম পাকিস্তানের কর্তৃত্বের বিরুদ্ধে এদেশের জনগণের অবস্থান সুদৃঢ় হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৪. রহিমপুর ও নাজিরপুর পাশাপাশি দুটি ইউনিয়ন। এদের মধ্যে সীমানা নিয়ে জটিলতা রয়েছে। এই সমস্যা সমাধান করার দায়িত্ব কার?**
K নির্বাচন কমিশনের
L ইলেকটোরাল কমিটির
M রাজনৈতিক দলগুলোর
N নির্বাচিত সংসদ সদস্যদের

**৫. বিবাহোত্তর বসবাসের ভিত্তিতে পরিবার কত প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

**নিচের মানচিত্রটি পর্যবেক্ষণ করে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও:**




**৬. ‘ক’ চিহ্নিত নদীটি কোন স্থানে পদ্মানদীর সাথে মিলিত হয়েছে?**
K চাঁদপুর L দৌলতদিয়া
M দেওয়ানগঞ্জ N ভৈরববাজার

**৭. কোন দুইটি স্থানের মধ্যে নৌ-যোগাযোগের জন্য ‘ক’ চিহ্নিত নদীটি ব্যবহৃত হয়?**
K খুলনা-সাতক্ষীরা L ফরিদপুর-গোপালগঞ্জ
M সিরাজগঞ্জ-নগরবাড়ি N ঢাকা-পটুয়াখালী

**৮. শনির উপগ্রহ কয়টি?**
K ২টি L ৫টি M ১৬টি N ২২টি

**৯. বাংলাদেশের নদীগুলোর প্রবাহ দুর্বল ও নাব্যতা নষ্ট হয়ে যাওয়ার কারণ —**
i. নদীতে শিল্পের বর্জ্য ফেলায়
ii. জলযান এর পরিমাণ বেড়ে যাওয়ায়
iii. নদী দখল করায়
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M i ও iii N ii ও iii


**১০. কর রাজস্ব কোনটি?**
K ডাক বিভাগ L রেজিস্ট্রেশন
M টোল ও লেভী N ভাড়া ও ইজারা

**১১. “স্বয়ংসম্পূর্ণ জীবনের জন্য কতিপয় পরিবার ও গ্রামের সমন্বয়ে গঠিত সংগঠনই রাষ্ট্র”—উক্তিটি কার?**
K গার্নার L গেটেল
M ম্যাকাইভার N এরিস্টটল

**১২. ভূমির স্বাভাবিক গতিবিধি কী কারণে বদলে যাচ্ছে?**
K খাল-বিল ভরাট
L অধিক বৃষ্টিপাত
M অতিরিক্ত খরা N বৈরী আবহাওয়া

**১৩. সূর্য থেকে পৃথিবীর দূরত্ব সর্বদা সমান না থাকার কারণ কোনটি?**
K সূর্যরশ্মি অধিক স্থানব্যাপী পড়ে বলে
L সূর্য পৃথিবীর সর্বত্র লম্বভাবে কিরণ দেয় বলে
M সূর্যরশ্মি অধিক বায়ুস্তর ভেদ করে বলে
N পৃথিবীর কক্ষপথ উপবৃত্তাকার বলে


**১৪.**




**“?” চিহ্নের সাথে সম্পৃক্ত পরিবার নিচের কোনটি?**
K আকারের ভিত্তিতে
L স্বামী-স্ত্রীর সংখ্যার ভিত্তিতে
M পাত্র-পাত্রী নির্বাচনের ভিত্তিতে
N বিবাহোত্তর বসবাসের ভিত্তিতে

**১৫. কোন কাজটি দ্বারা বোঝা যায় জাতীয় সংসদ শাসন বিভাগকে নিয়ন্ত্রণ করে?**
K বাজেট পাস L নিন্দা প্রস্তাব
M রাষ্ট্রপতি নিয়োগ N প্রধানমন্ত্রী নিয়োগ

**নিচের চিত্রটি থেকে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও:—**




**১৬. কতদিনে একবার 'A' চিহ্নিত গ্রহটি সূর্যের চারপাশে ঘুরে?**
K ৭২ L ৮৮ M ৯২ N ১০২

**১৭. 'B' চিহ্নিত গ্রহটি পরিক্রমণের ফলে—**
i. বিভিন্ন ঋতুর আবির্ভাব ঘটে
ii. একদিনে দুইবার সূর্য ওঠে
iii. দিন-রাত্রির হ্রাস-বৃদ্ধি ঘটে
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M i ও iii N ii ও iii

**১৮. সপ্তম জাতীয় সংসদ নির্বাচন হয় কত তারিখে?**
K ১৯৯৬ সালের ১২ জুন
L ১৯৯৩ সালের ১৫ ফেব্রুয়ারি
M ১৯৯১ সালের ৬ আগস্ট
N ১৯৯১ সালের ২৭ ফেব্রুয়ারি

**১৯. আত্মনিয়োজিত পেশা কোনটি?**
K প্রশাসনে চাকরি L পোশাক শিল্পে চাকরি
M ঔষুধ কোম্পানিতে চাকরি
N হাঁস-মুরগি লালন-পালন

**২০. সামাজিক পরিবর্তনের বিশেষ উপাদান কোনটি?**
K সংস্কৃতি L যোগাযোগ
M প্রযুক্তি N শিক্ষা

**২১. বর্ষাকালে বাংলাদেশে মোট বৃষ্টিপাতের পরিমাণ কত?**
K তিনভাগের দুইভাগ L চারভাগের একভাগ
M পাঁচভাগের চারভাগ N ছয়ভাগের দুইভাগ

**২২. নিচের কোনটির সাথে রাষ্ট্রের নিবিড় সম্পর্ক রয়েছে?**
K সরকারের L জনগণের
M আইন বিভাগের N শাসন বিভাগের

| লুসাই পাহাড় | আরাকান পাহাড় | নাগা-মণিপুর | সিকিম |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

ছকঃ বিভিন্ন নদীর উৎপত্তিস্থল

**২৩. উপরের ছকে বিভিন্ন নদীর উৎপত্তিস্থলের মধ্যে কোনটির সাথে মেঘনা নদী সম্পৃক্ত?**
K ১ L ২
M ৩ N ৪

**২৪. ক্রান্তীয় চিরহরিৎ বনভূমির বৃক্ষ কোনটি?**
K তেলসুর
L হরিতকি M কেওড়া
N গেওয়া

**২৫. নারীদের অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে কাজ করছে কোন অঙ্গ সংস্থা?**
K UNDP L UNICEF
M UNHCR N UNIFEM

**নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব হাসান ‘ক’ রাষ্ট্রের একজন বিশিষ্ট ব্যবসায়ী। তিনি তার ব্যক্তিগত উদ্যোগে একটি পোশাকশিল্প কারখানা স্থাপন করেন। তিনি জানেন যে, তার দেশে উৎপাদনের ক্ষেত্রে সরকারের কোনো বিধি-নিষেধ নেই।

**২৬. উদ্দীপকে কোন অর্থনৈতিক ব্যবস্থাকে নির্দেশ করা হয়েছে?**
K ধনতান্ত্রিক L সমাজতান্ত্রিক
M মিশ্র N ইসলামি

**২৭. উল্লিখিত অর্থনৈতিক ব্যবস্থার সাথে মিশ্র অর্থনৈতিক ব্যবস্থার কী মিল রয়েছে?**
K কেন্দ্রীয় পরিকল্পনা L মুনাফা অর্জন
M রাষ্ট্রীয় মালিকানায় উৎপাদন
N ভোক্তার স্বাধীনতার অভাব

**২৮. ‘বিতর্ক সভা’ এর অপর নাম কী?**
K জাতিসংঘ সচিবালয় L অছি পরিষদ
M নিরাপত্তা পরিষদ N সাধারণ পরিষদ

**২৯. গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় কেন বিরোধী দলের প্রয়োজন রয়েছে?**
i. সংসদকে কার্যকর করার জন্য
ii. সুনির্দিষ্ট কর্মসূচি গ্রহণের জন্য
iii. বিকল্প কর্মসূচি তুলে ধরার জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M i ও iii N ii ও iii

**৩০. উৎপাদন কাজে নিয়োজিত অর্থকে কী বলে?**
K মূলধন L বিনিয়োগ
M সঞ্চয় N মুনাফা

**৩১. জেলা পরিষদের সদস্য সংখ্যা কত?**
K ৫ জন L ৯ জন
M ১৩ জন N ২১ জন

**৩২. আইনসভা কীসের উপর লক্ষ রেখে আইন সংশোধন করে থাকে?**
K বিচারকের L জনগণের
M প্রশাসনের N উন্নয়নের

**৩৩. নাবিল ও তার বন্ধুরা মিলে মধুপুরে পিকনিকে যায়। সেখানে তারা অনেক বৃক্ষ দেখতে পায়। উক্ত বৃক্ষ কোন ধরনের সম্পদ?**
K ব্যক্তিগত L জাতীয়
M আন্তর্জাতিক N সমষ্টিগত

**৩৪. মোট জাতীয় আয় নির্ণয়ে হিসাবে ধরা হয় —**
i. দেশের ভিতরে অবস্থানরত বিদেশির আয়
ii. বিদেশে অবস্থানরত বাংলাদেশিদের আয়
iii. দেশের ভিতরে অবস্থানরত বাংলাদেশিদের আয়
**নিচের কোনটি সঠিক?**
K ii L i ও ii
M i ও iii N ii ও iii

**৩৫. ২০১০-১১ অর্থ বছরে শিল্পখাতের অবদান কত শতাংশ ছিল?**
K ১৪.৮১ L ১৭.৩১
M ১৯.৯৫ N ৩০.৩৩

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৬ ও ৩৭নং প্রশ্নের উত্তর দাও:—**
রফিক সাহেব একটি সরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। প্রতিমাসে তিনি 'X' ব্যাংকের মাধ্যমে তার বেতন উঠান।

**৩৬. উদ্দীপকের 'X' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
K কেন্দ্রীয় L বাণিজ্যিক
M শিল্প N কৃষি

**৩৭. উক্ত ব্যাংকের বৈশিষ্ট্য হলো —**
i. আমানত গ্রহণ
ii. ঋণ নিয়ন্ত্রণ iii. ঋণ প্রদান
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M i ও iii N ii ও iii

**৩৮. স্বামী-স্ত্রীর সংখ্যার ভিত্তিতে পরিবার কত প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

**৩৯. রাষ্ট্রের সমস্যা সমাধানের লক্ষ্যে কর্মসূচি ও নীতিমালা প্রণয়ন করে কে?**
K প্রধানমন্ত্রী L রাষ্ট্রপতি
M রাজনৈতিক দল N সংসদ সদস্য

**৪০. নারী ও শিশুর প্রতি নির্যাতনের জন্য সর্বনিম্ন শাস্তি কত বছর?**
K ২ L ৩
M ৪ N ৫

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | M | ২ | M | ৩ | N | ৪ | K | ৫ | L | ৬ | K | ৭ | N | ৮ | N | ৯ | M | ১০ | L | ১১ | N | ১২ | K | ১৩ | N | ১৪ | M | ১৫ | L | ১৬ | L | ১৭ | M | ১৮ | K | ১৯ | N | ২০ | N |
| | ২১ | M | ২২ | K | ২৩ | M | ২৪ | K | ২৫ | N | ২৬ | K | ২৭ | L | ২৮ | N | ২৯ | M | ৩০ | K | ৩১ | N | ৩২ | L | ৩৩ | N | ৩৪ | N | ৩৫ | N | ৩৬ | L | ৩৭ | M | ৩৮ | L | ৩৯ | M | 40 | K |

# চট্টগ্রাম বোর্ড-২০১৬

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট | মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.

A → ১৯৫২ → ১৯৬৬ → ১৯৬৮ → ১৯৭১

ছকঃ A-এর সালগুলোর সংঘটিত ঘটনায় একটি শ্রেণির অবদান

B → ১৯৫৪ → ১৯৫৬ → ১৯৫৮ → ১৯৬৯

ছকঃ B এর সালগুলোর সংঘটিত ঘটনায় নেতৃত্বের বহিঃপ্রকাশ

ক. বাংলাদেশের মুক্তিযুদ্ধের মূল নিয়ামক শক্তি কারা? ১
খ. মুক্তিযুদ্ধকে গণযুদ্ধ বলা হয় কেন? ২
গ. ছকঃ A-তে কোন শ্রেণির অবদানের উল্লেখ রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ছক: B এর ঘটনায় যার নেতৃত্বের বহিঃপ্রকাশ ঘটেছে বাংলাদেশের স্বাধীনতা অর্জনে তার ভূমিকা মূল্যায়ন করো। ৪

২. আরমান গ্রামের শিক্ষিত বেকার যুবক। চাকরি না পেয়ে আত্ম-কর্মসংস্থানমূলক কিছু করার পরিকল্পনা থেকেই শেষ সম্বল পৈতৃক জমিটি স্থানীয় একটি বিশেষ আর্থিক প্রতিষ্ঠানে বন্ধক দিয়ে দীর্ঘমেয়াদি ঋণ নেয়। বাড়ির পাশের মজা পুকুরটি পরিষ্কার করে সেখানে ঋণের টাকা দিয়ে মৎস্য চাষ শুরু করে অল্প সময়েই আর্থিকভাবে সে বেশ সচ্ছল হয়ে ওঠে।

ক. বাংলাদেশ সরকারের আয়ের গুরুত্বপূর্ণ উৎস কোনটি? ১
খ. নিকাশ ঘর কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আরমান কোন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. আরমানের মতো বেকার যুবকদের জনসম্পদে পরিণত করার ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের অবদান বিশ্লেষণ করো। ৪

৩. সুমনের নানা শামসুদ্দিন সাহেব দেশের গল্প শোনাতে গিয়ে সুমনকে একটি আন্দোলনের কথা বললেন যা ৪০-এর দশকে শুরু হয়ে ৫০-এর দশকে শেষ হয়। তিনি পূর্বাপর সকল ঘটনা বর্ণনা করে বললেন, "এতে অনেকে শহিদ হলেও এটি আমাদের স্বাধীনতা সংগ্রামের ভিত রচনা করে"।

ক. কাকে ঐতিহাসিক আগরতলা মামলার এক নম্বর আসামি করা হয়? ১
খ. ৬-দফাকে পূর্ব বাংলার 'মুক্তির সনদ' বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে সুমনের নানা সুমনকে যে আন্দোলনের কথা শুনালেন তার প্রেক্ষাপট বর্ণনা করো। ৩
ঘ. উক্ত আন্দোলন বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ভিত রচনা করে— তুমি কি এ উক্তিটির সাথে একমত? বিশ্লেষণ করো। ৪

৪.

| | |
|---|---|
| A | জাতির মুখপাত্র, প্রধান নির্বাহী কর্মকর্তা |
| B | পদমর্যাদায় সবার উপরে, নিয়মতান্ত্রিক প্রধান |

ছক : নির্বাহী বিভাগের দুজনের ক্ষমতার পার্থক্য

ক. অধিকাংশ মুসলিম রাষ্ট্রের আইনসভা কী নামে পরিচিত? ১
খ. কেন্দ্রীয় প্রশাসন কী? ব্যাখ্যা করো। ২
গ. ছকে উল্লিখিত 'B' ব্যক্তির দণ্ড মার্জনা করার ক্ষমতা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের 'A' ব্যক্তি প্রধান নির্বাহী কর্মকর্তা হলেও প্রজাতন্ত্রের সকল কাজ 'B' ব্যক্তির নামেই পরিচালিত হয়।— উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৫. দৃশ্য-১ : অনি তার বাবার সাথে পার্শ্ববর্তী একটি দেশে বেড়াতে গিয়ে লক্ষ করল মে মাস থেকে বর্ষাকাল শুরু এবং এখানকার পাহাড়ি অঞ্চলে বৃষ্টিপাত অনেক কম।

দৃশ্য-২ : বর্তমানে অনি নিজ দেশে ফিরে লক্ষ করল তার দেশের জুন মাসে বৃষ্টি শুরু হয়ে জুলাই মাসে বেশি বৃষ্টি হচ্ছে। ফলে অসময়ে বন্যার কারণে এদেশের মানুষ বিপদগ্রস্ত অবস্থায় দিন পার করছে।


ক. বাংলাদেশের শীতলতম মাস কোনটি? ১
খ. আশ্বিনা ঝড় বলতে কী বোঝায়? ২
গ. দৃশ-১ এ কোন দেশের বর্ষাকালের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্য-২ এ যে পরিবর্তনটি লক্ষ করা যাচ্ছে তা বাংলাদেশের মানুষের জীবন জীবিকার ওপর কীরূপ প্রভাব ফেলেছে? বিশ্লেষণ করো। ৪

৬. রিয়ানা ও রাব্বির কথোপকথন—

রাব্বি : এই দুপুর বেলা ঘরে বসে কী করছিস?
রিয়ানা : আগামী সপ্তাহ থেকে টেস্ট পরীক্ষা। ইন্টারনেট থেকে ডাউনলোড করে বই নামিয়ে পড়ছি।
রাব্বি : তাহলে তো তোর এবার পরীক্ষার রেজাল্ট অনেক ভালো হবে।
রিয়ানা : ইন্টারনেট সুবিধার জন্য শুধু আমার পাঠ্যবইয়ের উপকারই পাচ্ছি না। বিভিন্ন দেশের শিক্ষাব্যবস্থা ও আধুনিক জ্ঞান-বিজ্ঞান সম্পর্কেও জানতে পারছি।

ক. সামাজিক পরিবর্তন কী? ১
খ. 'নগরায়ণ হলো শিল্পায়নের ফল'— উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. রিয়ানার ব্যবহৃত বিষয়টির সাথে সামাজিক পরিবর্তনের যে উপাদানটির সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উক্ত উপাদানটি আমাদের দেশের শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে অনেক বেশি সহায়ক।" উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৭.




চিত্র : চিত্রে জাতিসংঘের একটি প্রধান অঙ্গ এবং একটি অঙ্গ সংস্থার উল্লেখ রয়েছে

ক. প্রথম বিশ্ব নারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়? ১
খ. "মানবাধিকার ছাড়া কোনো মানুষ পূর্ণাঙ্গ হতে পারে না"— উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. 'ক' চিহ্নিত চিত্রে জাতিসংঘের কোন অঙ্গটির উল্লেখ রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে 'খ' চিহ্নিত অঙ্গ সংস্থাটির যথেষ্ট ভূমিকা রয়েছে"— উক্তিটির সাথে তুমি কি একমত? বিশ্লেষণ করো। ৪

৮. মাহি উচ্চ শিক্ষা গ্রহণের জন্য 'ক' দেশে গিয়ে দেখে সে দেশের মোট জাতীয় আয় ২৩০৯.৩ বিলিয়ন ডলার। তাদের জনসংখ্যা ৬৪ মিলিয়ন। তার বন্ধু ফারহান 'খ' দেশে পড়তে গিয়েছে। সে দেশের মোট জাতীয় আয় ১৮৮.৪ বিলিয়ন ডলার। তাদের জনসংখ্যা ১৫৮ মিলিয়ন।

ক. বাণিজ্যের কয়টি দিক রয়েছে?
খ. বেকারত্ব হ্রাস বলতে কী বোঝায়?
গ. 'ক' দেশটি কোন ধরনের আয়ের দেশের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো।
ঘ. 'খ' দেশকে 'ক' দেশের মতো আয়ের দেশ হতে হলে শিক্ষা প্রসারের বিকল্প নেই"। উক্তিটি বিশ্লেষণ করো।

৯. ইমনের বয়স তের বছর। সে ঢাকার একটি ফ্ল্যাট বাড়িতে কাজ করে। ইমনের মতো এমন অনেক শিশু আছে যারা জীবনের ঝুঁকি নিয়ে টেম্পু ও গাড়ির গ্যারেজে কাজ করছে। বাবা-মাকে প্রলোভন দেখিয়ে এই সমস্ত শিশুকে কাজে আনা হয়।

ক. এসিড নিয়ন্ত্রণ আইন কখন পাস করা হয়? ১
খ. সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২
গ. ইমনের কাজ করার প্রধান কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিশুদের কাজ প্রতিরোধে শুধুমাত্র শর্তাবলি আরোপ করাই কি যথেষ্ট? বিশ্লেষণ করো। ৪

# চট্টগ্রাম বোর্ড-২০১৬

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. ১৯৪৮ সালের কত তারিখে পাকিস্তানের গভর্নর জেনারেল মোহাম্মদ আলী জিন্নাহ রেসকোর্স ময়দানে ঘোষণা দেন যে, উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা?**
K ২০ মার্চ L ২১ মার্চ
M ২২ মার্চ N ২৩ মার্চ

**২. ৬ দফার উদ্দেশ্য কী ছিল?**
K জনগণের অধিকার রক্ষা
L বাংলাকে শিক্ষার মাধ্যম হিসাবে স্বীকৃতি দান
M ২১ ফেব্রুয়ারিকে 'শহিদ দিবস' হিসেবে ঘোষণা করা
N শাসন বিভাগ হতে বিচার বিভাগকে পৃথক করা

**৩. ভারত-পাকিস্তান যুদ্ধ কত দিন অব্যাহত ছিল?**
K ২০ L ১৯ M ১৮ N ১৭

**৪. কত তারিখে মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে?**
K ১৯৭১ সালের ১৫ এপ্রিল
L ১৯৭১ সালের ১৬ এপ্রিল
M ১৯৭১ সালের ১৭ এপ্রিল
N ১৯৭১ সালের ১৮ এপ্রিল

**৫. ১৯৭২ সালের সংবিধান—**
K বাংলাদেশকে এককেন্দ্রিক রাষ্ট্র হিসেবে ঘোষণা করে
L অলিখিত ও সুপরিবর্তনীয়
M সরকারের সার্বভৌমত্ব প্রতিষ্ঠা করা
N ২০ বার সংশোধিত হয়েছে

**৬. 'শনি' সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ যেটি —**
i. সূর্য থেকে ১৪৩ কোটি কিলোমিটার দূরে অবস্থিত
ii. পৃথিবী থেকে বড়
iii. উজ্জ্বল নক্ষত্র নামে পরিচিত
**নিচের কোনটি সঠিক?**
K i, ii ও iii L ii ও iii
M i ও ii N i ও iii

**৭. ১° দ্রাঘিমান্তরে কত মিনিট সময়ের ব্যবধান হয়?**
K ৩ L ৪ M ৫ N ৬

**৮. বাংলাদেশকে কেন ভূমিকম্পপ্রবণ অঞ্চল বলা হয়?**
K বাংলাদেশ ইন্ডিয়ান ও ইউরোপিয়ান প্লেটের সীমানার কাছে অবস্থিত
L এই এলাকায় নবীন পর্বতমালা অবস্থিত
M শিলা ধসে পড়ার কারণে
N প্লেটসমূহের সংঘর্ষের ফলে ভূ-ত্বকে ফাটলের সৃষ্টি হয়

**৯. নেপালের বার্ষিক গড় বৃষ্টিপাত কত সে.মি.?**
K ১৫১ সে.মি. L ১৪৯ সে.মি.
M ১৪৭ সে.মি. N ১৪৫ সে.মি.

**১০. পানি ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় উদ্যোগগুলি হলো—**
i. পানির সদ্ব্যবহার নিশ্চিত করা
ii. নদীভাঙন রোধ করা
iii. পরিমিত সার ও কীটনাশক ব্যবহার করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i, ii ও iii N i ও iii

**১১. বাংলাদেশে মোট আয়তনের কত শতাংশ বনভূমি?**
K ১০% L ১১% M ১২% N ১৩%

**১২. রাষ্ট্রের ঐচ্ছিক কার্যাবলি হলো —**
i. রাষ্ট্রের জনগণকে শিক্ষিত করে তোলা
ii. নাগরিকদের সুস্বাস্থ্য রক্ষা
iii. জাতীয় নিরাপত্তা রক্ষা
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L i ও ii
M i, ii ও iii N ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও:—**
একটি বিশেষ শাসন ব্যবস্থায় জনগণই ভোটের মাধ্যমে জনপ্রতিনিধি নির্বাচিত করে। নির্বাচিত জনপ্রতিনিধিগণ প্রয়োজনে সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। তাদের গৃহীত সিদ্ধান্ত কখনও নতুন আইন হিসেবে চালু হতে পারে।

**১৩. উদ্দীপকটি কোন শাসন ব্যবস্থার ইঙ্গিত দেয়?**
K একনায়কতন্ত্র L গণতন্ত্র
M সমাজতন্ত্র N অভিজাততন্ত্র

**১৪. উদ্দীপকে বর্ণিত আইনের উৎস কোনটি?**
K প্রথা L ধর্ম
M আইনসভা
N বিজ্ঞানসম্মত আলোচনা

**১৫. বাংলাদেশের আইনসভা —**
i. জাতীয় সংসদ নামে পরিচিত
ii. দ্বি-কক্ষবিশিষ্ট
iii. প্রচলিত আইন সংশোধন করে
**নিচের কোনটি সঠিক?**
K i, ii ও iii L i ও ii
M ii ও iii N i ও iii

**১৬. মন্ত্রণালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা কে?**
K সচিব L মন্ত্রী
M সহকারী সচিব N উপমন্ত্রী

**১৭. বিচার বিভাগের কার্যাবলি কোনটি?**
K শাসন বিভাগকে নিয়ন্ত্রণ করা
L আইন প্রণয়ন করা
M মৌলিক অধিকার সংরক্ষণ করা
N সংবিধান সংশোধন করা

**১৮. রাষ্ট্রে জরুরি অবস্থা কে জারি করতে পারেন?**
K প্রধানমন্ত্রী L স্পিকার
M ডেপুটি স্পিকার N প্রেসিডেন্ট

**১৯. নির্বাচন কমিশন —**
i. প্রধান নির্বাচন কমিশনার ও কয়েকজন নির্বাচন কমিশনার নিয়ে গঠিত
ii. নিরপেক্ষ প্রতিষ্ঠান হিসেবে সকল নির্বাচন পরিচালনা করে
iii. ৫ বছর মেয়াদি একটি প্রতিষ্ঠান
**নিচের কোনটি সঠিক?**
K i, ii ও iii L i ও ii
M ii ও iii N i ও iii

**২০. গণতন্ত্র প্রধানত কয়টি পদ্ধতিতে কার্যকর?**
K ১ L ২ M ৩ N ৫

**২১. নির্বাচনি অপরাধের দণ্ড কীরূপ?**
K সর্বোচ্চ ১০ বছর ও সর্বনিম্ন ২ বছর সশ্রম কারাদণ্ড
L শুধুমাত্র জরিমানা
M জরিমানাসহ সর্বোচ্চ ১০ বছর ও সর্বনিম্ন ২ বছর সশ্রম কারাদণ্ড
N সর্বোচ্চ ১০ বছর ও সর্বনিম্ন ১ বছর কারাদণ্ড

**২২. ইউনিয়ন পরিষদের কাজ কোনটি?**
K জনশৃঙ্খলা রক্ষা
L সাধারণ পাঠাগারের ব্যবস্থাকরণ
M জেলার উন্নয়নমূলক কার্যক্রম পর্যালোচনা
N জননিরাপত্তামূলক কার্যক্রম

**২৩. UNICEF কী উদ্দেশ্যে বাংলাদেশে কাজ করছে?**
K শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতির উন্নয়নের লক্ষ্যে
L সুবিধা বঞ্চিত শিশু ও মেয়ে শিশুদের মৌলিক অধিকার আদায়ের লক্ষ্যে
M বিশাল জনগোষ্ঠীর খাদ্য নিশ্চিতকরণের জন্য
N বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য

**২৪. বিশ্বশান্তি রক্ষাকারী প্রতিষ্ঠান কোনটি?**
K WHO L FAO
M EU N UNO

**২৫. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য রাষ্ট্রগুলি কী কী?**
K মার্কিন যুক্তরাষ্ট্র, গ্রেট ব্রিটেন, ফ্রান্স, রাশিয়া ও চীন
L মার্কিন যুক্তরাষ্ট্র, ভারত, জার্মানি, ফ্রান্স ও চীন
M মার্কিন যুক্তরাষ্ট্র, গ্রেট ব্রিটেন, জার্মানি, ফ্রান্স ও চীন
N মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া, জার্মানি, চীন ও জাপান

**২৬. বর্তমান বিশ্বে কত প্রকার অর্থনৈতিক ব্যবস্থা কার্যকর আছে?**
K সাত প্রকার L ছয় প্রকার
M পাঁচ প্রকার N চার প্রকার

**২৭. ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্য কোনটি?**
K উৎপাদনের উপকরণসমূহ রাষ্ট্রীয় মালিকানাধীন
L উৎপাদনের উপকরণসমূহ ব্যক্তিমালিকানাধীন
M উৎপাদকের উৎপাদন বিষয়ক সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা নেই
N প্রতিটি নাগরিকের মৌলিক চাহিদা পূরণের লক্ষ্যে সকল অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালিত হয়

**২৮. আদমশুমারী রিপোর্ট, ২০১১ অনুযায়ী বাংলাদেশে কত শতাংশ জনগণ নিরক্ষর?**
K ৪১% L ৪২% M ৪৩% N ৪৪%

**২৯. বাংলাদেশ সরকারের কর রাজস্ব আয়ের উৎস কোনটি?**
K বাণিজ্য শুল্ক L সুদ
M রেলওয়ে N বন

**৩০. নিম্নের কোন কাজটি গ্রামীণ ব্যাংকের?**
K কৃষকদের ঋণ প্রদান
L হাঁস মুরগি ও পশুপালন ঋণ
M বিনা জামানতে ব্যাংকিং সুবিধা প্রদান
N ফুলের চাষের জন্য ঋণ প্রদান

**৩১. কোন মাপকাঠির ভিত্তিতে পরিবারকে পিতৃতান্ত্রিক অথবা মাতৃতান্ত্রিক ভাগে ভাগ করা যায়?**
K আকারের ভিত্তিতে পরিবার
L কর্তৃত্বের ভিত্তিতে পরিবার
M পাত্র-পাত্রী নির্বাচনের ভিত্তিতে পরিবার
N বংশ মর্যাদা ও সম্পত্তির উত্তরাধিকারের ভিত্তিতে পরিবার

**৩২. মানুষের দলবদ্ধ জীবনযাপনের বিশ্বজনীন প্রতিষ্ঠান কী?**
K রাষ্ট্র L সমাজ
M সরকার N পরিবার

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৩ ও ৩৪নং প্রশ্নের উত্তর দাও:**
ক একটি আন্তর্জাতিক সংস্থা যার কিছু অঙ্গ সংস্থা আছে। খ তেমনই একটি অঙ্গ সংস্থা। খ এর কার্যালয় নেদারল্যান্ডের 'হেগ' শহরে অবস্থিত।

**৩৩. অঙ্গ সংস্থা 'খ' এর প্রকৃত নাম কী?**
K নিরাপত্তা পরিষদ
L আন্তর্জাতিক বিচারালয়
M সাধারণ পরিষদ
N অছি পরিষদ

**৩৪. 'খ' একটি অঙ্গ সংস্থা —**
i. যার কাজ হচ্ছে আন্তর্জাতিক বিবাদ মীমাংসা করা
ii. যাকে জাতিসংঘের প্রশাসনিক বিভাগ বলা হয়
iii. যা জাতিসংঘের একটি অঙ্গ সংস্থা
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L i, ii ও iii
M ii ও iii N i ও ii

**৩৫. জাতিসংঘের শিশু অধিকার কনভেনশন অনুযায়ী কত বছরের কম বয়সী সকলেই শিশু বলে বিবেচিত হবে?**
K ১৫ বছর L ১৬ বছর
M ১৭ বছর N ১৮ বছর

**৩৬. ১৯৭০ সালের জাতীয় ও প্রাদেশিক পরিষদ নির্বাচনে—**
i. আওয়ামী লীগ নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করে
ii. বাঙালি জাতীয়তাবাদের রাজনৈতিক বিজয় ঘটে
iii. জনগণ ৬ দফা ও ১১ দফার প্রতি অকুণ্ঠ সমর্থন প্রদান করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i, ii ও iii N i ও iii

**৩৭. রাষ্ট্রপতি ও মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন?**
K সৈয়দ নজরুল ইসলাম
L বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
M তাজউদ্দিন আহমেদ N এম মনসুর আলী

**৩৮. সরকার —**
i. রাষ্ট্রের অপরিহার্য তৃতীয় উপাদান
ii. সকল রাষ্ট্রে একই প্রকৃতির হয়
iii. রাষ্ট্রের মস্তিষ্কস্বরূপ
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L i ও ii
M ii ও iii N i, ii ও iii

**৩৯. সমাজ পরিবর্তনের প্রাকৃতিক উপাদান কোনটি?**
K মোটরগাড়ি L বেতার
M টেলিভিশন N নদী ভাঙন

**৪০. বাংলাদেশ সরকারের প্রধান কে?**
K রাষ্ট্রপতি L স্পিকার
M প্রধানমন্ত্রী N ডেপুটি স্পিকার

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ L | ২ K | ৩ N | ৪ M | ৫ K | ৬ M | ৭ L | ৮ K | ৯ N | ১০ M | ১১ N | ১২ L | ১৩ L | ১৪ M | ১৫ N | ১৬ K | ১৭ M | ১৮ N | ১৯ K | ২০ L |
| ২১ K | ২২ K | ২৩ L | ২৪ N | ২৫ K | ২৬ N | ২৭ L | ২৮ M | ২৯ K | ৩০ M | ৩১ L | ৩২ N | ৩৩ L | ৩৪ K | ৩৫ N | ৩৬ M | ৩৭ L | ৩৮ K | ৩৯ N | ৪০ M |

# সিলেট বোর্ড-২০১৬
## বাংলাদেশ ও বিশ্বপরিচয়
বিষয় কোড : | ১ | ৫ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.**

| তারিখ | সংবিধানের সংশোধনীসমূহ |
|---|---|
| ৬ এপ্রিল ১৯৭৯ | পঞ্চম |
| ৬ আগস্ট ১৯৯১ | দ্বাদশ |
| ২৭ মার্চ ১৯৯৬ | ত্রয়োদশ |


ক. যুক্তফ্রন্ট সরকার কতদিন ক্ষমতায় ছিল? ১
খ. মুক্তিযুদ্ধে নারীর ভূমিকা বর্ণনা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সর্বশেষ সংশোধনীটি ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশে গণতন্ত্র চর্চায় উপরোক্ত কোন সংশোধনীটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

**২.**

| স্থান | অক্ষাংশ | দ্রাঘিমা | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ক | ২০°৩৪′ উঃ | ৯২°৪৫′ | ২৫ জুন | অপরাহ্ণ ১টা ৩০মি. |
| খ | ২৩.৩০′ দ: | ৬০°১৫′ প: | ২৫ জুন | - |


ক. পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি? ১
খ. পূর্ণিমা তিথিতে জোয়ার তীব্র হয় কেন? ২
গ. উদ্দীপকের সাহায্যে 'খ' স্থানের স্থানীয় সময় নির্ণয় করো। ৩
ঘ. একই সময় উদ্দীপকের 'ক' ও 'খ' স্থানে ভিন্ন ঋতু পরিলক্ষিত হয়— বিশ্লেষণ করো। ৪

**৩.**




ক. বাংলাদেশের মোট ক্ষেত্রের পরিমাণ কত বর্গমাইল? ১
খ. ভূমিকম্পকে কেন ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ বলা হয়? ২
গ. উদ্দীপকের 'ক' চিহ্নিত দেশটির জলবায়ুর ওপর চিহ্নিত বায়ুটির প্রভাব ব্যাখ্যা করো। ৩
ঘ. "বাংলাদেশের কৃষি অনেকাংশেই উক্ত বায়ুর ওপর নির্ভরশীল"— তুমি কি একমত? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

**৪.**




ক. কে সংসদীয় পদ্ধতিতে মন্ত্রিসভার মূল স্তম্ভ? ১
খ. উপজেলা পরিষদের গঠন ব্যাখ্যা করো। ২
গ. '?' চিহ্নিত স্থানের ব্যক্তিটি কে? তার কার্যাবলি বর্ণনা দাও। ৩
ঘ. উক্ত ব্যক্তির সঠিক ব্যবস্থাপনাই ঐ অঞ্চলের সার্বিক উন্নতি নির্ভরশীল— বিশ্লেষণ করো। ৪

**৫.** মাহি বাংলাদেশের সৈনিকদের নিয়ে নির্মিত একটি প্রতিবেদনের অংশবিশেষ দেখার সুযোগ পায়। সেখানে বলা হয়, আফ্রিকাসহ বিশ্বের বিভিন্ন অংশে সাংঘর্ষিক পরিস্থিতি ও দুর্ঘটনার শিকার হয়ে এ পর্যন্ত ৮৮ জন বাংলাদেশি সৈন্য শহিদ হন। মাহি তার বাবার নিকট জানতে চায় বাংলাদেশ এখনও কোনো দেশের সাথে যুদ্ধে লিপ্ত রয়েছে কিনা। বাবা তাকে বিষয়টি বুঝিয়ে বলেন।

ক. কোন দেশের একটি সড়কের নাম "বাংলাদেশ সড়ক"? ১
খ. নারীর প্রতি বৈষম্য নিরসনে সিডও সনদের গুরুত্ব বর্ণনা কর। ২
গ. উদ্দীপকে যে বিষয়টির প্রতি ইঙ্গিত করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ক্ষেত্রে বাংলাদেশ নানাভাবে লাভবান হচ্ছে— তুমি কি এর সাথে একমত? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

**৬.** ঘটনা-১: বাংলাদেশে ২০১৩-১৪ অর্থবছরে মোট জাতীয় আয় অর্জন করে ১৪,৩৩,২২৪ কোটি টাকা এবং ২০১৪-১৫ অর্থবছরে অর্জন করে ১৬,১০,৮৯৫ কোটি টাকা।

ঘটনা-২: বিশ্ব ব্যাংকের ঘোষণা অনুযায়ী বাংলাদেশ এখন নিম্ন মধ্যম আয়ের দেশ। শিল্পায়ন, কৃষি উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন প্রভৃতি ক্ষেত্রে বাংলাদেশ সফলতা দেখাচ্ছে।

ক. চূড়ান্ত দ্রব্য কাকে বলে? ১
খ. মিশ্র অর্থব্যবস্থা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে প্রদত্ত তথ্যের আলোকে বাংলাদেশ উন্নয়নের কোন মাত্রায় ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন বিশ্লেষণে ঘটনা-১ এর তথ্যই যথেষ্ট কি না— বিশ্লেষণ কর। ৪

**৭.** 'ক' ও 'খ' উভয় ব্যাংকই বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে। তবে 'খ' ব্যাংক যে মাধ্যম সৃষ্টি করে তা জনগণ গ্রহণ করতে বাধ্য নয়। আবার উভয়ই ঋণ বিতরণ করে। তবে 'ক' ব্যাংক সরাসরি জনগণের মধ্যে ঋণ বিতরণ করে না। ঋণ প্রদান করে মূলত 'খ' এর মতো ব্যাংকগুলোকে।

ক. রেজিস্ট্রেশন ফি সরকারের কোন ধরনের রাজস্বের অন্তর্ভুক্ত? ১
খ. সরকার ব্যয় করে কেন? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকে 'খ' ব্যাংকের কার্যাবলির বর্ণনা দাও। ৩
ঘ. বাংলাদেশের প্রেক্ষিতে অর্থনৈতিক অগ্রগতিতে 'ক' ব্যাংকের ভূমিকা মূল্যায়ন করো। ৪

**৮.** কবির সাহেব তার বিবাহিত দুই ছেলে ও তাদের স্ত্রী-সন্তানদের নিয়ে একই পরিবারে বসবাস করছেন। অন্যদিকে তার প্রতিবেশী হান্নান সাহেব স্ত্রীসহ অবিবাহিত তিন ছেলেকে নিয়ে বসবাস করছেন। পারিবারিক বিভিন্ন কাজে তারা প্রায়ই ব্যস্ত থাকেন।

ক. সামাজিকীকরণের ব্যাপ্তি কত? ১
খ. সামাজিকীকরণের উপাদান হিসেবে মূল্যবোধের ব্যাখ্যা দাও। ২
গ. কবির সাহেবের পরিবারটিকে যৌথ পরিবারের পাশাপাশি বর্ধিত পরিবারও বলা যায়— ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিবার দুটির সুবিধা-অসুবিধার একটি তুলনামূলক চিত্র বিশ্লেষণ করো। ৪

**৯.** নূরীর বয়স তের বছর। সে স্থানীয় একটি চাতালে শ্রমিকের কাজ করে। তার ছোট ভাই রাতুল শহরে একটি কারখানায় মেকানিকের কাজ করে। চাতালের কাজ শেষে বাড়ি ফিরে নূরীকে বাবা-মায়ের সাথে অন্যান্য কাজেও হাত দিয়ে হয়। অথচ তাদের বাবা-মা রাতুলের সুযোগ-সুবিধার ব্যাপারে বেশ সজাগ। অপেক্ষাকৃত ভালো খাবারটা তুলে রাখা হয় রাতুলের জন্যেই।

ক. AIDS-এর পূর্ণরূপ লেখো। ১
খ. জঙ্গিবাদ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত প্রথমোক্ত সামাজিক সমস্যাটির কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. দ্বিতীয়োক্ত সামাজিক সমস্যাটি প্রতিরোধে সামাজিকভাবে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে বলে তুমি মনে কর? বিশ্লেষণ করো। ৪

# সিলেট বোর্ড-২০১৬

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. রেসকোর্স ময়দানের বর্তমান নাম কী?**
K রমনা পার্ক L শিশু পার্ক
M বোটানিকাল গার্ডেন
N সোহরাওয়ার্দী উদ্যান

**২. পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদের আসন সংখ্যা কত ছিল?**
K ৩৩০ আসন L ৩০৯ আসন
M ৩৩৩ আসন N ৩১০ আসন
**নোট:** সঠিক উত্তর হবে ৩০০ আসন।

**৩. ২৫ মার্চের পৈশাচিক গণহত্যার নাম কী ছিল?**
K অপারেশন জ্যাকপট
L অপারেশন ফ্রিডম M কিলিং
N অপারেশন সার্চলাইট

**৪. যুক্তফ্রন্টের দলগুলো —**
i. আওয়ামী লীগ
ii. বাংলাদেশ জাতীয়তাবাদী দল
iii. কৃষক শ্রমিক দল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৫. কোনটি মঙ্গলের উপগ্রহ?**
i. ডিমোস ii. ক্যারন
iii. ফেবোস
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, iii

**৬. কোন ধরনের পরিবার বাংলাদেশে দেখা যায় না?**
K একপত্নী L বহুপত্নী
M বহুপতি N যৌথ পরিবার

**৭. বৃহস্পতির ব্যাস কত?**
K ১,৪২,৮০০ কি.মি. L ১, ২৪,৮০০ কি.মি.
M ১,২৪,৮০৭ কি.মি. N ১,৪২,৮০৮ কি.মি.


**৮. বর্ষাকালের মেয়াদ—**
K জুন থেকে অক্টোবর পর্যন্ত
L মার্চ থেকে নভেম্বর পর্যন্ত
M মার্চ থেকে মে পর্যন্ত
N জুন থেকে নভেম্বর পর্যন্ত

**৯. কোন নদী সিকিমের পাহাড়ি এলাকা থেকে উৎপত্তি?**
K তিস্তা L মেঘনা
M পদ্মা N কর্ণফুলী

**১০. আইনের উৎস কয়টি?**
K ৫টি L ৬টি
M ৭টি N ৮টি

**১১. গণতন্ত্রে সকল ক্ষমতার উৎস কে?**
K সরকার L রাষ্ট্রপতি
M প্রধানমন্ত্রী N জনগণ

**নিচের চিত্রটি থেকে ১২–১৪নং প্রশ্নের উত্তর দাও:**




**১২. এই চিত্রটি —**
i. পৃথিবী ii. মহাকাশ iii. সৌরজগত
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N ii ও iii

**১৩. কোন গ্রহটি সন্ধ্যায় পশ্চিম আকাশে সন্ধ্যাতারা রূপে এবং ভোরে পূর্ব আকাশে শুকতারা রূপে দেখতে পাই?**
K শুক্র L শনি
M বুধ N বৃহস্পতি

**১৪. কেবল তখনই মঙ্গলে বসবাস সম্ভব—**
K গড় তাপমাত্রা হিমাঙ্কের নিচে
L গড় তাপমাত্রা হিমাঙ্কের সমান
M গড় তাপমাত্রা হিমাঙ্কের উপরে
N গড় তাপমাত্রা ও অক্সিজেন দু'য়ের মধ্যে সংগতি

**১৫. কোন সালে নারী দিবস ঘোষিত হয়েছিল?**
K ১৯৭০ L ১৯৭৩
M ১৯৭৫ N ১৯৭৯
**নোট:** সঠিক উত্তর হবে ১৯৭৭ সালে।
**উৎস:** বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ৫ম শ্রেণি, ৬৬ পৃষ্ঠা।

**১৬. অর্থনৈতিক ব্যবস্থা কত প্রকার?**
K ২ L ৩
M ৪ N ৫

**১৭. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক কোনটি?**
K সোনালী ব্যাংক L রূপালী ব্যাংক
M পূবালী ব্যাংক N বাংলাদেশ ব্যাংক

**১৮. পরোক্ষ কর কী?**
K ভূমি রাজস্ব L মূল্য সংযোজন কর
M বিক্রয় কর N আয়কর

**১৯. সামাজিক পরিবর্তন হচ্ছে —**
i. সমাজ ii. সামাজিক কাঠামো
iii. পুরুষ ও নারী
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, ii ও iii

**২০. খনিজ উৎস হলো—**
i. গ্যাস ii. মাছ
iii. কয়লা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. কোনটিতে এইডস ছড়ায়?**
K কাপ L গ্লাস
M কাপড়
N এইডস ভাইরাসযুক্ত সিরিঞ্জ

**২২. নাগরিকের সামাজিক অধিকার —**
i. সম্পত্তির অধিকার ii. চলাফেরার অধিকার
iii. জীবনধারণের অধিকার
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N i ও iii

**২৩. জনাব দুলাল তার উদ্বৃত্ত আয় ব্যাংকে আমানত রাখতে চায় যেন সে যে কোনো সময়ে টাকা উত্তোলন করতে পারেন। এমতাবস্থায় সে কোন ধরনের আমানত খুলবে?**
K তলবি আমানত L স্থায়ী আমানত
M মেয়াদি আমানত N চলতি আমানত

**২৪. যে পদ্ধতিতে একটি শিশু ক্রমান্বয়ে ব্যক্তিত্বসম্পন্ন সামাজিক মানুষে পরিণত হয় তাকে বলে—**
K সমাজ কাঠামো L সামাজিকীকরণ
M সংস্কৃতি N সভ্যতা

**২৫. কোনটি ব্যতীত আর্থ সামাজিক উন্নয়ন সম্ভব নয়?**
K যোগাযোগ L স্বাস্থ্য
M শহরায়ন N শিল্পায়ন

**২৬. স্থানীয় সরকারের প্রয়োজন হয়?**
i. নেতৃত্বের বিকাশে
ii. স্থানীয় উন্নয়ন ত্বরান্বিতকরণে
iii. গণতন্ত্র নিশ্চিতকরণে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L iii
M ii ও iii N i, ii ও iii

**২৭. ইউনেস্কো কাজ করে—**
i. বিজ্ঞান ii. সংস্কৃতি iii. খাদ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. কোন সংস্থা আন্তর্জাতিক আদালতের বিচারক নির্বাচন করে?**
K সাধারণ পরিষদ L সামাজিক পরিষদ
M নিরাপত্তা পরিষদ
N অর্থনৈতিক ও সামাজিক পরিষদ

**২৯. কোনটি রাজনৈতিক দলের কাজ?**
K গঠনমূলক বিরোধিতা L আইনের প্রয়োগ
M আইনের ব্যাখ্যা N সংবিধান রচনা করা

**৩০. বাংলাদেশের স্রোতজ বনভূমির মোট আয়তন কত?**
K ৪,১৯২ বর্গ কি.মি. L ৪,২৯২ বর্গ কি.মি.
M ৬,১৯২ বর্গ কি.মি. N ৮,১৯২ বর্গ কি.মি.

**৩১. ওজোনস্তরের আনুমানিক গভীরতা কত?**
K ৮–১০ কি.মি. L ১২–১৬ কি.মি.
M ৫–৬ কি.মি. N ২–৩ কি.মি.

**৩২. বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। এই ধরনের দেশসমূহের অর্থনৈতিক বৈশিষ্ট্য হলো —**
i. কৃষিভিত্তিক প্রধান অর্থনীতি
ii. প্রাকৃতিক ও মানবসম্পদের ব্যবহার
iii. ব্যাপক বেকারত্ব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii


**৩৩. প্রত্যেক দেশের কেন্দ্রীয় ব্যাংক প্রতিনিধি হিসেবে কাজ করে—**
i. আই.এম.এফ ii. বিশ্ব ব্যাংক
iii. আই.ডি.বি
**নিচের কোনটি সঠিক?**
K i, iii L i, ii
M ii, iii N i, ii ও iii

**৩৪. কখন মুজিবনগর সরকার গঠিত হয়েছিল?**
K ১০ই এপ্রিল, ১৯৭১
L ১৭ই এপ্রিল, ১৯৭২
M ৯ই এপ্রিল, ১৯৭২
N ৭ই এপ্রিল, ১৯৭২

**৩৫. কখন বাংলাদেশের সংবিধান গৃহীত হয়?**
K ৪ নভেম্বর, ১৯৭২
L ১৩ নভেম্বর, ১৯৭২
M ১৪ নভেম্বর, ১৯৭২
N ১২ নভেম্বর, ১৯৭২

**৩৬. নারীর প্রতি এসিড নিক্ষেপের কারণ হলো —**
i. প্রেম নিবেদন
ii. অনৈতিক প্রস্তাব প্রত্যাখ্যান
iii. সহানুভূতি
**নিচের কোনটি সঠিক?**
K i, ii L ii, iii
M i, iii N i, ii ও iii

**৩৭. সৌরজগতের চিত্র—**




**A চিহ্নিত গ্রহটি সূর্যের চারিদিকে পরিক্রমণ করতে কত দিন সময় লাগে?**
K ৭২ দিনে L ৮৮ দিন
M ৯২ দিন N ১০২ দিন

**৩৮. কোনটি বাংলাদেশের সর্বোচ্চ আইন?**
K আইনসভা কর্তৃক প্রণীত আইন
L নৈতিক আইন M সামাজিক আইন
N সংবিধান

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৯ ও ৪০নং প্রশ্নের উত্তর দাও:**
ফিরোজা বেগম গাজীপুরের নিকট একটি শহরের বস্তিতে বাস করে। সে খুব দরিদ্র। গৃহস্থালি কাজকর্ম ছাড়াও সে গার্মেন্টস কারখানায় কাজ করে। যদিও সে গরিব ও অশিক্ষিত কিন্তু সে তার সন্তানদের লেখাপড়ায় অত্যন্ত যত্নশীল।

**৩৯. ফিরোজা বেগমকে সামাজিক পরিবর্তনের কোন উপাদানটি সাহায্য করেছে?**
K শিক্ষা L শিল্পায়ন
M প্রযুক্তি N যোগাযোগ

**৪০. ফিরোজা বেগম কীভাবে সামাজিক পরিবর্তনে অংশ গ্রহণ করে?**
i. গৃহস্থালি কাজকর্ম করে
ii. শিল্প কারখানায় কাজ করে
iii. সন্তানদের লেখাপড়ায় যত্নশীলতার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | N | ২ | * | ৩ | N | ৪ | L | ৫ | N | ৬ | M | ৭ | K | ৮ | K | ৯ | K | ১০ | L | ১১ | N | ১২ | M | ১৩ | K | ১৪ | N | ১৫ | * | ১৬ | M | ১৭ | N | ১৮ | M | ১৯ | L | ২০ | L |
| | ২১ | N | ২২ | M | ২৩ | N | ২৪ | L | ২৫ | K | ২৬ | N | ২৭ | K | ২৮ | K | ২৯ | K | ৩০ | K | ৩১ | L | ৩২ | N | ৩৩ | L | ৩৪ | K | ৩৫ | K | ৩৬ | K | ৩৭ | L | ৩৮ | N | ৩৯ | L | 40 | M |

# যশোর বোর্ড-২০১৬

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট — মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ‘ক’ নামক একটি রাষ্ট্রে গণতান্ত্রিক পদ্ধতিতে শাসন চলছিল। কিন্তু দেশটির কিছু ক্ষমতালিপ্সু সেনা সদস্য ক্ষমতা ছিনিয়ে নেয়ায় সামরিক আইন চলছিল। সামরিক স্বৈরাচার সরকারকে উৎখাত করে গণতন্ত্র পুনরায় প্রতিষ্ঠিত করার জন্য দেশের ছাত্র, শিক্ষক, সাধারণ জনতা সভা ও মিছিল করে। কেউ ব্যানার, কেউ পোস্টার বহন করে। তাদের মধ্যে এক যুবক নিজের বুকে ও পিঠে স্বৈরাচার সরকারের বিরুদ্ধে স্লোগান লিখে মিছিলে যোগ দেয়। কিন্তু দুঃখের বিষয় স্বৈরাচার সামরিক সরকারের পুলিশের গুলিতে সেই যুবকের জীবন অকালেই ঝরে পড়ে।

ক. ১৯৩৭ সালে মুসলিম লীগের দাপ্তরিক ভাষা উর্দু করার বিরোধিতা করেন কে? ১
খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে শিল্পী-সাহিত্যিক ও বুদ্ধিজীবীদের ভূমিকা ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত শহিদ যুবকটির সাথে স্বাধীন বাংলাদেশের গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় কোন ঘটনার মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. “বাংলাদেশের গণতন্ত্র প্রতিষ্ঠায় উক্ত যুবকের মতো আরো অনেকেই ত্যাগ স্বীকার করেছেন”— তোমার পাঠ্যপুস্তকের আলোকে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**২.** আরিফ তার পিতা-মাতার সাথে শহরে থাকে। তাদের পিতা-মাতা উভয়ই চাকরিজীবী। শহরের পরিবেশে আরিফ তার প্রতিবেশী, বিদ্যালয় ও সহপাঠীদের সহযোগিতায় ক্রমেই সামাজিক হয়ে উঠছে। অপরদিকে তার চাচাতো ভাই শরিফ গ্রামে থাকে। সেখানে সে মা-বাবা, দাদা-দাদি ও চাচাদের সাথে বসবাস করছে। তাদের চিন্তা-চেতনা, দৃষ্টিভঙ্গি ও সামাজিক আদর্শেই সে বেড়ে উঠছে।

ক. পরিবার কোন ধরনের সংগঠন? ১
খ. বর্ধিত পরিবার বলতে কী বোঝায়? ২
গ. আরিফের সামাজিকীকরণে কোন প্রতিষ্ঠান বেশি ভূমিকা পালন করে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে আরিফ ও শরিফের সামাজিকীকরণের ক্ষেত্রে বৈসাদৃশ্যসমূহ আলোচনা করো। ৪

**৩.** বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র সোহাগ। তার বাবা একজন রিকশাচালক। আর্থিক অসচ্ছলতার কারণে সোহাগ ঢাকা শহরে টিউশনি করে পড়াশোনার খরচ চালায়। তার বাবার প্রত্যাশা সন্তান বড় হয়ে সরকারের একজন উচ্চপদস্থ কর্মকর্তা হবে এবং সংসারের দুর্দশা দূর করবে। কিন্তু দুর্ভাগ্য প্রতিদিনের মতো সেদিনও টিউশনি করে হলে ফেরার পথে সে বাস দুর্ঘটনায় ঘটনাস্থলেই মারা যায়। এখানেই তার বাবার স্বপ্নের অবসান হয়।

ক. AIDS- এর পূর্ণরূপ লেখো। ১
খ. সামাজিক মূল্যবোধের অবক্ষয়ের কারণ ব্যাখ্যা করো। ২
গ. সোহাগের বোবার প্রত্যাশাপূরণ না হবার জন্য সামাজিক সমস্যাবলির কোন কারণটি দায়ী? ব্যাখ্যা করো। ৩
ঘ. “উক্ত সামস্যাটি শুধু পারিবারিক জীবনকেই বিপর্যস্ত করে না বরং আর্থ-সামাজিক ও মানসিক জীবনকেও দুর্বিষহ করে তোলে”— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**৪.** কামাল তার বাবা-মায়ের সাথে কক্সবাজার সমুদ্রসৈকতে সন্ধ্যাবেলায় পানির অপরূপ শান্ত প্রকৃতি দেখে খুবই মুগ্ধ হয়। কিছুক্ষণ পর তারা দেখে সাগরের পানি ক্রমশ ফুলে উঠছে। পানির ঢেউ তীরে এসে ভীষণভাবে গর্জন করছে। মা তাকে ভীত হতে নিষেধ করলেন এবং বললেন, “এটা সমুদ্রের একটি স্বাভাবিক ঘটনা, কিছুক্ষণ পরই আবার দেখবে পানি নেমে যাবে।”

ক. অক্ষরেখা কী? ১
খ. আন্তর্জাতিক তারিখ রেখা বলতে কী বোঝায়? ২
গ. কামাল ও তার মা-বাবা সমুদ্রের পানিতে সন্ধ্যাবেলা যে প্রতিক্রিয়া লক্ষ করেছিল তা কীসের ইঙ্গিত? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত বিষয়টি আমাদের জীবনে কোন ধরনের প্রভাব ফেলে তা তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

**৫.** জেমস স্টিফেন এমন একটি দেশের নাগরিক যেখানে দায়িত্বশীল শাসনব্যবস্থা প্রবর্তিত। সেখানকার সরকার জনগণের দ্বারা নির্বাচিত এবং জনগণের কাজেই দায়িত্বশীল থাকে। এমনকি রাষ্ট্রীয় নীতি-নির্ধারণের ক্ষেত্রে জনগণের স্বার্থকেই প্রাধান্য দেয়া হয়। সংখ্যাগরিষ্ঠের ভোটে নির্বাচিত হলে এই সরকার সংখ্যাগরিষ্ঠের স্বার্থে গঠিত ও পরিচালিত হয়।

ক. পাকিস্তানে কতবার জাতীয় পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল (সময়কাল ১৯৪৭-১৯৭১ ইং)? ১
খ. ‘ইলেকটোরাল কলেজ’ বলতে কী বোঝায়? ২
গ. মি. জেমস স্টিফেন-এর রাষ্ট্রে কোন ধরনের সরকারব্যবস্থা প্রবর্তিত আছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত সরকার ব্যবস্থা সংখ্যাগরিষ্ঠ জনগণ দ্বারা গঠিত বলে, সংখ্যালঘুদের মতামত ও স্বার্থ উপেক্ষিত হয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন করো। ৪

**৬.** সম্প্রতি কোমেন নামে একটি ঘূর্ণিঝড় উপকূলীয় জেলার উপরে আঘাত হানে। তাতে ঐ অঞ্চলের অনেক ঘরবাড়ি, রাস্তাঘাট ক্ষতিগ্রস্ত হয়। উপকূলীয় জেলায় নিয়োজিত জেলা প্রশাসক ক্ষতিগ্রস্ত লোকজনের মধ্যে নানা ধরনের সাহায্য-সহযোগিতা দেন এবং বিভিন্ন ধরনের উন্নয়ন কার্যক্রম পরিচালনা করেন। কারণ তিনি নিজেকে উক্ত জেলার জনগণের বন্ধু ও পথপ্রদর্শক হিসেবে প্রতিষ্ঠিত করতে চান।

ক. ইউনিয়ন পরিষদের সদস্য সংখ্যা কত? ১
খ. অভিশংসন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত কোমেনের ক্ষতিগ্রস্ত লোকদের সাহায্য-সহযোগিতা জেলা প্রশাসকের কোন ধরনের কর্মকাণ্ডের অন্তর্ভুক্ত? বিশ্লেষণ করো। ৩
ঘ. উক্ত জেলা প্রশাসককে জনগণের প্রকৃত বন্ধু ও পথপ্রদর্শক হতে হলে যে সমস্ত কাজ করা উচিত, তা সংক্ষেপে আলোচনা করো। ৪

**৭.**




চিত্র: বাংলাদেশের মানচিত্রের অংশবিশেষ

ক. বাংলাদেশের কোথায় মেঘনা নদীর সৃষ্টি হয়েছে? ১
খ. বাংলাদেশ সহজে প্রচুর সৌরশক্তি পেয়ে থাকে কেন? বুঝিয়ে লেখো। ২
গ. চিত্রে A চিহ্নিত নদীটির নাম উল্লেখপূর্বক এর গতিপথ ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত নদীর অর্থনৈতিক গুরুত্ব আলোচনা করো। ৪

**৮.** ঐশীর বিয়ে হয়েছে মাত্র দেড় বছর। বিয়ের সময় দেনা-পাওনার কথা না থাকলেও শ্বশুরবাড়িতে তার প্রতি নানা ধরনের অত্যাচার করা হয়। শাশুড়ি ও ননদের কথায় তা স্বামী তাকে প্রায়ই প্রহার করে। বাবার সম্পত্তি বিক্রি করে টাকা এনে দিতে বলে। এছাড়া তাকে পারিবারিক অত্যধিক কাজ করতে বাধ্য করা হয়।

ক. সামাজিক নৈরাজ্য কী? ১
খ. শিশু শ্রমিক নিয়োগের ক্ষেত্রে আমাদের করণীয় কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সমস্যাটি কোন ধরনের সামাজিক সমস্যার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত সমস্যা প্রতিরোধে সমাজের করণীয় কী? তোমার নিজস্ব বক্তব্য উপস্থাপন করো। ৪

**৯.** জনাব আব্দুস সালাম বাংলাদেশের একজন স্বনামধন্য শিল্পপতি। তিনি সরকারের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে একটি ব্যাংক প্রতিষ্ঠা করেন। তার উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের সর্বত্র জনগণকে আর্থিক সুবিধা প্রদান করা। তার ব্যাংকের কাজ হলো জনগণের সঞ্চিত অর্থ বিভিন্ন মেয়াদে জমা রেখে ব্যবসায়ী, শিল্প উদ্যোক্তা ও আবাসন প্রকল্পে ঋণ প্রদান করা। এছাড়া তার ব্যাংক গ্রাহকদের সুবিধার্থে বন্ড, স্টক, শেয়ার, ডিবেঞ্চার ক্রয়-বিক্রয় করে থাকে।

ক. বাংলাদেশ সরকারের ব্যয়ের অন্যতম প্রধান খাত কোনটি? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সর্বশেষ পর্যায়ের ঋণদাতা বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আব্দুস সালামের প্রতিষ্ঠিত আর্থিক প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যাংকের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. তার প্রতিষ্ঠিত ব্যাংকটিকে কোন অর্থে ঋণের কারবারি বলা যায়? আলোচনা করো। ৪

# যশোর বোর্ড-২০১৬

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. বিনা জামানতে ব্যাংকিং সুবিধা প্রদান করে কোনটি?**
K সোনালী ব্যাংক L কৃষি ব্যাংক
M বাংলাদেশ ব্যাংক N গ্রামীণ ব্যাংক

**২. কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মধ্যে এখনো মাতৃসূত্রীয় পরিবার ব্যবস্থা প্রচলিত আছে?**
K চাকমা ও খাসিয়া L রাখাইন ও গারো
M হাজং ও গারো N খাসিয়া ও গারো

**৩. বর্তমানে যৌথ পরিবার কমে যাওয়ার কারণ —**
i. শিল্পায়ন ও নগরায়ণ
ii. ভোগবাদী মানসিকতা
iii. ক্ষুদ্র ঋণদান কর্মসূচির অসুবিধা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৪. জাহেদার বিয়ের পরে তাঁর স্বামী জলিল শহরের একটি পৃথক এ্যাপার্টমেন্টে তাদের দাম্পত্য জীবন শুরু করেন। এটি কোন পরিবারের উদাহরণ?**
K অনুলোম L প্রতিলোম
M পিতৃবাস N নয়াবাস

**৫. "সামাজিক পরিবর্তন হচ্ছে সামাজিক সংগঠনের মধ্যকার পরিবর্তন"—উক্তিটি কার?**
K ম্যাকাইভার L এরিস্টটল
M কিংসলে ডেভিস N ডাল্টন

**৬. প্রযুক্তি কোন ধরনের সম্পদ?**
K জাতীয় L আন্তর্জাতিক
M সমষ্টিগত N ব্যক্তিগত

**৭. সাম্প্রতিক সময়ে বাংলাদেশের অন্যতম সামাজিক সমস্যা কী?**
K এসিড নিক্ষেপ L নারী ও শিশু পাচার
M যৌন হয়রানি N সড়ক দুর্ঘটনা

**অনুচ্ছেদটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও:—**
মি. 'ক' বহুদিন বিদেশে থেকে সম্প্রতি দেশে এসেছেন। তার স্ত্রী লক্ষ করলেন, তার স্বামীর ওজন দিন দিন কমে যাচ্ছে। জ্বর ও ঘন ঘন কাশি লেগে আছে।

**৮. মি. 'ক' কোন রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশি?**
K যক্ষা L নিউমোনিয়া
M ম্যালেরিয়া N এইডস

**৯. উক্ত সম্ভাব্য রোগের ক্ষেত্রে তার স্ত্রীর উচিত —**
i. স্বামীর কাপড় ও বিছানা স্পর্শ না করা
ii. স্বামীর সাথে সুসম্পর্ক বজায় রাখা
iii. স্বামীর প্রতি সহানুভূতিশীল হওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. ধীরেন্দ্রনাথ দত্ত কত সালে উর্দু ও ইংরেজির পাশাপাশি বাংলার ব্যবহারের দাবি জানান?**
K ১৯৪৭ L ১৯৪৮
M ১৯৫১ N ১৯৫২

**১১. জাতীয়তাবাদ বলতে কী বোঝায়?**
K জাতীয় চেতনা L জাতীয় ঐক্য
M জাতীয় পরিচয় N জাতীয় ঐতিহ্য

**অনুচ্ছেদটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও:—**
কামাল সাহেব দেশাত্মবোধক গান গাইতেন এবং সুন্দর ছবি আঁকতেন। এ কাজে তাঁর খ্যাতি ছিল প্রচুর। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় সংক্ষিপ্ত প্রশিক্ষণ নিয়ে তিনি এবং তাঁর আইনজীবী বন্ধু জাভেদ সাহেব যুদ্ধ করে দেশকে শত্রুমুক্ত করেন।

**১২. মুক্তিযুদ্ধে কামাল সাহেব ও জাভেদ সাহেব কাদের প্রতিনিধিত্ব করেছেন?**
K দিন মজুরের L প্রবাসী বাঙালীদের
M পেশাজীবীদের N শিক্ষকদের

**১৩. কামাল সাহেব মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন —**
i. প্রত্যক্ষভাবে
ii. পরোক্ষভাবে
iii. সক্রিয়ভাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৪. 'কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি' শীর্ষক কবিতার প্রেক্ষাপট নিচের কোনটি?**
K গণঅভ্যুত্থান
L ভাষা আন্দোলন
M স্বাধীনতা যুদ্ধ
N ১৯৪৭ এর দেশ বিভাগ

**১৫. ১৯৭১ সালের ১১ এপ্রিল বেতার ভাষণে মুজিবনগর সরকার গঠনের কথা প্রচার করেন কে?**
K তাজউদ্দিন আহমদ
L সৈয়দ নজরুল ইসলাম
M ক্যাপ্টেন এম. মনসুর আলী
N এ. এইচ. এম. কামারুজ্জামান

**১৬. জাতীয় চার নেতাকে হত্যা করা হয়েছিল কোন তারিখে?**
K ১৯৭৫ সালের ৩ নভেম্বর
L ১৯৭৫ সালের ৪ নভেম্বর
M ১৯৭৫ সালের ৫ নভেম্বর
N ১৯৭৫ সালের ৬ নভেম্বর

**১৭. 'টাইটান' হলো—**
K গ্রহ L উপগ্রহ
M নক্ষত্র N ধূমকেতু

**১৮. কোন গ্রহের আকাশে বছরে দুইবার সূর্য উদিত হয়?**
K শুক্র L মঙ্গল
M বৃহস্পতি N শনি

**১৯. ২০১১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব কত ছিল?**
K ১০০৫ জন L ১০১০ জন
M ১০১৫ জন N ১০২০ জন

**২০. গ্রীষ্মকালে বাংলাদেশে ঘূর্ণিঝড় হয় —**
i. বায়ুর চাপের পরিবর্তনের কারণে
ii. বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের কারণে
iii. হিমালয়ের হিমবাহের কারণে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. 'ক' দেশটির অবস্থান ৬০° পূর্ব দ্রাঘিমায়। এর প্রতিপাদ স্থান কোনটি?**
K ৬০° পশ্চিম L ৯০° পশ্চিম
M ১২০° পূর্ব N ১২০° পশ্চিম

**২২. তিস্তা ব্যারেজটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে —**
i. কৃষি কাজে
ii. পানি নিষ্কাশনে
iii. বন্যা প্রতিরোধে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**অনুচ্ছেদটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও:—**
গত বছরের বন্যায় কক্সবাজার জেলার লোকজনের প্রচুর ক্ষতি হয়। নদী ভাঙন ও জলাবদ্ধতার কারণে অনেক মানুষ গৃহহীন ও বেকার হয়ে পড়েন। জেলা প্রশাসক ক্ষতিগ্রস্তদের মধ্যে নানারকম ত্রাণসামগ্রী বিতরণ করেন।

**২৩. অনুচ্ছেদে উল্লিখিত কাজটি জেলা প্রশাসকের কোন ধরনের কাজ?**
K শান্তিরক্ষামূলক L সমন্বয় সংক্রান্ত
M মানবতামূলক N প্রশাসন সংক্রান্ত

**২৪. অনুচ্ছেদে উল্লিখিত মানুষের এ ধরনের কষ্ট থেকে পরিত্রাণের জন্য সরকারের উচিত —**
i. বন্যা সমস্যার স্থায়ী সমাধান করা
ii. নিরাপদ আশ্রয়কেন্দ্র স্থাপন করা
iii. ফারাক্কা সমস্যার সমাধান করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৫. সংসদ প্রণীত আইনে রাষ্ট্রপতি কতদিনের মধ্যে সম্মতি দান করেন?**
K ১০ L ১৫
M ২০ N ২৫

**২৬. কোনটি রাষ্ট্রের মুখ্য কাজ?**
K বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন
L পানীয় জলের সুব্যবস্থা
M দ্রব্যের দাম নিয়ন্ত্রণে রাখা
N প্রতিষেধক টিকা প্রদান

**২৭. রহিম একটি পোল্ট্রি ফার্মে কর্মরত। তার অর্জিত আয় অর্থনীতিতে কী হিসেবে বিবেচিত হবে?**
K খাজনা L মজুরি
M সুদ N মুনাফা

**অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:—**
জনাব রহিম উল্লাহ শহর এলাকার একটি স্থানীয় সরকারের প্রধান। তিনি সর্বদা কমিশনারদের সাথে পরামর্শের ভিত্তিতে তার এলাকার উন্নয়ন ও বিভিন্ন সমস্যা সমাধানের চেষ্টা করেন।

**২৮. জনাব রহিম উল্লাহ কোন স্থানীয় সরকারের প্রধান?**
K ইউনিয়ন পরিষদ L পৌরসভা
M উপজেলা পরিষদ N জেলা পরিষদ

**২৯. উক্ত স্থানীয় সরকারের কাজের বিশেষত্ব হলো —**
i. বসবাসের অযোগ্য বাড়ি-ঘর ভেঙে ফেলার নির্দেশ প্রদান
ii. অশিক্ষিত বয়স্ক নারী-পুরুষের জন্য শিক্ষার ব্যবস্থা করা
iii. ১০ হাজার টাকা পর্যন্ত দেওয়ানি মামলা পরিচালনা করা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N i, ii ও iii

**৩০. ১৯৫৮ সালে ৭ই অক্টোবর পূর্ব পাকিস্তানে সামরিক আইন জারি করেন—**
K আইয়ুব খান L ইস্কান্দার মীর্জা
M টিক্কা খান N নিয়াজি

**৩১. মিঃ X স্বাধীন ও নিরপেক্ষ নির্বাচন পরিচালনা কাজে নিয়োগপ্রাপ্ত একজন সদস্য। তিনি স্বেচ্ছায় পদত্যাগ করতে চাইলে কার নিকট পদত্যাগপত্র জমা দেবেন?**
K রাষ্ট্রপতি
L প্রধানমন্ত্রী
M স্পিকার
N প্রধান নির্বাচন কমিশনার

**৩২. কোনটিকে জাতিসংঘের 'বিতর্কসভা' বলে অভিহিত করা হয়?**
K অছি পরিষদ
L আন্তর্জাতিক আদালত
M নিরাপত্তা পরিষদ
N সাধারণ পরিষদ

**উদ্দীপকটি পড়ে ৩৩ ও ৩৪নং প্রশ্নের উত্তর দাও:—**
২০১৪ সালে একটি দেশের মোট জাতীয় আয় ছিল ২৭০০ কোটি ইউএস ডলার এবং দেশটির জনসংখ্যা ছিল ১০ কোটি।

**৩৩. উক্ত দেশটির মাথাপিছু আয় কত ডলার?**
K ২৭ L ২৭০
M ২৭০০ N ২৭০০০

**৩৪. আয়ের ভিত্তিতে উক্ত দেশটি কোন ধরনের?**
K উচ্চ আয়ের L উচ্চ মধ্য আয়ের
M নিম্ন মধ্য আয়ের N নিম্ন আয়ের

**৩৫. তৃতীয় বিশ্ব নারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?**
K বেইজিং L মেক্সিকো
M জেনেভা N নাইরোবি

**৩৬. কোন নদীটির উৎপত্তিস্থল বাংলাদেশ?**
K মাতামুহুরী L সাঙ্গু
M নাফ N ফেনী

**৩৭. সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশের অর্থনীতিতে কোন খাতের গুরুত্ব ও অবদান ক্রমশ বৃদ্ধি পাচ্ছে?**
K শিল্পখাতের L কৃষিখাতের
M শিক্ষাখাতের N নির্মাণ খাতের

**৩৮. ২০১১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশের সাক্ষরতার হার—**
K ৪৩.৭% L ৪৯.৭%
M ৫১.৮% N ৫৯.৮%

**৩৯. ব্যক্তিগত আয়ের উপর ধার্যকৃত করকে কী বলে?**
K আয়কর L ব্যক্তিগত কর
M আবগারি কর N মূল্য সংযোজন কর

**৪০. বাণিজ্যিক ব্যাংকগুলো টিকে থাকে —**
i. মুনাফার মাধ্যমে
ii. ঋণের মাধ্যমে
iii. জামানতের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N i ও iii

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | N | ৩ | K | ৪ | N | ৫ | M | ৬ | K | ৭ | M | ৮ | N | ৯ | M | ১০ | L | ১১ | L | ১২ | M | ১৩ | L | ১৪ | L | ১৫ | K | ১৬ | K | ১৭ | L | ১৮ | K | ১৯ | M | ২০ | K |
| ২১ | N | ২২ | M | ২৩ | M | ২৪ | K | ২৫ | L | ২৬ | M | ২৭ | L | ২৮ | L | ২৯ | M | ৩০ | L | ৩১ | K | ৩২ | N | ৩৩ | L | ৩৪ | N | ৩৫ | N | ৩৬ | K | ৩৭ | K | ৩৮ | M | ৩৯ | K | ৪০ | K |

# বরিশাল বোর্ড-২০১৬

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** বিরল সম্মান আর শ্রদ্ধার আসনে ২১শে ফেব্রুয়ারি আজ সারাবিশ্বে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি লাভ করেছে। কিন্তু এ অর্জন সহজ পথে আসেনি। নিজেদের মাতৃভাষায় কথা বলার জন্য, নিজের ভাষায় শিক্ষা অর্জনের অধিকার রক্ষার জন্য এদেশের ছাত্রজনতা রাজপথে নিজেদের বুকের তাজা রক্ত উৎসর্গ করেছিল। এ আন্দোলনের মাধ্যমে বাঙালির আন্দোলনের সংগ্রামী চেতনা গ্রহণ করেছিল। যার ফল আজকের স্বাধীন সার্বভৌম বাংলাদেশ।

ক. কত সালে রাষ্ট্রভাষা আন্দোলন ঘটেছিল? ১
খ. '৬৯'-এর গণঅভ্যুত্থানের অন্যতম কারণ কী ছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত আন্দোলনের মাধ্যমে বাঙালি কীভাবে জাতীয়তাবাদে উদ্বুদ্ধ হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'আন্দোলনের পথ ধরেই আজকের এই স্বাধীন সার্বভৌম বাংলাদেশ'— পাঠ্যপুস্তকের আলোকে উক্তিটির যথার্থতা নির্ণয় করো। ৪

**২.** চোখের সামনে রাজাকার, আলবদররা সখিনার স্বামী আর সন্তানকে হত্যা করে এবং তাকে ক্যাম্প নিয়ে গিয়ে তার ওপর পাশবিক নির্যাতন চালায়। প্রতিশোধের আগুনে প্রজ্জ্বলিত হয় সখিনা। একদিন সে বুকে পিঠে বোমা বেধে বিস্ফোরণ ঘটিয়ে পাক ক্যাম্পটি ধ্বংস করে দেয়। এভাবে সখিনার মতো নারীর আত্মত্যাগে রচিত হয় মুক্তিযুদ্ধের আরো একটি সাফল্য গাঁথা। এমনিভাবে সর্বস্তরের বাঙালির অংশগ্রহণে গণযুদ্ধের মাধ্যমেই আমরা পেয়েছি স্বাধীন বাংলাদেশ।

ক. স্বাধীনতা ঘোষণার সময় চট্টগ্রামের কালুরঘাট বেতার কেন্দ্রটির নাম কী ছিল? ১
খ. ৭ মার্চের ভাষণের মূল বক্তব্য কী ছিল? ব্যাখ্যা কর। ২
গ. সখিনার আত্মত্যাগ মুক্তিযুদ্ধে নারীদের ভূমিকা মূল্যায়নের একটি প্রকৃষ্ট উদাহরণ— ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে মুক্তিযুদ্ধের মূল নিয়ামক শক্তি ছিল জনগণ— তোমার মতের সপক্ষে যুক্তি দেখাও। ৪

**৩.** বৃদ্ধ হারিস মিয়া পরিবার সম্পর্কে নাতিদের বলেন, "একসময় আমাদের গ্রামীণ সমাজে একটি বিশেষ ধরনের পরিবারের সংখ্যা অনেক ছিল। কিন্তু আজ সে ব্যবস্থা ভেঙে গ্রাম ও শহরে একক পরিবারের বিস্তার লাভ করেছে।" তিনি আরো বলেন, পরিবারের ধরনের পরিবর্তনের সাথে এর ভূমিকারও পরিবর্তন ঘটেছে।

ক. সমাজের সবচেয়ে আদি প্রতিষ্ঠান কোনটি? ১
খ. পরিবারকে উৎপাদনের একক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে হারিস মিয়া একটি বিশেষ ধরনের পরিবার বলতে যা বুঝিয়েছেন, তা ব্যাখ্যা করো। ৩
ঘ. 'পরিবারের ধরনের পরিবর্তনের সাথে এর ভূমিকারও পরিবর্তন ঘটেছে'— হারিস মিয়ার এ উক্তির সাথে তুমি কি একমত? তোমার মতে সপক্ষে যুক্তি দাও। ৪

**৪.** একদল ছাত্র শিক্ষা সফরে বাংলাদেশের উত্তরে যায়। সেখানে তারা একটি বড় নদী দেখতে পায়। নদীটি হিমালয় হতে উৎপন্ন হয়ে দুটি নামে প্রবাহিত হয়েছে। কিন্তু যখন তারা জানতে পারল যে, নদীটির উত্তরে একটি বাঁধ দেয়ার কারণে দক্ষিণে শুষ্ক মৌসুমে চরম পানির সমস্যা দেখা দেয়ায় তারা সংক্ষুব্ধ হয়।

ক. বাংলাদেশের নৌপথের দৈর্ঘ্য কত? ১
খ. ব্রহ্মপুত্র নদ হতে একটি স্রোতধারা সৃষ্টি হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২
গ. ছাত্রদের দেখা নদীটির গতিপথের বিবরণ দাও। ৩
ঘ. 'বাংলাদেশের কোন কোন অঞ্চলের পানির সমস্যা উদ্দীপকের উল্লিখিত নদীটির সাথে সম্পর্কযুক্ত'— বিশ্লেষণ কর। ৪

**৫.** রতনের বয়স ৯ বছর। তারা চার ভাইবোন। তার বাবা একজন রিক্সা চালক। রতনকে স্কুলে পাঠাবার মতো অর্থনৈতিক সঙ্গতি তার বাবার নাই। পরিবারের জন্য টাকা রোজগার করতে তার বাবা তাকে টেম্পুর হেলপার হিসাবে কাজ করতে পাঠায়। কিন্তু টেম্পুর মালিক তাকে কম বেতনে দীর্ঘ সময় ধরে কাজ করায়।

ক. এসিড নিয়ন্ত্রণ সংশোধন আইন পাস হয় কত সালে? ১
খ. সামাজিক মূল্যবোধের অবক্ষয়ের একটি কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের সামাজিক সমস্যা নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, জাতিসংঘ শিশুসনদ উদ্দীপকে চিহ্নিত সমস্যা প্রতিরোধে সক্ষম? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪


**৬.** আকমল সাহেব গত জাতীয় সংসদ নির্বাচনে একটি রাজনৈতিক দলের প্রার্থী হিসেবে নির্বাচনে অংশগ্রহণ করেন। তিনি নির্বাচনি প্রচারকার্যে অনেক অর্থ ব্যয় করেন। এলাকায় প্রভাবশালী হওয়ায় তার কর্মীরা অন্য প্রার্থীদের ব্যানার, পোস্টার নষ্ট এবং সভা-সমাবেশ পণ্ড করে। তিনি ভোটদান চলাকালে অবৈধভাবে ভোটকেন্দ্রে প্রবেশ এবং ব্যালট পেপার ছিনতাই করে নিজ প্রতীকে সিল মেরে ব্যালট বাক্সে ভরেন।

ক. অষ্টম জাতীয় সংসদ নির্বাচন কখন অনুষ্ঠিত হয়? ১
খ. গণতন্ত্র এবং নির্বাচনের সম্পর্কের একটি দিক ব্যাখ্যা করো। ২
গ. আকমল সাহেব কর্তৃক নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের প্রতিকার কীভাবে করা সম্ভব? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'আকমল সাহেবের কর্মকাণ্ড যোগ্য ও উপযুক্ত প্রতিনিধি নির্বাচনে প্রতিবন্ধক'— মূল্যায়ন করো। ৪

**৭.** কাজীহাটা গ্রামে চুরি কতে এসে ধরা পড়ে ১২-১৬ বছরের চারজন কিশোর। এদের কাছে পিস্তলসহ দেশীয় অস্ত্র এবং মাদকদ্রব্য পাওয়া যায়। জিজ্ঞাসাবাদকালে তারা জানায় অনেকদিন যাবৎ তারা বিভিন্ন বাসাবাড়ি, রাস্তাঘাটে, মার্কেটে চুরি-ছিনতাইসহ নানা অপরাধমূলক কর্মকাণ্ড করে আসছে। এছাড়া তারা মাদক সেবনে অভ্যস্ত।

ক. দুনীতির শাব্দিক অর্থ কী? ১
খ. এইডস সংক্রমণ হয় কীভাবে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সামাজিক সমস্যার কারণগুলো ব্যাখ্যা করো। ৩
ঘ. 'আইনি ব্যবস্থার সুষ্ঠু প্রয়োগের সাথে সামাজিক সচেতনতাই উক্ত অপরাধ নিরসনে মুখ্য ভূমিকা পালন করতে পারে'— বক্তব্যটির যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**৮.**




ক. উৎপাদনের উপাদান কয়টি? ১
খ. জাতীয় সম্পদ বলতে কী বোঝ? ২
গ. সারণি-১ এ উল্লিখিত A রাষ্ট্রটির অর্থনৈতিক বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩
ঘ. সারণি-১ ও সারণি-২ এবং A এবং D রাষ্ট্রের অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে কোন অর্থনৈতিক ব্যবস্থাকে তুমি উত্তম বলে মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

**৯.** নবগঙ্গা নামক প্রত্যন্ত গ্রামে একটি মাধ্যমিক বিদ্যালয় এবং একটি কলেজ প্রতিষ্ঠিত হবার ফলে ঐ অঞ্চলের নারীরা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখছে। এ চিত্র শুধু নবগঙ্গা গ্রামের নয়, সারা বাংলাদেশের। এদেশের নারীরা আজ তৃণমূল পর্যায় থেকে দেশের কর্ণধার পর্যায় পর্যন্ত নিজেদের সম্পৃক্ত করে স্ব-স্ব কর্মক্ষেত্রকে উজ্জ্বল আলোয় আলোকিত করেছে। শিক্ষা, প্রযুক্তি, শিল্পায়নের মতো নানা উপাদান নারীর সামাজিক জীবন ও মর্যাদার ক্ষেত্রে প্রভূত পরিবর্তন সাধন করেছে।

ক. সমাজের মূল উদ্দেশ্য কী ? ১
খ. তোমার পাঠ্যবই অনুসারে সামাজিক পরিবর্তনের প্রথম উপাদান ব্যাখ্যা করো। ২
গ. নবগঙ্গা গ্রামে সামাজিক পরিবর্তনে যে উপাদানগুলোর প্রভাব কার্যকর তা ব্যাখ্যা করো। ৩
ঘ. 'সামাজিক পরিবর্তনের সর্বত্র নারীর ক্ষমতায়ন এবং মর্যাদা প্রতিষ্ঠিত হয়েছে'— উদ্দীপকের আলোকে তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

# বরিশাল বোর্ড-২০১৬

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১ / সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. কখন ভারতবর্ষের ব্রিটিশ শাসনের অবসান হয়?**
K ১৯৪৭ সালের ১৩ আগস্ট
L ১৯৪৭ সালের ১৪ আগস্ট
M ১৯৪৮ সালের ১৩ আগস্ট
N ১৯৪৮ সালের ১৪ আগস্ট

**২. 'বাঙালি জাতির মুক্তির সনদ'কে আইয়ুব সরকার কী নামে আখ্যায়িত করে?**
K অতিরঞ্জিত কর্মসূচি
L বাঙালি জাতীয়তাবাদের কর্মসূচি
M বিচ্ছিন্নতাবাদী কর্মসূচি
N পূর্ব বাংলার মুক্তির সনদ

**৩. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন কে?**
K তাজউদ্দিন আহমেদ
L সৈয়দ নজরুল ইসলাম
M এম মনসুর আলী
N বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**৪. এ দেশের অগনিত নারী মুক্তিসেনা মুক্তিযুদ্ধে কীভাবে অবদান রেখেছিল?**
i. অস্ত্র চালনা ও গেরিলা যুদ্ধের প্রশিক্ষণ গ্রহণ করে
ii. আহত মুক্তিযোদ্ধাদের সেবা-শুশ্রূষা করে
iii. মুক্তিযোদ্ধাদের আশ্রয়দান ও তথ্য সরবরাহ করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৫. বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন এসেছে —**
i. সৃজনশীল পদ্ধতির মূল্যায়ন ব্যবস্থার কারণে
ii. শিক্ষা ক্ষেত্রে তথ্য ও প্রযুক্তির ব্যবহারের কারণে
iii. প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচির কারণে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৬. আমাবস্যা তিথিতে চন্দ্র ও সূর্য পৃথিবীর সাথে কীভাবে অবস্থান করে?**
K সমকোণে L একই পার্শ্বে
M সমসূত্রে N দুই পার্শ্বে

**৭. পৃথিবীর উপর চন্দ্রের আকর্ষণ শক্তি সূর্য অপেক্ষা কতগুণ?**
K ২ গুণ L ৩ গুণ
M ৪ গুণ N ৫ গুণ

**৮. ঢাকা হতে পঞ্চগড়ের সময়ের পার্থক্য ৮ মিনিট। ঢাকার দ্রাঘিমার ৯০° পূর্ব হলে পঞ্চগড়ের দ্রাঘিমা কত?**
K ৮২° L ৮৮°
M ৯২° N ৯৮°

**৯. কোনো স্থানের সময় সকাল ১১ টা হলে ঐ স্থান হতে ২° পূর্বে কোনো স্থানের সময় কী হবে?**
K ১০ টা ৫২ মিনিট L ১০ টা ৫৮ মিনিট
M ১১ টা ২ মিনিট N ১১ টা ৮ মিনিট

**১০. কৃষিভিত্তিক গ্রামীণ মুসলিম সমাজে কোন ধরনের পরিবার দেখা যায়?**
K বহুপত্মিক পরিবার L বহুপত্নিক পরিবার
M মাতৃপ্রধান পরিবার N পিতৃপ্রধান পরিবার

**১১. পরিবার গঠনের অন্যতম পূর্বশর্ত কোনটি?**
K বিবাহ
L পরিবার কাঠামো গঠন
M সামাজিকীকরণ N মূল্যবোধ গঠন

**১২. বর্তমানে গ্রাম ও শহরে পরিবারের মধ্যে আত্মকেন্দ্রিক মনোভাব বৃদ্ধির মূল কারণ কী?**
K একক পরিবারের বৃদ্ধি
L আর্থিক অবস্থার উন্নতি
M নয়াবাস পরিবারের বৃদ্ধি
N পিতৃতান্ত্রিক পরিবারের আধিক্য

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও:**
রাতুল ও প্রতীক কক্সবাজার বেড়াতে গেল। পরিবেশ অনেক শান্ত থাকার কারণে তারা ঘুরে ঘুরে সমুদ্র দেখছিল। হঠাৎ তারা দেখতে পেল যে, সমুদ্রের পানি ফুলে উঠছে।

**১৩. উদ্দীপকে সমুদ্রের পানি ফুলে ওঠাকে বলে–**
K জোয়ার L ভাটা
M বৃষ্টিপাত N জোয়ার-ভাটা

**১৪. উদ্দীপকে সমুদ্রের পানি ফুলে ওঠার কারণ —**
i. কেন্দ্রাতিগ শক্তি
ii. আহ্নিক গতি iii. বার্ষিক গতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. গণতন্ত্র কোন শতকের একটি জনপ্রিয় ধারণা?**
K সপ্তদশ শতকের L অষ্টাদশ শতকের
M উনিশ শতকের N বিশ শতকের

**১৬. গণতন্ত্রকে মুর্খের ও অযোগ্যের শাসন ব্যবস্থা বলে অভিহিত করেছেন —**
i. ম্যাকাইভার ii. প্লেটো
iii. এরিস্টটল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৭. সুরমা ও কুশিয়ারা কোন জেলায় এসে মেঘনা নাম ধারণ করেছে?**
K সিলেট L সুনামগঞ্জ
M চাঁদপুর N কিশোরগঞ্জ

**১৮. নদী গুরুত্বপূর্ণ অবদান রাখে —**
i. জীবিকা নির্বাহে ii. পরিবহনে
iii. কৃষি উৎপাদনে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৯. বাংলাদেশ স্বাধীনতার ৪০ (চল্লিশ) বছরে কতগুণ খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে পেরেছে?**
K দুই গুণ L তিন গুণ
M চার গুণ N পাঁচ গুণ

**২০. রাষ্ট্রবিজ্ঞানী হল্যান্ডের মতে আইনের উৎস হলো —**
i. ন্যায়বোধ ii. বিচার সংক্রান্ত রায়
iii. সামাজিক দৃষ্টিভঙ্গি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. *'The Modern State'* গ্রন্থের লেখক কে?**
K এরিস্টটল L গার্নার
M গেটেল N ম্যাকাইভার

**২২. তথ্য অধিকার আইনে কোন স্বাধীন প্রতিষ্ঠানের সৃষ্টি হয়েছে?**
K তথ্য অধিকার আইন L তথ্য প্রাপ্তি আইন
M তথ্য মন্ত্রণালয় N তথ্য কমিশন

**২৩. নাগরিক স্বাধীনতার রক্ষাকবচ কোনটি?**
K সংবিধানের প্রাধান্য
L শাসন বিভাগের প্রাধান্য
M আইনের প্রাধান্য
N বিচার বিভাগের প্রাধান্য

**২৪. তিস্তা নদীর বর্তমান দৈর্ঘ্য কত?**
K ১৭৭ কিলোমিটার L ১৪২ কিলোমিটার
M ৩২০ কিলোমিটার N ২৮৯৭ কিলোমিটার

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৫, ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**
দিশার স্বামীর আধিপত্য ও গোঁড়ামিপূর্ণ মনোভাবের কারণে দিশা স্বামীর সেবাদাসী হয়ে পড়ে। এতে দিশার ওপর সহিংসতার সৃষ্টি হয়।

**২৫. উদ্দীপকে দিশা নির্যাতনের বিষয় বাইরে প্রকাশ করতে পারে না —**
i. লোকলজ্জার ভয়ে
ii. পারিবারিক মর্যাদার ভয়ে
iii. সামাজিক মর্যাদার ভয়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৬. দিশার প্রতি সহিংসতা রোধে কাকে এগিয়ে আসতে হবে?**
K সমাজকে
L সরকারকে
M বিদেশি সংস্থাকে
N স্থানীয় চেয়ারম্যানকে

**২৭. উদ্দীপকে দিশার প্রতি সহিংসতা রোধে গুরুত্ব দিতে হবে —**
i. মূল্যবোধের অবক্ষয়
ii. অপসংস্কৃতি রোধ
iii. ধর্মীয় মূল্যবোধ ও আদর্শ অনুশীলন করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. রাজনৈতিক দল গঠনের উদ্দেশ্য হলো —**
i. জনপ্রতিনিধি নির্বাচন
ii. পেশি শক্তি প্রদর্শন
iii. সরকারের গঠনমূলক সমালোচনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে বাংলাদেশের স্থান কততম?**
K ৬ষ্ঠ L ৭ম
M ৮ম N ৯ম

**৩০. বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ শৃঙ্গের নাম কী?**
K তাজিওডং L কিওক্রাডং
M পিরামিড N মোদকমুয়াল

**৩১. নারী ও শিশু নির্যাতন দমন আইন প্রণীত হয় কত সালে?**
K ২০০০ L ২০০১
M ২০০২ N ২০০৩

**৩২. বিশ্ব এইডস দিবস কবে?**
K ১ ডিসেম্বর L ১ সেপ্টেম্বর
M ১ অক্টোবর N ১ নভেম্বর

**৩৩. সামাজিক মূল্যবোধের অবক্ষয় ঘটে —**
i. সমাজে বিচার না হলে
ii. সমাজে আইনের শাসনের দুর্বলতা ও অভাব থাকলে
iii. মানুষের সহনশীলতার অভাব দেখা দিলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৪ ও ৩৫নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব 'ক' তার এলাকায় জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের স্বাধীনতা ও মৌলিক অধিকারের প্রতি শ্রদ্ধাবোধ গড়ে তোলার জন্য একটি শান্তি সংগঠন গড়ে তোলে।

**৩৪. উক্ত সংগঠনটি নিচের কোন প্রতিষ্ঠানের সাথে মিল রয়েছে?**
K জাতিসংঘ L সার্ক
M এফএও N ইউনেস্কো

**৩৫. উক্ত সংগঠনটির উদ্দেশ্য —**
i. শান্তি নিশ্চিত করা
ii. সকলের স্বাধীনতা ও মৌলিক অধিকার নিশ্চিত করা
iii. সকল জাতির মধ্যে অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সহযোগিতা গড়ে তোলা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩৬. জাতিসংঘের প্রধান অঙ্গ কয়টি?**
K ৩টি L ৪টি
M ৫টি N ৬টি

**৩৭. বাংলাদেশ কততম সদস্য হিসেবে জাতিসংঘের অন্তর্ভুক্ত হয়?**
K ১৩০তম L ১৩৪তম
M ১৩৬তম N ১৩৮তম

**৩৮. ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় উৎপাদনের উপাদানসমূহ কার মালিকানাধীন?**
K ব্যক্তির L রাষ্ট্রের
M সমাজের N রাষ্ট্র ও সমাজের

**৩৯. "মানবীয় সম্পদের পরিবর্তন হচ্ছে সামাজিক পরিবর্তন"—উক্তিটি কার?**
K ম্যাকাইভার L কিংসলে ডেভিস
M অগাস্ট কোঁৎ N এরিস্টটল

**৪০. গণতন্ত্রের মূল উদ্দেশ্য কোনটি?**
K বিচার বিভাগের স্বাধীনতা
L জনকল্যাণ সাধন
M জনসচেতনতা সৃষ্টি
N অবাধ ও সুষ্ঠু নির্বাচন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | L | ২ | M | ৩ | K | ৪ | N | ৫ | N | ৬ | L | ৭ | K | ৮ | L | ৯ | N | ১০ | L | ১১ | K | ১২ | L | ১৩ | K | ১৪ | K | ১৫ | N | ১৬ | M | ১৭ | L | ১৮ | N | ১৯ | L | ২০ | K |
| | ২১ | N | ২২ | N | ২৩ | M | ২৪ | K | ২৫ | N | ২৬ | K | ২৭ | L | ২৮ | L | ২৯ | N | ৩০ | L | ৩১ | K | ৩২ | K | ৩৩ | N | ৩৪ | K | ৩৫ | N | ৩৬ | M | ৩৭ | M | ৩৮ | K | ৩৯ | K | 40 | L |

# ঢাকা বোর্ড-২০১৫

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*


**১.** জনাব রহমান একজন জনপ্রিয় আঞ্চলিক নেতা। তিনি জনগণের অধিকার আদায়ে বেশকিছু পদক্ষেপ গ্রহণ করেন। তিনি শাসকগোষ্ঠীর নিকট তার অঞ্চলের জন্য দাবি করেন ব্যবসা-বাণিজ্য, ব্যাংক পরিচালনার ক্ষমতা, প্রতিরক্ষা ও অন্যান্য দেশের সাথে সম্পর্ক, সর্বজনীন ভোটাধিকারের মাধ্যমে কেন্দ্রিয় ও আইনসভা গঠন, রাজস্ব আদায়ের ক্ষমতা।

ক. ১৯৭২ সালে বাংলাদেশে দারিদ্র্যের হার কত শতাংশ ছিল? ১
খ. বঙ্গবন্ধুর 'দ্বিতীয় বিপ্লব কর্মসূচি' বলতে কী বোঝায়? ২
গ. জনাব রহমান-এর দাবিনামায় বঙ্গবন্ধুর কোন কর্মসূচির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত দাবিনামা বাংলাদেশের স্বাধিকার আন্দোলনের ক্ষেত্র প্রস্তুত করেছিল।' —উক্তিটি মূল্যায়ন কর। ৪

**২.** জনাব 'ক' এর দল নির্বাচনে জয়লাভ করলেও কেন্দ্রীয় সরকার তাদের হাতে ক্ষমতা হস্তান্তর না করে ষড়যন্ত্র করতে থাকেন। এতে জনগণের মধ্যে তীব্র অসন্তোষ সৃষ্টি হলে তারা কঠোরভাবে দমনের পরিকল্পনা বাস্তবায়ন করে। ফলে কেন্দ্র ও প্রদেশের মধ্যে যুদ্ধের রূপ ধারণ করে। জনাব 'ক' এর দল স্বাধীনতা ঘোষণা করলে আপামর জনগণ তাতে স্বতঃস্ফূর্ত সমর্থন দিয়ে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। অবশেষে তার দেশ স্বাধীন হয়।

ক. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন? ১
খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. জনাব 'ক' এর দেশে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের কোন বৈষম্যটি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুক্তিকামী জনগণের সহযোগিতা ছাড়া স্বাধীনতা অর্জন অসম্ভব'— উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৩.** চিত্রটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. আহ্নিক গতি কাকে বলে? ১
খ. আন্তর্জাতিক তারিখ রেখার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
গ. 'M' চিহ্নিত স্থানের স্থানীয় সময় মধ্যাহ্ন এবং P চিহ্নিত স্থানের স্থানীয় সময় সকাল ১১টা। P স্থানের দ্রাঘিমা ৮০° পূর্ব হলে, M স্থানের দ্রাঘিমা কত? ৩
ঘ. 'কোনো স্থানের অবস্থান এবং সময় নির্ণয় করতে চিত্রে অঙ্কিত রেখাগুলোর জ্ঞান প্রয়োজনীয়'—উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৪.**

| অঞ্চল | মৃত্তিকা | বনজ সম্পদ |
|---|---|---|
| A | ধূসর ও লালচে | শাল, কড়ই, বহেরা |
| B | পলি ও কর্দম | সুন্দরী, গেওয়া ধুন্দল |

ক. কর্কটক্রান্তি রেখার অক্ষাংশ কত? ১
খ. ক্রান্তীয় মৌসুমি জলবায়ু বলতে কী বোঝায়? ২
গ. A চিহ্নিত অঞ্চলটির সাথে বাংলাদেশের কোন ভূ-প্রাকৃতিক অঞ্চলের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে উভয় অঞ্চলই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৫.**

| বিভাগ | কাজ |
|---|---|
| X | আইন প্রণয়ন করে। |
| Y | শাসনকার্য পরিচালনা করে। |
| Z | ন্যায়বিচার নিশ্চিত করে। |

ক. নাগরিকের প্রধান কর্তব্য কোনটি? ১
খ. আইনের অনুশাসন বলতে কী বোঝায়? ২
গ. বাংলাদেশের 'Z' বিভাগটির গঠন ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বাংলাদেশে Y' বিভাগটি 'X' বিভাগ দ্বারা নিয়ন্ত্রিত। তুমি কি এ বক্তব্যের সাথে একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৬.**

| সংস্থা | কাজ |
|---|---|
| C | জনশৃঙ্খলা রক্ষা, জনকল্যাণমূলক কাজ ও সেবা প্রশাসনিক কাজ। |
| D | পরিকল্পনামূলক, জননিরাপত্তামূলক বাসস্থান সংক্রান্ত |

ক. গণতন্ত্র কত প্রকার? ১
খ. জাতিসংঘের যেকোনো একটি উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. 'C' সংস্থাটির সাথে বাংলাদেশের কোন স্থানীয় সরকারের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'গণতন্ত্রের ভিত্তি সুদৃঢ় করতে উক্ত সংস্থাগুলোর ভূমিকা গুরুত্বপূর্ণ'— উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৭.** আদনান দীর্ঘদিন ধরে মধ্যপ্রাচ্যে কর্মরত। প্রতি মাসে সে তার আয়ের একটি অংশ দেশে মা-বাবার কাছে পাঠান। অন্যদিকে কানাডার নাগরিক মি. জন বাংলাদেশে দীর্ঘদিন ধরে ব্যবসা করেন। তিনিও প্রতি মাসে কানাডায় টাকা পাঠান।

ক. উৎপাদনের উপাদান কয়টি? ১
খ. অর্থনীতিতে 'বণ্টন' বলতে কী বোঝায়? ২
গ. আদনানের পাঠানো টাকা জাতীয় আয় পরিমাপের ক্ষেত্রে কীভাবে সম্পৃক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মি. জন এর কর্মকাণ্ড বাংলাদেশের জাতীয় আয়কে প্রভাবিত করবে'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৮.** দৃশ্য-১: হারুন ডিগ্রি পাস করে ব্যাংক থেকে ঋণ নিয়ে একটি হাঁস-মুরগির খামার গড়ে তোলে। সেখানে অনেক লোক কাজ করে।

দৃশ্য-২: ফারদিন পড়াশুনা শেষ করে বাংলাদেশ ব্যাংকে কর্মকর্তা হিসেবে যোগ দেয়।

ক. কোনো দেশের অর্থনৈতিক উন্নয়নের প্রধান সূচক কী? ১
খ. 'প্রতিকূল বৈদেশিক বাণিজ্য' বলতে কী বোঝায়? ২
গ. ফারদিনের কাজ বাংলাদেশের অর্থনীতিতে কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'দৃশ্য-২ এর চেয়ে দৃশ্য-১ এর কর্মকাণ্ড বাংলাদেশের অর্থনীতিতে বেশি অবদান রাখছে।'— উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৯.** কায়সার সাহেব দীর্ঘদিন পর দেশে ফিরে লক্ষ করেন তাদের গ্রামে আগের চেয়ে জনসংখ্যা বেড়েছে। বেড়েছে নানা ধরনের কাজের সুযোগ। গ্রামের অনেক ছেলেমেয়ে নানা জায়গায় চাকরি করছে। ফলে অনেক পরিবারে বৃদ্ধ মা-বাবাকে একাকী বসবাস করতে হচ্ছে।

ক. সামাজিক পরিবর্তন সম্পর্কে ম্যাকাইভারের সংজ্ঞাটি লিখ। ১
খ. 'শিক্ষা হলো এক ধরনের সংস্কার সাধন ও বিরামহীন প্রক্রিয়া।'— বক্তব্যটি বুঝিয়ে লিখ। ২
গ. কায়সার সাহেবের গ্রামে সামাজিক পরিবর্তনের কোন উপাদানটি কাজ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত উপাদানটি সামাজিক পরিবর্তনের প্রধান কারণ।'— উক্তিটি মূল্যায়ন কর। ৪

# ঢাকা বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. কে প্রধান নির্বাচন কমিশনারকে নিয়োগ দেন?**
K প্রধানমন্ত্রী L স্পিকার
M রাষ্ট্রপতি N স্বরাষ্ট্রমন্ত্রী

**২. কোন তারিখে জাতিসংঘ দিবস উদযাপিত হয়?**
K ২৪ অক্টোবর L ২৪ নভেম্বর
M ২৪ ডিসেম্বর N ৩০ ডিসেম্বর

**৩. বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাংলাদেশে কাজ করছে—**
K স্বাস্থ্য শিক্ষার ক্ষেত্রে
L পোলিও নিবারণের ক্ষেত্রে
M এইডস নিবারণের জন্য
N নারী স্বাস্থ্য নিয়ে

**৪. নিচের কোনটি সমষ্টিগত সম্পদ?**
K গাড়ি L ঘরবাড়ি
M কলকারখানা N নদ-নদী

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব আফজাল একজন শিল্পপতি। তার মূল উদ্দেশ্যই হচ্ছে সর্বাধিক মুনাফা অর্জন করা। ঈদের সময় তৈরি পোশাকের চাহিদা বেড়ে যায় বলে তিনি একটি গার্মেন্টস কারখানা স্থাপনের সিদ্ধান্ত নেন।

**৫. জনাব আফজালের কাজটি কোন অর্থনৈতিক ব্যবস্থার অন্তর্গত?**
K সমাজতান্ত্রিক L ধনতান্ত্রিক
M মিশ্র N ইসলামি

**৬. উক্ত অর্থনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্যগুলো হচ্ছে—**
i. অবাধ প্রতিযোগিতা ii. শ্রমিক শোষণ
iii. জনগণের কল্যাণ সাধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৭. মাথাপিছু আয় হচ্ছে—**
K মাথাপিছু আয় $= \frac{\text{মোট জাতীয় আয়}}{\text{মোট জনসংখ্যা}}$
L মাথাপিছু আয় $= \frac{\text{মোট জনসংখ্যা আয়}}{\text{মোট জাতীয় আয়}}$
M মাথাপিছু আয় $= \frac{\text{মোট জাতীয় আয়}}{\text{মোট জাতীয় ব্যয়}}$
N মাথাপিছু আয় $= \frac{\text{মোট উৎপাদন}}{\text{মোট জনসংখ্যা}}$

**৮. "অনুন্নত দেশ হচ্ছে সেইসব দেশ যেগুলোতে জনসংখ্যা ও প্রাকৃতিক সম্পদের তুলনায় পুঁজি বা মূলধন কম"। উক্তিটি কার?**
K ম্যালথাস L কার্ল মার্কস
M ম্যাকাইভার N র‍্যাগনার নার্কস

**৯. সার্কভুক্ত দেশগুলোর মধ্যে কোন দেশে বাংলাদেশ সর্বাধিক পণ্য রপ্তানি করে?**
K পাকিস্তানে L শ্রীলংকায়
M ভারতে N নেপালে

**১০. স্বাধীনতা-পূর্ব বাংলাদেশের অর্থনীতির কোন ধাপটিকে বলা হয় 'বাংলার স্বর্ণযুগ'?**
K প্রাচীন কাল L মুসলিম শাসনামল
M ব্রিটিশ শাসনামল N পাকিস্তান আমল

**১১. জনাব শফিক একজন রপ্তানিকারক। তিনি জাপানে তৈরি পোশাক রপ্তানি করেন। বাংলাদেশ সরকার তার কাছ থেকে যে কর আদায় করে সেটি হচ্ছে—**
K বাণিজ্য শুল্ক L আবগারি শুল্ক
M মূল্য সংযোজন কর N সম্পূরক শুল্ক

**১২. বাংলাদেশ সরকারের ব্যয়ের খাতগুলো হলো—**
i. যুদ্ধের অস্ত্রশস্ত্র ক্রয় ii. জনসংখ্যা নিয়ন্ত্রণ
iii. দূতাবাস প্রতিষ্ঠা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. "সামাজিক পরিবর্তন হচ্ছে সামাজিক সংগঠনের মধ্যকার পরিবর্তন।" উক্তিটি কার?**
K ম্যাকাইভার L গার্নার
M কিংসলে ডেভিস N গেটেল

**১৪. রমিজা বেগম গত বছর মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়। গতমাসে সে একটি স্কুলে পিওনের চাকরিতে যোগদান করেছে। রমিজার এই পরিবর্তনকে বলা হয়—**
K শিক্ষার প্রসার L শিক্ষার উন্নতি
M অজ্ঞতার অবসান N নারীর ক্ষমতায়ন

**১৫. নগরায়ণ হচ্ছে—**
K নতুন নতুন বাজার সৃষ্টি
L যৌথ পরিবার থেকে একক পরিবারের বিস্তার
M শিল্পায়নের ফলে গ্রামীণ জীবন ছেড়ে নগর জীবন পদ্ধতি গ্রহণ
N শিল্পায়নের ফলে কলকারখানার সৃষ্টি

**১৬. সমাজে নৈরাজ্য কখন দেখা দেয়?**
K যখন রাষ্ট্রযন্ত্র ব্যক্তি বা গোষ্ঠীর আচরণ নিয়ন্ত্রণে ব্যর্থ হয়
L যখন বিদেশিরা আক্রমণ করে
M যখন অর্থসংকট দেখা দেয়
N যখন সামাজিক পরিবর্তন দ্রুত হয়

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
জুলেখা অর্থের অভাবে লেখাপড়া ছেড়ে দিয়ে ঢাকায় চাকরির খোঁজে আসে। একদিন সে বখাটেদের নির্যাতনের শিকার হয়।

**১৭. জুলেখার নির্যাতিত হওয়ার পেছনে কোন কারণটি ক্রিয়াশীল?**
K শিক্ষার অভাব L দারিদ্র্য
M শিল্পায়ন N নগরায়ণ

**১৮. জুলেখার প্রতি সহিংসতা প্রতিরোধে সমাজে করণীয়গুলো হলো—**
i. নারীর জন্য ঋণদান কর্মসূচি গ্রহণ
ii. আইন প্রণয়ন
iii. নারী নির্যাতনকারীদের শাস্তি প্রদান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৯. বিশ্বে প্রথম এইচআইভি রোগী ধরা পড়ে — সালে।**
K ১৯৭৯ L ১৯৮০
M ১৯৮১ N ১৯৮২

**২০. পাকিস্তান সৃষ্টির পূর্বেই কোন বিষয় নিয়ে বিতর্ক শুরু হয়?**
K প্রস্তাবিত রাষ্ট্রের সংবিধান কেমন হবে
L প্রস্তাবিত রাষ্ট্রের রাজধানী কোথায় হবে
M প্রস্তাবিত রাষ্ট্রের ভাষা কী হবে
N প্রস্তাবিত রাষ্ট্রের বৈদেশিক নীতি কী হবে

**২১. নিম্নের কোন বিষয়গুলো যুক্তফ্রন্টের ২১ দফা দাবির অন্তর্ভুক্ত ছিল?**
i. ক্ষতিপূরণসহ জমিদারি প্রথার উচ্ছেদ করা হবে
ii. সমবায় কৃষি ব্যবস্থার প্রবর্তন করা হবে
iii. বাস্তুহারাদের পুনর্বাসন করা হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২২. কোন সালে পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়?**
K ১৯৫৪ L ১৯৬৬
M ১৯৬৯ N ১৯৭০

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
আহমেদের পিতা একজন মুক্তিযোদ্ধা। একদিন তিনি আহমেদকে বললেন, "আমরা যুদ্ধ করেছি একটি সংগঠনের পরিচালনায়, যে সংগঠনটি ১৯৭১ সালের ১৭ এপ্রিল শপথ নিয়েছিল।

**২৩. উদ্দীপকের সঙ্গে কোন সংগঠনটির সাদৃশ্য আছে?**
K মুজিবনগর সরকার L উপদেষ্টা পরিষদ
M স্বাধীন বাংলা বেতার কেন্দ্র
N জাতিসংঘ

**২৪. উক্ত সংগঠনটির প্রধান উদ্দেশ্য ছিল—**
K মুক্তিযোদ্ধাদের পুনর্বাসন
L মুক্তিযুদ্ধ পরিচালনা করা
M বিদ্রোহ প্রশমন N শান্তি স্থাপন

**২৫. "বাংলাদেশ শান্তিতে বিশ্বাস করে, কারও প্রতি বৈরী আচরণ সমর্থন করবে না" — উক্তিটি কার?**
K বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
L তাজউদ্দিন আহমেদ
M সৈয়দ নজরুল ইসলাম
N এ.এইচ.এম. কামরুজ্জামান

**২৬. বাংলাদেশের ইতিহাসে ১৯৯০ সাল তাৎপর্যপূর্ণ। কারণ—**
i. হুসেইন মুহাম্মদ এরশাদের পতন ঘটে
ii. সামরিক শাসনের অবসান ঘটে
iii. গণতন্ত্রের পুনঃযাত্রা শুরু হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৭. গোষ্ঠী জীবনের প্রথম ধাপ কী?**
K পরিবার L সমাজ
M সম্প্রদায় N রাষ্ট্র

**২৮. বিয়ের পর থেকে মনসুর আলী তার স্ত্রীর পিত্রালয়ে বসবাস করছে। এই পরিবারটি হচ্ছে—**
K মাতৃতান্ত্রিক পরিবার L পিতৃতান্ত্রিক পরিবার
M মাতৃবাস পরিবার N পিতৃবাস পরিবার


**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
মাহাবুব নবম শ্রেণির ছাত্র। তার পিতামাতা দুজনই চাকরিজীবী। মাহাবুব নিয়মিত স্কুলে যায়। পিতামাতাও তাদের সন্তানের দেখাশোনা করেন। মাহাবুব খুবই সামাজিক।

**২৯. উদ্দীপকে কোন প্রক্রিয়ার ইঙ্গিত আছে?**
K পরিবারের গঠন L সামাজিক মূল্যবোধ
M সামাজিকীকরণ N সামাজিক পরিবর্তন

**৩০. কোন কোন প্রতিষ্ঠান মাহাবুবকে সামাজিক করে তুলেছে?**
K স্থানীয় গোষ্ঠী ও সম্প্রদায়
L পরিবার ও বিদ্যালয়
M পরিবার ও রাষ্ট্র
N বিদ্যালয় ও গণমাধ্যম

**৩১. টাইটান কোন গ্রহের উপগ্রহ?**
K শনি L বৃহস্পতি
M নেপচুন N ইউরেনাস

**৩২. জোয়ার-ভাটার প্রভাবে—**
i. নদীখাত গভীর হয়
ii. নদী নোংরা হয়
iii. নদী মোহনায় পলি জমা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii




**৩৩. A চিহ্নিত নদীটির নাম কী?**
K পুনর্ভবা L ধলেশ্বরী
M পদ্মা N তিস্তা

**৩৪. রাষ্ট্রের চরম ও চূড়ান্ত ক্ষমতা হচ্ছে—**
K নির্দিষ্ট ভূখণ্ড L জনসমষ্টি
M সার্বভৌমত্ব N সরকার

**৩৫. 'ক' দেশের সরকার প্রত্নতাত্ত্বিক নিদর্শন সংরক্ষণের জন্য একটি যাদুঘর প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেয়। এটি রাষ্ট্রের কী ধরনের কাজ?**
K ঐচ্ছিক L অপরিহার্য
M মুখ্য N প্রাথমিক

**৩৬. জাতীয় সংসদে মহিলাদের জন্য সংরক্ষিত আসন কয়টি?**
K ৪০টি L ৪২টি
M ৪৫টি N ৫০টি

**৩৭. আদালত কর্তৃক প্রদত্ত দণ্ডকে মওকুফ করতে পারেন—**
K রাষ্ট্রপতি L প্রধানমন্ত্রী
M প্রধান বিচারপতি N স্পিকার

**৩৮. নিচের কোন বিষয়গুলো ইউনিয়ন পরিষদের সঙ্গে সম্পৃক্ত?**
i. ওয়ার্ডের সংখ্যা ৯টি
ii. দফাদার নিয়োগ করা
iii. সদস্যরা জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M i ও iii N i, ii ও iii

**৩৯. "গণতন্ত্র হচ্ছে জনগণের, জনগণের জন্য ও জনগণ দ্বারা নির্বাচিত সরকার ব্যবস্থা" _ উক্তিটি কার?**
K আব্রাহাম লিংকন L গেটেল
M এরিস্টটল N গার্নার

**৪০. রাজনৈতিক দলের প্রধান উদ্দেশ্য হচ্ছে—**
K বৈধভাবে রাষ্ট্রের ক্ষমতা দখল করা
L বৈধ নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রের শাসনভার গ্রহণ করা
M সরকারের সঙ্গে জোটভুক্ত হওয়া
N যে কোনোভাবে ক্ষমতায় অধিষ্ঠিত হওয়া

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | L | ৪ | N | ৫ | L | ৬ | K | ৭ | K | ৮ | N | ৯ | M | ১০ | L | ১১ | K | ১২ | N | ১৩ | M | ১৪ | N | ১৫ | M | ১৬ | K | ১৭ | L | ১৮ | N | ১৯ | M | ২০ | M |
| ২১ | M | ২২ | N | ২৩ | K | ২৪ | L | ২৫ | K | ২৬ | N | ২৭ | K | ২৮ | M | ২৯ | M | ৩০ | L | ৩১ | K | ৩২ | L | ৩৩ | N | ৩৪ | M | ৩৫ | K | ৩৬ | N | ৩৭ | K | ৩৮ | M | ৩৯ | K | ৪০ | L |

# রাজশাহী বোর্ড-২০১৫

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** 'ক' রাষ্ট্রের একটি প্রদেশের জনগণ পূর্ণ স্বায়ত্তশাসনের আন্দোলন করে আসছে। তাই আগামী প্রাদেশিক নির্বাচনে ক্ষমতাসীন রাজনৈতিক দলের বিপক্ষে কয়েকটি দল জোটবন্ধ হয়ে অংশ নিতে যাচ্ছে। সংবাদপত্রে এ ধরনের একটি সংবাদ পড়ে দশম শ্রেণির ছাত্রী নাসরিন তার পাঠ্যবইয়ের পড়া একটি নির্বাচনের সাথে এই নির্বাচনের মিল খুঁজে পেল। সেই সাথে প্রত্যাশা করল এই নির্বাচনের পরিণতি যেন পাঠ্যপুস্তকের সেই নির্বাচনের মত না হয়।

ক. কোন সাল থেকে ২১শে ফেব্রুয়ারি শহীদ দিবস হিসেবে পালিত হচ্ছে? ১

খ. আইয়ুব খান প্রবর্তিত মৌলিক গণতন্ত্রের ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. নাসরিন তার পড়া কোন নির্বাচনের সাথে দৃশ্যকল্পের নির্বাচনের মিল খুঁজে পেল? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত নির্বাচন বাঙালি জাতীয়তাবাদের ভিত্তিতে সুদৃঢ় করে।'– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**২.** তিনটি কন্যা সন্তান জন্মগ্রহণ করার পর দবিরউদ্দিন পুত্র সন্তানের আশায় পুনরায় বিবাহ করলেন। এই পরিবারে আরও দুইটি সন্তানের জন্ম হলো।

ক. গোষ্ঠী জীবনের প্রথম ধাপ কী? ১

খ. সামাজিক মূল্যবোধের অবক্ষয়ের ফলে সৃষ্ট একটি সামাজিক নৈরাজ্যের ব্যাখ্যা দাও। ২

গ. দবিরউদ্দিনের পরিবারের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. সামাজিক বিশৃঙ্খলার জন্য কি দবিরউদ্দিনকে দায়ী করা যায়? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.** জনাব 'ক' দীর্ঘদিন যাবৎ আফ্রিকার একটি দেশে কর্মরত ছিলেন। দেশে ফিরে আসলে তার ডায়রিয়া ও জ্বর হয়। সাথে কাশিও দেখা দেয়। দীর্ঘ চিকিৎসার পরও সুস্থতার পরিবর্তে অতিরিক্ত অবসাদ অনুভব করে, ধীরে ধীরে কর্মহীন হয়ে পড়ে। স্বামী-স্ত্রীর মধ্যে সম্পর্কের অবনতি ঘটে। এক পর্যায়ে স্ত্রী তাকে ছেড়ে চলে যায়।

ক. সামাজিক নৈরাজ্য কী? ১

খ. সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. জনাব 'ক' এর সমস্যাটি বাংলাদেশের কোন সামাজিক সমস্যাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব 'ক' এর সমস্যা মোকাবিলায় তার স্ত্রীর পদক্ষেপটি কি যথার্থ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৪.** বিত্তশালী আশরাফ আলীর তিন পুত্র ও এক কন্যা। মি. আশরাফ কন্যার বিয়েতে বিপুল অর্থ ব্যয় করেন। তার মৃত্যুর পর তার তিন ছেলে সমস্ত সম্পদ নিজেরা ভাগ করে নেয়। বোনকে কিছুই দেয় না। এতে আশরাফ সাহেবের কন্যা তার ভাইদের বিরুদ্ধে আইনের আশ্রয় নেয়।

ক. রাষ্ট্রের সবচেয়ে সুস্পষ্ট ও পূর্ণাঙ্গ সংজ্ঞা কে দিয়েছেন? ১

খ. রাষ্ট্রের সার্বভৌমত্ব বলতে কী বোঝ? ২

গ. আশরাফ সাহেবের তিনপুত্র আইনের অনুশাসন ব্যাহত করেছে কীভাবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'আশরাফ সাহেবের কন্যা সুশাসনের মাধ্যমে তার অধিকার ফিরে পেতে পারে।'– বিশ্লেষণ কর। ৪

**৫.**

| রমনা পার্ক | বীরশ্রেষ্ঠ জাহাজীর সড়ক | বরেন্দ্র জাদুঘর |
|---|---|---|

ক. উপযোগ কাকে বলে? ১

খ. সম্পদের অপ্রাচুর্যতা বলতে কী বোঝায়? ২

গ. ছকের বিষয়গুলো কোন ধরনের সম্পদের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সচেতনতাই উক্ত সম্পদের অপব্যবহার ও অপচয়রোধের একমাত্র উপায়'– উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৬.** রহিম ঢাকা থেকে নদীপথে নানা বাড়ি কুষ্টিয়া যাচ্ছিল। কুষ্টিয়া যাওয়ার পথে লঞ্চটি ডুবোচরে আটকা পড়লে নদীবক্ষেই রাত কাটাতে বাধ্য হলো। কুষ্টিয়া গিয়ে দেখল এলাকার অনেক বাড়িঘর নদীগর্ভে বিলীন হয়ে গিয়েছে।


ক. সিলেট অঞ্চলের বনভূমি কোন ধরনের? ১

খ. পানিসম্পদ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. রহিমের ব্যবহৃত প্রধান নদীটির গতিপথ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে বর্ণিত সমস্যা বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের অন্তরায়'– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৭.**





ক. শাসনব্যবস্থার স্নায়ুকেন্দ্র কী? ১

খ. বাংলাদেশের রাষ্ট্রপতির বিচার সংক্রান্ত কাজ ব্যাখ্যা কর। ২

গ. ৩নং অঙ্গসংগঠনটির দায়িত্ব পালনের প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৩

ঘ. ২নং অঙ্গসংগঠন দ্বারা ১নং অঙ্গসংগঠন নিয়ন্ত্রণের ওপরই দেশের সুশাসন নির্ভর করে'– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**৮.**





ক. চিত্রের তৃতীয় স্তরের প্রধান একটি উপাদানের নাম লিখ। ১

খ. অশ্ম মন্ডল কী– ব্যাখ্যা কর। ২

গ. প্রথম স্তরের উপরিভাগ সৃষ্টির প্রক্রিয়া পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'প্রথম স্তরকে ঘিরে আবর্তিত অদৃশ্য গ্যাসীয় আবরণটি পৃথিবীকে প্রাণিজগতের বাস উপযোগী করেছে।'– বিশ্লেষণ কর। ৪

**৯.**




ক. অর্থনৈতিক প্রবৃদ্ধি কাকে বলে? ১

খ. মোট দেশজ উৎপাদন ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্পে উল্লিখিত আর্থ-সামাজিক প্রতিবন্ধকতাসমূহ যে কারণে সৃষ্ট তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত প্রতিবন্ধকতাসমূহ নিরসনে গৃহীত মূল পদক্ষেপটি বিশ্লেষণ কর। ৪

# রাজশাহী বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. শহরে চাকরিজীবীদের মধ্যে কোন ধরনের পরিবার দেখা যায়?**
K পিতৃবাস L মাতৃবাস
M যৌথ পরিবার N নয়াবাস পরিবার

**২. সামাজিক বিশৃঙ্খলার চরম রূপ হচ্ছে—**
K অপরাধ
L রাজনৈতিক অস্থিতিশীলতা
M নৈতিক অবনতি N সামাজিক নৈরাজ্য

**৩. বাণিজ্যিক ব্যাংকের প্রধান কাজ হলো—**
i. ঋণ প্রদান
ii. বিনিময়ের মাধ্যম সৃষ্টি
iii. ঋণ নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৪. কোনটি নিম্ন আয়ের দেশ?**
K পাকিস্তান L শ্রীলংকা
M নেপাল N তুরস্ক

**৫. বাংলাদেশ সরকারের ব্যয়ের প্রধান খাত কোনটি?**
K প্রতিরক্ষা L শিক্ষা
M স্বাস্থ্য N বৈদেশিক বিষয়াবলি

**৬. শৈশবে নারীর প্রতি বঞ্চনার অভিজ্ঞতা একজন পুরুষকে সহিংস করে তোলে। এর মূল কারণ হলো—**
K ত্রুটিপূর্ণ সামাজিকীকরণ
L মূল্যবোধের অবক্ষয়
M গোঁড়ামিপূর্ণ অবক্ষয়
N আধিপত্যভাব

**৭. কোনটিকে জাতিসংঘ দিবস বলা হয়?**
K ১৪ আগস্ট L ১০ জানুয়ারি
M ২৪ অক্টোবর N ২৫ এপ্রিল

**৮. মানুষের সমাজজীবনের মূলবিষয় কী?**
K পরিবার গঠন L বিবাহ
M একতা N মিথস্ক্রিয়া

**৯. এইডস কেন হয়?**
K সংক্রামিত রোগীর চোখের পানির সংস্পর্শে
L আক্রান্ত রোগীর সাথে আলিঙ্গন করলে
M সংক্রমিত রোগীর থালা-বাসন ব্যবহার করলে
N এইচআইভি ভাইরাস আক্রমণ করলে

**নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
নিয়ন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের একজন ছাত্র। শিক্ষা ভ্রমণের অংশ হিসেবে গত বছর সে এবং তার বন্ধুরা বাংলাদেশের দক্ষিণে একটি ঐতিহাসিক জায়গা পরিদর্শনে গিয়েছিল। সে সেখানে কিছু বিরল প্রজাতির গাছ দেখেছিল।

**১০. নিয়ন যেখানে গিয়েছিল সেই স্থানটির নাম কী?**
K শালবন L পাহাড়ী বন
M সুন্দরবন N পাতাঝরা বন

**১১. সেখানে যে গাছ জন্মায়—**
i. কেওড়া ii. সুন্দরী
iii. শাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. বাংলাদেশের অর্থনীতিকে কতটি খাতে ভাগ করা যায়?**
K ১৫টি L ১৪টি
M ১৩টি N ১২টি

**১৩. কার নেতৃত্বে 'তমদ্দুন মজলিশ' গড়ে উঠে?**
K ডঃ মুহম্মদ শহীদুল্লাহ
L ডঃ মুহম্মদ এনামুল হক
M অধ্যাপক আবুল কাসেম
N আবদুল হামিদ খান

**১৪. 'অপারেশন সার্চ লাইট' এর নীল নক্সাকারীরা হলো—**
i. টিক্কা খান
ii. রাও ফরমান আলী iii. আইয়ুব খান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. মুক্তিযুদ্ধের পক্ষে কে বিশ্ব নেতৃত্ব ও জনমত আদায়ের বিশেষ দূত নিযুক্ত হন?**
K কমরেড মনি সিং
L শ্রী মনোরঞ্জন ধর
M আব্দুল হামিদ খান ভাসানী
N বিচারপতি আবু সাঈদ চৌধুরী

**১৬. কৃষিক্ষেত্রে পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তানের মধ্যে কত বৈষম্য ছিল? (১৯৬৬ সালের তথ্য অনুসারে)**
K ৫৬% L ৫৮%
M ৬৫% N ৮১%

**১৭. যুক্তফ্রন্টের ঘোষিত বিষয়—**
i. পূর্ববাংলার স্বায়ত্তশাসন
ii. ২১শে ফেব্রুয়ারি সরকারি ছুটি
iii. বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. কোন গ্রহের কোনো উপগ্রহ নেই?**
K শুক্র L শনি
M মঙ্গল N নেপচুন

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
অর্পা ৬ষ্ঠ শ্রেণির একজন ছাত্রী। তার বাবা একজন স্কুল শিক্ষক। একদিন সকালে তার বাবা বলল, "অর্পা, চলো স্কুলে যাই।" অর্পা তার বাবার সাথে স্কুলে রওনা হলো, পথে দেখল রাস্তার দু'ধার বর্ষার পানিতে পূর্ণ। স্কুলে যেয়ে দেখল অন্যদিনের মত জাতীয় পতাকা উত্তোলিত হয়নি। আজ ইহা অর্ধনমিত।

**১৯. উপরের উদ্দীপকটি কোন ঘটনার সাথে সম্পর্কযুক্ত?**
K ১৪ ডিসেম্বরের মর্মান্তিক ঘটনা
L ১৫ আগস্টের নির্মম হত্যাকাণ্ড
M জেলখানায় পৈশাচিক হত্যাকাণ্ড
N ২৫ মার্চের কালরাত্রির ঘটনা

**২০. উল্লিখিত ঘটনার ফল ছিল—**
i. পাকিস্তানি সাম্প্রদায়িক ভাবাদর্শ প্রতিষ্ঠা পায়
ii. বাংলাদেশ গভীর রাজনৈতিক সংকটে পড়ে
iii. বাংলাদেশ তার স্বাধীনতা হারায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. "মানবীয় সম্পর্কের পরিবর্তন হচ্ছে সামাজিক পরিবর্তন" — কে বলেছেন?**
K কিংসলে ডেভিস L ম্যাকাইভার
M মার্কস N ম্যাকাইভার ও পেজ

**২২. বাংলাদেশ সরকার তথ্য অধিকার আইন জারি করেন—**
K ৬ এপ্রিল ২০০৯ L ৫ এপ্রিল ২০১৪
M ৯ সেপ্টেম্বর ২০১৪ N ৫ এপ্রিল ২০০৯

**২৩. হস্তান্তরযোগ্যতা কী?**
K চাহিদার তুলনায় যোগানের সীমাবদ্ধতা
L কোনো দৃশ্যমান বস্তু
M একজনের নিকট হতে বস্তুটি আরেকজনের পাওয়ার সম্ভাব্যতা
N কোনো দ্রব্যের অভাব পূরণের ক্ষমতা

**২৪. উপবৃত্তি প্রকল্প চালু করার কারণ কী?**
K নারী শিক্ষার সম্প্রসারণ
L সামাজিক উন্নয়ন বৃদ্ধি
M দারিদ্র্য দূরীকরণ
N মহিলাদের সামাজিক মর্যাদা বৃদ্ধি

**২৫. অর্থনীতিতে ভূমি বলতে কোনটিকে বোঝায়?**
K মাটি বা সমতল ভূমিকে
L জমি যা ব্যবহৃত হয় ফসল ফলানোর জন্য
M একমাত্র উর্বর জমিকে
N সকল প্রাকৃতিক সম্পদকে

**২৬. জনসংখ্যা বৃদ্ধির ফলে বিভিন্নমুখী সমস্যা সৃষ্টি হচ্ছে—**
i. বেকারত্বে
ii. সামাজিক নীতিতে
iii. শিশুশ্রমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৭. আইনের সবচেয়ে প্রাচীনতম উৎস হলো—**
K ধর্ম L আইনসভা
M ন্যায়বোধ N প্রথা


**২৮. শুধু ব্যক্তিগত প্রচেষ্টা দ্বারা অর্থনৈতিক কার্যক্রম পরিচালিত হয় না—**
i. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায়
ii. মিশ্র অর্থব্যবস্থায়
iii. ধনতান্ত্রিক অর্থব্যবস্থায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. সার্বভৌমত্ব কী?**
K সরকারের চূড়ান্ত ক্ষমতা
L রাষ্ট্রের চূড়ান্ত ক্ষমতা
M রাষ্ট্রপতির চূড়ান্ত ক্ষমতা
N প্রধানমন্ত্রীর চূড়ান্ত ক্ষমতা

**৩০. ব্রিটেনের আইনসভার নাম হলো—**
K কংগ্রেস L পার্লামেন্ট
M মজলিশ N কেবিনেট

**৩১. টারশিয়ারি যুগের পাহাড়সমূহের অন্তর্গত—**
i. দক্ষিণ-পূর্বাঞ্চলের পাহাড়সমূহ
ii. উত্তর-পশ্চিমাঞ্চলের পাহাড়সমূহ
iii. উত্তর-পূর্বাঞ্চলের পাহাড়সমূহ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**নিচের চিত্রটি লক্ষ কর এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:**




**৩২. উপরের চিত্রটি দ্বারা কী নির্দেশ করা হচ্ছে?**
K মরা কটাল L পূর্ণিমা
M মুখ্য জোয়ার N অমাবস্যা

**৩৩. উপরের ঘটনাটি কোথায় বেশি দেখা যায়?**
K ভূ-মধ্যসাগরীয় অঞ্চলে
L মেরু অঞ্চলে
M উত্তর গোলার্ধে
N উপকূলবর্তী অঞ্চলে

**৩৪. সচিবালয়কে সরকারি কার্যকলাপের মূল উৎস বলা হয় কেন?**
K সবচেয়ে ক্ষমতাধর বিভাগ
L সরকারি যাবতীয় সিদ্ধান্ত গৃহীত হয় এখানে
M রাষ্ট্র নির্ভরশীল
N প্রজাতন্ত্রের আইন প্রণয়নের ক্ষমতা ন্যস্ত

**৩৫. জলবায়ু পরিবর্তনের ফলে—**
i. মানুষের পেশাগত পরিবর্তন ঘটেছে
ii. সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পেয়েছে
iii. বিভিন্ন প্রজাতির প্রাণি বিপন্ন হচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩৬. নিচের কোনটি নির্বাচনের কাজ?**
K জনপ্রতিনিধি বাছাই
L সরকারি কর্মচারি বাছাই
M রাজনৈতিক দল গঠন
N রাজনৈতিক দলের সদস্য বাছাই

**৩৭. হোটেল নির্মাণ পৌরসভার কোন ধরনের কাজ?**
K সমাজকল্যাণ সংক্রান্ত L জননিরাপত্তামূলক
M বাসস্থান সংক্রান্ত N শিক্ষা সংক্রান্ত

**৩৮. গণতন্ত্র সর্বপ্রথম প্রচলিত হয়—**
K যুক্তরাজ্যে L আমেরিকায়
M গ্রীসে N প্যারিসে

**৩৯. বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব — (২০১১ সালের আদমশুমারি অনুসারে)।**
K ১০২৫ জন L ১০১৫ জন
M ১১২৫ জন N ১২১৫ জন

**৪০. উৎপাদিত উপাদানের মূল সমষ্টিকে বলা হয়—**
K মোট জাতীয় আয় L মোট জাতীয় উৎপাদন
M মাথাপিছু আয় N মোট উৎপাদন

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ N | ২ N | ৩ K | ৪ M | ৫ K | ৬ K | ৭ M | ৮ N | ৯ N | ১০ M | ১১ K | ১২ K | ১৩ M | ১৪ K | ১৫ N | ১৬ L | ১৭ M | ১৮ K | ১৯ L | ২০ K |
| | ২১ L | ২২ N | ২৩ M | ২৪ K | ২৫ N | ২৬ N | ২৭ N | ২৮ K | ২৯ K | ৩০ L | ৩১ L | ৩২ K | ৩৩ N | ৩৪ L | ৩৫ N | ৩৬ K | ৩৭ N | ৩৮ M | ৩৯ L | ৪০ L |

# দিনাজপুর বোর্ড-২০১৫

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে পাক হানাদার বাহিনী যখন নারকীয় তাণ্ডব শুরু করে, তখন মশিউরের পিতা মো. আব্দুল মতিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। দেশের এ পরিস্থিতির কারণে তিনি দেশকে, দেশের মানুষকে রক্ষা করার জন্য অস্ত্র হাতে ঝাঁপিয়ে পড়েন। তার অনেক বন্ধুও তার সাথে শত্রুর মোকাবিলা করেন। দেশের জন্য মশিউরের পিতার এ ত্যাগের কথা শুনে তার বন্ধুরা তাকে দেখার আগ্রহ প্রকাশ করে।

ক. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন? ১
খ. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে গ্রেট ব্রিটেনের ভূমিকা কী ছিল? ব্যাখ্যা কর। ২
গ. মশিউরের পিতার মাধ্যমে মুক্তিযুদ্ধে যাদের ভূমিকার প্রতিফলন ঘটেছে, তা আলোচনা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, একমাত্র মশিউরের পিতার মত ব্যক্তিরাই বাংলাদেশের মুক্তিযুদ্ধ সার্থক করে তুলেছিলেন? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**২.**

| সামাজিকীকরণ প্রক্রিয়া | |
|---|---|
| ছক-A | ছক-B |
| অর্থনৈতিক, সাংস্কৃতিক, ও মনস্তাত্ত্বিক প্রযুক্তিগত | জন্মদিন, বিয়ে, ঈদ, পূজা, বড়দিন, বুদ্ধের জন্মদিন, বিবাহ বার্ষিকী |

ক. স্বামী-স্ত্রীর সংখ্যার ভিত্তিতে পরিবার কয় ধরনের হয়ে থাকে? ১
খ. পরিবারের অর্থনৈতিক কাজ ব্যাখ্যা কর। ২
গ. ছক-A তে উল্লিখিত বিষয়গুলো সামাজিকীকরণের কোন উপাদানকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছক-B তে উল্লিখিত অনুষ্ঠানগুলো ব্যক্তির সামাজিকীকরণের ওপর ব্যাপক প্রভাব ফেলে।'— মূল্যায়ন কর। ৪

**৩.** আশিক তার পড়ার টেবিলে বসে লেখাপড়া করছিল। হঠাৎ সে খেয়াল করল, তার চেয়ার, টেবিল, বই, খাতা, কলম, একসাথে কাঁপছে। আশিক ভয় পেয়ে চারদিকে তাকাতেই শোকেসের ওপর রাখা জিনিসপত্র আপনা-আপনি নিচে পড়ে যেতে দেখল।

ক. বাংলাদেশে সর্বোচ্চ শৃঙ্গের নাম কী? ১
খ. জাপান ভূ-কম্পন প্রবণ অঞ্চল কেন?— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত আশিক যে পরিস্থিতির সম্মুখীন হয়, তার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পরিস্থিতি মোকাবিলায় আশিক কোন ধরনের পূর্ব-প্রস্তুতিমূলক পদক্ষেপ গ্রহণ করতে পারে? ব্যাখ্যা কর। ৪


**৪.** রেশমা 'ক' রাষ্ট্রের নাগরিক। নির্বাচনে তার স্বামী তাকে অযোগ্য ও দুর্নীতিবাজ প্রার্থীকে ভোট প্রদানে চাপ দেয়। কিন্তু সে সৎ ও যোগ্য প্রার্থীকে ভোট দেয়। এতে রেশমা স্বামী কর্তৃক নির্যাতিত হয়। ন্যায়বিচার পাওয়ার জন্য রেশমা আইনের দ্বারস্থ হয়।

ক. নাগরিক শব্দের ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. তথ্য অধিকার আইনে তথ্য বলতে কী বোঝায়? ২
গ. 'উদ্দীপকে উল্লিখিত রেশমা একজন সুনাগরিকের দায়িত্ব পালন করেছে'— পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. সুশাসন প্রতিষ্ঠায় রেশমার সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

**৫.** অনন্তপুর ইউনিয়নের বিলাসবাড়ি গ্রামে অতি বৃষ্টির কারণে বন্যা সৃষ্টি হওয়ায় সেখানকার অধিবাসীরা দুর্যোগে পতিত হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসক দুর্গতদের সাহায্য ও চিকিৎসার ব্যবস্থা করেন।

ক. সংবিধানে পঞ্চদশ সংশোধনী অনুসারে জাতীয় সংসদের সদস্য সংখ্যা কত? ১
খ. স্থানীয় প্রশাসন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বন্যায় দুর্গতদের জন্য ব্যবস্থা গ্রহণ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত?— ব্যাখ্যা কর। ৩
ঘ. 'জেলা প্রশাসক হলেন জেলার মধ্যমণি'— মূল্যায়ন কর। ৪

**৬.**




ক. বিশ্ব নারী দিবস কোন তারিখে পালিত হয়? ১
খ. নারীর প্রতি বৈষম্য নিরসনে সিডও সনদের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'A' চিহ্নিত সংস্থাটির সৃষ্টির প্রেক্ষাপট পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক অগ্রগতিতে উক্ত সংস্থাটি কী ভূমিকা পালন করছে— তোমার মতামত দাও। ৪

**৭.** প্রতীক ইঞ্জিনিয়ারিং পাস করে একটি সরকারি প্রতিষ্ঠানে চাকরি পায়। কিন্তু তার বন্ধু সিয়াম ডাক্তারি পাস করে সরকারি চাকরি না পেয়ে একটি বেসরকারি হাসপাতালে চাকরি করে।

ক. জাতীয় সম্পদের উৎস কয়টি? ১
খ. উদ্যোক্তা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রতীক ও তার বন্ধু কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থায় কর্মরত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত অর্থনৈতিক ব্যবস্থায় আয় বণ্টন প্রক্রিয়াটি কী তোমার কাছে গ্রহণযোগ্য?— উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

**৮.**

| ব্যাংক | |
|---|---|
| ছক-A | ছক-B |
| দেশের সর্বোচ্চ আর্থিক প্রতিষ্ঠান | আমানত গ্রহণ, ঋণ প্রদান ও বিনিময়ের মাধ্যম। |

ক. সরকারি অর্থব্যবস্থা সংক্রান্ত অধ্যাপক ডালটনের উক্তিটি লিখ। ১
খ. আবগারি শুল্ক কাকে বলে? ব্যাখ্যা কর। ২
গ. ছক-'B' এর কার্যাবলি ব্যাখ্যা কর। ৩
ঘ. ছক-'A' এবং ছক-'B' এর কার্যাবলির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

**৯.** রিয়াদ বাবা-মার একমাত্র সন্তান। চাকরিসূত্রে সে থাইল্যান্ডে ৩ বছর থাকার পর দেশে ফিরে আসে। তার শারীরিক অবস্থা আগের মত ভালো নেই। কর্মচাঞ্চল্যতা সে হারিয়ে ফেলেছে। সার্বক্ষণিক জ্বর পাতলা পায়খানা হচ্ছে। রিয়াদের বাবা, মা রিয়াদের এ অবস্থা দেখে চিন্তিত হন এবং দ্রুতগতিতে ডাক্তারের পরামর্শ নেন। ডাক্তার রিয়াদকে রক্ত পরীক্ষা করতে বলে।

ক. এইচআইভি (HIV) এর ইংরেজি পূর্ণরূপ কী? ১
খ. জাতিসংঘ শিশু অধিকার সনদ বলতে কী বোঝায়? ২
গ. রিয়াদ যে রোগে আক্রান্ত হয়েছে তার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. 'গণসচেতনতাই উক্ত রোগ প্রতিরোধের একমাত্র উপায়'— উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

# দিনাজপুর বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. জনসাধারণের স্বাস্থ্যসেবা প্রদান রাষ্ট্রের কোন ধরনের কাজ?**
K অপরিহার্য L আবশ্যিক
M সামাজিক N কল্যাণমূলক

**২. রাষ্ট্রবিজ্ঞানী হল্যান্ডের মতে আইনের উৎস হলো—**
i. ন্যায়বোধ
ii. বিচার সংক্রান্ত রায়
iii. সামাজিক দৃষ্টিভঙ্গি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩. প্রয়োজনে রাষ্ট্রের জরুরি অবস্থা ঘোষণা করেন কে?**
K প্রধানমন্ত্রী L রাষ্ট্রপতি
M প্রধান বিচারপতি N সামরিক বাহিনীর প্রধান

**৪. জাতীয় সংসদের নেতা কে?**
K স্পীকার L প্রধানমন্ত্রী
M বিরোধীদলের প্রধান N চিফ হুইপ

**নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
সীমা একটি যৌথ পরিবারে বাস করে। পরিবারে তাঁর দাদা-দাদি, মা-বাবা, চাচা-চাচী, ভাই-বোন বসবাস করে। সীমার বাবাই পরিবারে সব কাজের সিদ্ধান্ত গ্রহণ করেন। সীমার দাদা শুধু তাতে সম্মতি প্রকাশ করেন মাত্র।

**৫. উদ্দীপকের আলোকে সীমার বাবার কাজের সাথে মিল রয়েছে কার?**
K রাষ্ট্রপতির
L প্রধানমন্ত্রীর
M প্রধান বিচারপতির
N প্রধান নির্বাচন কমিশনারের

**৬. উদ্দীপকের সীমার দাদার ভূমিকা হলো—**
i. নিয়মতান্ত্রিক প্রধান
ii. সরকার প্রধান iii. রাষ্ট্রপ্রধান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৭. নির্বাচন কমিশনের মেয়াদ কত বছর?**
K দুই L তিন
M চার N পাঁচ

**৮. রাজনৈতিক দল গঠনের উদ্দেশ্য হলো—**
i. জনপ্রতিনিধি নির্বাচন
ii. পেশিশক্তি প্রদর্শন
iii. সরকারের গঠনমূলক সমালোচনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৯. আন্তর্জাতিক বিচারালয়ের সদরদপ্তর কোন শহরে অবস্থিত?**
K নিউইয়র্ক L লন্ডন
M হেগ N প্যারিস

**১০. "লীগ অব নেশনস" গঠিত হয়েছিল কত সালে?**
K ১৯১৪ L ১৯২০
M ১৯৩৯ N ১৯৪৫

**১১. নিচের কোনটি আন্তর্জাতিক সম্পদ?**
K সাগর-মহাসাগর L নদ-নদী
M শিল্প প্রতিষ্ঠান N বাড়ি-ঘর

**১২. জাতীয় সম্পদ রক্ষায় নাগরিকদের করণীয় হলো—**
i. সম্পদের সুষ্ঠু ব্যবহার করা
ii. রাষ্ট্রের আইন ভঙ্গ করা
iii. সম্পদের অপচয় করা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i ও iii

**১৩. ২০১০-১১ সালে বাংলাদেশে মাথাপিছু আয় ছিল কত?**
K ৬১৮ L ৭১৮
M ৮১৮ N ৯১৮

**১৪. নিচের কোনটি 'সামাজিক সেবা' খাতের অন্তর্ভুক্ত?**
K শিক্ষা L পরিবহন
M সংরক্ষণ ও যোগাযোগ N হোটেল ও রেস্তোরা

**১৫. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?**
K সোনালী ব্যাংক L গ্রামীণ ব্যাংক
M কৃষি ব্যাংক N বাংলাদেশ ব্যাংক

**১৬. "মানবীয় সম্পর্কের পরিবর্তন হচ্ছে সামাজিক পরিবর্তন" — উক্তিটি কার?**
K ম্যাকাইভার L কিংসলে ডেভিস
M অগাস্ট কোঁৎ N এরিস্টটল

**১৭. শহরাঞ্চলে বস্তি সৃষ্টির একটি অন্যতম কারণ হলো—**
K অনাবৃষ্টি L বন্যা
M খরা N নদী ভাঙন

**১৮. বাংলাদেশে শিল্পের ক্রমোন্নতির ফলে—**
i. নারী শিক্ষার হার বৃদ্ধি পেয়েছে
ii. নারীদের কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে
iii. সামাজিকভাবে নারীর অবমূল্যায়ন হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৯. বাংলাদেশ কত সালে 'জাতিসংঘ শিশু অধিকার সনদ' অনুসমর্থন করেছে?**
K ১৯৮৯ L ১৯৯০
M ১৯৯১ N ১৯৯২

**২০. এইচআইভি (HIV) কী?**
K এক ধরনের রোগ
L এক প্রকার ব্যাকটেরিয়া
M এক প্রকার ভাইরাস
N মরণব্যাধি

**২১. সড়ক দুর্ঘটনা রোধের উপায় হলো—**
i. চালককে ট্রাফিক আইন মেনে চলা
ii. আইন প্রয়োগকারী সংস্থার সঠিক দায়িত্ব পালন
iii. নিরাপদ সড়কের ব্যবস্থা করা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, ii ও iii

**২২. "তমদ্দুন মজলিশ" সাংস্কৃতিক সংগঠনটির প্রতিষ্ঠাতা কে?**
K অধ্যাপক ড. মুহাম্মদ শহীদুল্লাহ
L অধ্যাপক আবুল কাশেম
M ড. মুহাম্মদ এনামুল হক
N মোঃ শামসুল হক

**২৩. "পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ" দলটি গঠিত হয় কত সালে?**
K ১৯৪৭ L ১৯৪৮
M ১৯৪৯ N ১৯৫২

**২৪. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন কে?**
K তাজউদ্দিন আহমেদ
L সৈয়দ নজরুল ইসলাম
M এম.মনসুর আলী
N বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**২৫. প্রথম শহিদ মিনার উদ্বোধন করেন কে?**
K শহিদ শফিউরের পিতা
L আবদুল গাফফার চৌধুরী
M আলাউদ্দিন আল আজাদ
N শহিদ বরকতের পিতা

**২৬. বাংলাদেশ মুক্তিযুদ্ধে নেতৃত্বদানকারী প্রধান রাজনৈতিক দল কোনটি?**
K মুসলিম লীগ L পিডিপি
M আওয়ামী লীগ N ন্যাপ

**২৭. বাংলাদেশের জনগণ 'মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ার মূল কারণ ছিল—**
i. অর্থনৈতিক মুক্তি ii. বাঙালি জাতীয়তাবোধ
iii. পাক-প্রশাসনের প্রতি ঘৃণা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৮. শিশুর সামাজিকীকরণে সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম কোনটি?**
K ধর্মীয় প্রতিষ্ঠান L খেলার সাথি
M বিদ্যালয় N পরিবার

**২৯. মাতৃসূত্রীয় পরিবার ব্যবস্থা প্রচলিত আছে কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মধ্যে?**
K চাকমা ও মারমা L হাজং ও মুরং
M সাঁওতাল ও রাখাইন N খাঁসিয়া ও গারো

**৩০. ডিমোস ও ফেবোস কোন গ্রহের উপগ্রহ?**
K মঙ্গল L বৃহস্পতি
M শনি N নেপচুন

**৩১. গ্রিনিচের দ্রাঘিমা কত ডিগ্রি?**
K ০ ডিগ্রি L ৬০ ডিগ্রি পূর্ব
M ৯০ ডিগ্রি পূর্ব N ১৮০ ডিগ্রি পশ্চিম

**৩২. রুমার বাবা সন্ধ্যায় পশ্চিম আকাশে একটি উজ্জ্বল তারা দেখিয়ে বললেন, এটি সন্ধ্যাতারা। রুমার দেখা তারাটি মূলত—**
i. একটি নক্ষত্র
ii. একটি জ্যোতিষ্ক
iii. একটি গ্রহ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩৩. বাংলাদেশের সর্বোচ্চ পর্বত শৃঙ্গের নাম কী?**
K কিওক্রাডং L মোদকমুয়াল
M তাজিওডং N গারো পাহাড়

**৩৪. গড় হিসেবে বাংলাদেশে উষ্ণতম মাস কোনটি?**
K এপ্রিল L মে
M জুন N জুলাই

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও :**
রাতের খাবার পর আবিদ তার পরিবারের সদস্যদের সাথে বসে টিভি দেখছিল। এমন সময় হঠাৎ তাদের বিল্ডিংটি বেশ জোড়ে কেঁপে উঠলো। বাবা বললেন ভূমিকম্প হচ্ছে। আবিদ তার বাবার কাছ থেকে ভূমিকম্প কি তা ভালোভাবে জেনে নিল।

**৩৫. ভূমিকম্প স্থায়ী হয়—**
i. মাত্র কয়েক সেকেন্ড
ii. মাত্র কয়েক মিনিট
iii. মাত্র কয়েক ঘণ্টা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N ii ও iii

**৩৬. ভূমিকম্প কোন ধরনের দুর্যোগ?**
K রাষ্ট্রীয় দুর্যোগ L প্রাকৃতিক দুর্যোগ
M মানবসৃষ্ট দুর্যোগ N সামুদ্রিক দুর্যোগ

**৩৭. ব্রহ্মপুত্র নদের উৎপত্তি হয়েছে কোথা থেকে?**
K হিমালয়ের গাঙ্গোত্রী
L তিব্বতের মানস সরোবর
M লুসাই পাহাড়
N সিকিমের পার্বত্য অঞ্চল

**৩৮. সুরমা ও কুশিয়ারা কোন জেলায় এসে মেঘনা নাম ধারণ করেছে?**
K সিলেট L সুনামগঞ্জ
M চাঁদপুর N কিশোরগঞ্জ

**৩৯. নদী গুরুত্বপূর্ণ অবদান রাখে—**
i. জীবিকা নির্বাহে
ii. পরিবহনে
iii. কৃষি উৎপাদনে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৪০. রাষ্ট্র গঠনের মুখ্য উপাদান কোনটি?**
K জনসমষ্টি L নির্দিষ্ট ভূখন্ড
M সরকার N সার্বভৌমত্ব

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | L | ৪ | L | ৫ | L | ৬ | M | ৭ | N | ৮ | M | ৯ | M | ১০ | L | ১১ | K | ১২ | K | ১৩ | M | ১৪ | N | ১৫ | N | ১৬ | K | ১৭ | N | ১৮ | K | ১৯ | N | ২০ | M |
| ২১ | N | ২২ | L | ২৩ | M | ২৪ | K | ২৫ | K | ২৬ | M | ২৭ | N | ২৮ | N | ২৯ | N | ৩০ | K | ৩১ | K | ৩২ | L | ৩৩ | M | ৩৪ | K | ৩৫ | K | ৩৬ | L | ৩৭ | L | ৩৮ | L | ৩৯ | N | ৪০ | N |

# কুমিল্লা বোর্ড-২০১৫

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : ১ ৫ ০

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*


**১.** নবাবপুর ইউনিয়নে দীর্ঘদিন ধরে রহমত আলী চেয়ারম্যান হিসেবে আছেন। কোনোভাবেই নির্বাচন হতে দেন না। এবার সব বাধা পার করে এলাকার লোকজন নির্বাচনের ব্যবস্থা করেন। নির্বাচনে উক্ত চেয়ারম্যানকে পরাজিত করতে কয়েকটি দল একত্রিত হয়ে একজনকে মনোনয়ন দেয় এবং মনোনীত ব্যক্তি জিতলেও কিছুদিন পর কর্তৃপক্ষ উক্ত নির্বাচন বাতিল করে।

ক. কার নেতৃত্বে গণআজাদী লীগ গঠিত হয়? ১
খ. পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তানের মধ্যে শিক্ষাক্ষেত্রে যে বৈষম্য ছিল তার বিবরণ দাও। ২
গ. উদ্দীপকে উল্লিখিত নির্বাচন তোমার পাঠ্যবইয়ের কোন নির্বাচনের ইঙ্গিত বহন করছে? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উল্লিখিত রহমত আলীর মত শাসকগোষ্ঠী বেশিদিন ক্ষমতায় টিকে থাকতে পারে না'—উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

**২.** বনি এবং জনি দুজন চাচাতো ভাই একই বাড়িতে বসবাস এবং একই শ্রেণিতে পড়ালেখা করে। বনি সবার সাথে সুন্দর আচরণ করে। পড়ালেখা ভালো করে এবং সে নম্র ও ভদ্র। পক্ষান্তরে জনি ঠিক তার উল্টা। এমনকি বাবা-মায়ের সাথেও ভালো আচরণ করে না। তাছাড়া সব সময় একটা উচ্ছৃঙ্খল আচরণ বা উগ্রতা তার মধ্যে পরিলক্ষিত হয়। বনি মনে মনে ভাবে জনি তো কোনো বাজে ছেলেদের সাথে মেশে না, তাহলে দিন দিন অন্যরকম হয়ে যাচ্ছে কেন?

ক. মানুষের সৃষ্টি করা উপাদানসমূহ নিয়ে কোন পরিবেশ গঠিত? ১
খ. সামাজিকীকরণে সহপাঠীর ভূমিকা বর্ণনা কর। ২
গ. বনি এবং জনির মধ্যকার আচরণের পার্থক্যের কারণ কী? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'জনি'র মতো ছেলেদের 'বনি'র মতো করে গড়ে তুলতে কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক বলে তুমি মনে কর? ৪

**৩.**




ক. সূর্যের উত্তরায়নের শেষ দিন কত তারিখ? ১
খ. মঙ্গল গ্রহে প্রাণীর অস্তিত্ব থাকা সম্ভব নয় কেন? ২
গ. 'A' চিহ্নিত স্থানে কোন ধরনের জোয়ার হয় বা হতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ''B' চিহ্নিত স্থানে 'A' চিহ্নিত স্থানের মতো জোয়ার অসম্ভব।'— উক্তিটিতে তোমার মতামত দাও। ৪

**৪.** বর্তমান সময়ে একটি সম্পদের বেশ সংকট তৈরি হয়েছে। সম্পদটি নিয়ে বিশেষ করে ব্যবস্থাপনার বিষয়ে ব্যাপক গবেষণা চলছে। সম্পদটি প্রকৃতিতে তরল ও বায়বীয় অবস্থায় আছে। পরিবেশ নিয়ে যারা চিন্তাভাবনা করছেন, তাদের চিন্তাভাবনায় উক্ত সম্পদটির প্রতি খুবই গুরুত্ব পরিলক্ষিত হচ্ছে।

ক. কোন নদীর গতিপথে বাঁধ দিয়ে জলবিদ্যুৎ উৎপাদন হচ্ছে? ১
খ. বাংলাদেশের ক্রান্তীয় পাতাঝরা বা পত্র পতনশীল অরণ্যের বর্ণনা দাও। ২
গ. উদ্দীপকে কোন সম্পদ ব্যবস্থাপনার কথা বলা হয়েছে? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত সম্পদ রক্ষায় সম্পদটির সদ্ব্যবহারই যথেষ্ট'— উক্তিটিতে তোমার মতামত দাও। ৪

**৫.** জমির মিয়া একজন গ্রামের জনপ্রতিনিধি। তার কাজের অন্তর্ভুক্ত বিষয়গুলো হলো দারিদ্র্য বিমোচন, স্যানিটেশন, পানি সরবরাহ, আত্মকর্মসংস্থান ও আর্থ-সামাজিক উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা। বর্তমানে দেখা যাচ্ছে তিনি ঐ সমস্ত কাজের পাশাপাশি সমাজের মারামারি, জমিজমা সংক্রান্ত বিরোধ, মেয়েদের ওপর অবিচার ইত্যাদি বিষয়গুলোর বিচারকার্যও তিনি সম্পন্ন করে থাকেন।

ক. মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তা কে? ১
খ. স্থানীয় স্বায়ত্তশাসন বলতে কী বোঝায়? ২
গ. উল্লিখিত জমির মিয়া কোন প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করছেন? সেটি সম্পর্কে ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রতিনিধির বর্তমানে করা কাজের নিরপেক্ষতা সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত কর। ৪

**৬.** 'ক' ও 'খ' পাশাপাশি দুটি রাষ্ট্র। 'ক' রাষ্ট্রের জনগণ যার যার ইচ্ছামত কাজ করে। উৎপাদন ও ভোগের ক্ষেত্রে তারা স্বাধীন। এসব ব্যাপারে রাষ্ট্র কোনো ধরনের হস্তক্ষেপ করে না। কিন্তু 'খ' রাষ্ট্রে এর ঠিক বিপরীত অবস্থা বিদ্যমান।

ক. উপযোগ কী? ১
খ. ইসলামি অর্থনৈতিক ব্যবস্থা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে 'খ' রাষ্ট্রে কোন ধরনের অর্থনৈতিক অবস্থা বিদ্যমান? তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. 'ক' এবং 'খ' রাষ্ট্রের মধ্যকার অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে কার্যকর বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

**৭.** জরিনার স্বামীর সঙ্গে বনিবনা না হওয়ায় সন্তানটিকে নিয়ে সে বাবার বাড়িতে চলে আসে। এখানে এসে সে স্থানীয় একটি প্রতিষ্ঠান থেকে সেলাইয়ের কাজের ওপর প্রশিক্ষণ নেয়। পরবর্তীতে সে একটি সেলাই মেশিন ক্রয়ের জন্য ঋণ নেওয়ার কথা বাবা, ভাইকে বললে, তারা বলে নিজস্ব বা নিজের নামে কোনো জমি বা সম্পদ না থাকলে কোনো ঋণ পাওয়া যায় না। শেষে একটি প্রতিষ্ঠান কোনো কিছু জামানত না রেখে তাকে ঋণ দেওয়ায় সে একটি সেলাই মেশিন ক্রয় করে।

ক. ব্যাংক কীসের ওপর ভিত্তি করে টিকে থাকে? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সর্বশেষ পর্যায়ের ঋণদাতা বলা হয় কেন? ২
গ. জরিনা বেগম কোন ব্যাংক থেকে ঋণ গ্রহণ করলো? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. হত দরিদ্র, সহায়-সম্বলহীন মানুষের আর্থিক উন্নতিতে উক্ত ব্যাংকের অবদান মূল্যায়ন কর। ৪

**৮.** 'ক' এলাকায় প্রায়শই গোলমাল, ঝগড়া-বিবাদ লেগেই থাকে। এলাকার মানুষের মধ্যে কোনো সদ্ভাব নেই। এগুলো দেখে এ ধরনের কাজ বন্ধ করতে এলাকার কিছু যুবক সম্মিলিতভাবে একটি চেষ্টা করে এবং এলাকার অনেক উন্নয়নমূলক কাজ সম্পাদন করে। বর্তমানে ঐ এলাকাসহ অন্যান্য এলাকায় সংঘটি শান্তির দূত হিসেবে পরিচিত হয়ে উঠেছে।

ক. 'লীগ অব নেশনস' কত সালে সৃষ্টি হয়েছিল? ১
খ. নারীর প্রতি বৈষম্যের ক্ষেত্রে সিডও' সনদের ভূমিকা বর্ণনা কর। ২
গ. 'ক' এলাকায় গঠিত সংঘটি বিশ্বমানের কোন প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করছে? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. বিশ্বমানের উক্ত সংঘটির কাজের মূল্যায়ন কর। ৪

**৯.** রবিন বেশ কয়েক বছর দেশের বাইরে ছিল। মাস দুয়েক হলো সে দেশে এসেছে। বাড়িতে এসে সে বেশ কিছু শারীরিক অসুবিধা অনুভব করছে। অসুবিধাগুলো হলো শরীরের ওজন কমে যাওয়া, সব সময় শরীরে জ্বর থাকা ও ডাইরিয়া লেগে থাকা, তাছাড়া শুকনা কাশি ও ঘাড়ের ব্যথাও আছে। এমতাবস্থায় পরিবারের লোকজন তাকে ডাক্তারের নিকট নিয়ে গেলে। ডাক্তার তাকে পরীক্ষা নিরীক্ষা না করে ঔষধ দিতে রাজি হলেন না।

ক. বাংলাদেশের শিশু আইনে কত বছরের কম বয়সী প্রত্যেকেই শিশু? ১
খ. সামাজিক মূল্যবোধের ধারণাটি বর্ণনা কর। ২
গ. উদ্দীপকে রবিনের কোন রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. রবিনের মতো যাতে আর কোনো লোক উক্ত রোগে আক্রান্ত না হয় তার জন্য তোমার পরামর্শ কী? ৪

# কুমিল্লা বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. কত সালে পাকিস্তানের সংবিধানে বাংলা ভাষাকে অন্তর্ভুক্ত করা হয়?**
K ১৯৫৪ L ১৯৫৬
M ১৯৫৮ N ১৯৬০

**২. পূর্ববাংলার মুক্তিসনদ কোনটি?**
K ভাষা আন্দোলন
L ১৯৬৯ এর গণ-অভ্যুত্থান
M ৬ দফা N ২১ দফা

**৩. কত হাজার পাকসেনা নিঃশর্তে যৌথ কমান্ডের নিকট আত্মসমর্পণ করে?**
K ৯২ L ৯৩
M ৯৪ N ৯৫

**৪. বাংলাদেশ সর্বপ্রথম কোন সংস্থার সদস্যপদ লাভ করে?**
K জাতিসংঘ L খাদ্য ও কৃষি সংস্থা
M বিশ্বস্বাস্থ্য সংস্থা N ব্রিটিশ কমনওয়েলথ

**৫. ভারত কত তারিখে বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে?**
K ৬ ডিসেম্বর ১৯৭১ L ৭ ডিসেম্বর ১৯৭১
M ৮ ডিসেম্বর ১৯৭১ N ৯ ডিসেম্বর ১৯৭১

**নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
রহিমের মায়ের মৃত্যুর পর তার বাবা ২য় বিয়ে করেন। রহিমের সৎমা রহিমের ওপর অত্যাচার চালায়। রহিম ক্লাসে অমনোযোগী থাকে। বন্ধুদের সাথে মেলামেশা করেনা। পরবর্তীতে সে অসুস্থ হয়ে পড়ে।

**৬. রহিমের এই পরিণতির জন্য সামাজিকীকরণের কোন মাধ্যমটি দায়ী?**
K বিদ্যালয় L খেলার সাথি
M গণমাধ্যম N পরিবার

**৭. রহিমকে সুস্থজীবনে ফিরিয়ে আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে—**
i. শিক্ষক ii. সাংবাদিক
iii. বন্ধু-বান্ধব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৮. পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি?**
K বুধ L শুক্র
M মঙ্গল N বৃহস্পতি


**৯. ১২°৩০′ দ্রাঘিমার জন্য সময়ের পার্থক্য কত?**
K ৩৯ মিনিট L ৪৫ মিনিট
M ৫০ মিনিট N ৫৪ মিনিট

**১০. আহ্নিক গতির ফলে—**
i. দিবা-রাত্রির হ্রাস-বৃদ্ধি হয়
ii. দিন ও রাত হয়
iii. জোয়ার ও ভাটা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১১. মিম ১০ম শ্রেণির ছাত্রী। সে শিক্ষাসফরে সিলেট জেলায় যায়। মিম এখন ভূমিকম্পের কোন বলয়ে অবস্থিত?**
K প্রথম L দ্বিতীয়
M তৃতীয় N চতুর্থ

**১২. পৃথিবীর অন্যতম বৃহৎ ব-দ্বীপ কোনটি?**
K শ্রীলংকা L মায়ানমার
M অস্ট্রেলিয়া N বাংলাদেশ

**নিচের মানচিত্রটি লক্ষ কর এবং ১৩ হতে ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**




**১৩. 'A' চিহ্নিত স্থানে প্রবাহিত বাংলাদেশের নদীর নাম কী?**
K সুরমা L তিস্তা
M কর্ণফুলী N পদ্মা

**১৪. উক্ত নদীর উৎপত্তিস্থল কোথায়?**
K আরাকান পাহাড়
L তিব্বতের মানস সরোবর
M হিমালয় পর্বত
N লুসাই পাহাড়

**১৫. উক্ত নদীর প্রধান অর্থনৈতিক গুরুত্ব কী?**
K মাছ ধরা L নৌ চলাচল
M পানিবিদ্যুৎ কেন্দ্র N কৃষি কাজের জন্য

**১৬. আইনের উৎস—**
i. বিচার সংক্রান্ত রায়
ii. বিজ্ঞানসম্মত আলোচনা
iii. দুর্নীতিমুক্ত সমাজ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৭. রাষ্ট্রের অপরিহার্য তৃতীয় উপাদান কোনটি?**
K সার্বভৌমত্ব L সরকার
M জনসমষ্টি N নির্দিষ্ট ভূখণ্ড

**১৮. আইনের শাসন কায়েম হয় না, যখন—**
i. বিচার বিভাগের স্বাধীনতা থাকে না
ii. গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি হয় না
iii. সকলের অধিকার সমভাবে সংরক্ষিত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৯. কার পরামর্শ ও নির্দেশক্রমে অর্থমন্ত্রী বাজেট প্রণয়ন করেন?**
K রাষ্ট্রপতি L স্পিকার
M প্রধানমন্ত্রী N রাজনৈতিক দল

**২০. প্রধানমন্ত্রীকে নির্বাহী প্রধান বলার কারণ তিনি—**
K বাজেট প্রণয়ন ও উপস্থাপন করেন
L আইন প্রণয়ন ও পরিবর্তন করেন
M প্রতিরক্ষা সংক্রান্ত নেতৃত্ব প্রদান করেন
N পুরো শাসন ব্যবস্থার নেতৃত্ব প্রদান করেন

**২১. বাংলাদেশের বিচার বিভাগ—**
K পরাধীন
L স্বতন্ত্র ও স্বাধীন
M জাতীয় সংসদের নির্দেশে চলে
N মন্ত্রিপরিষদের নির্দেশে চলে

**২২. ইউনিয়ন পরিষদ নির্বাচনে মিঃ সেন্টু তার প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রতীক সম্পর্কে মিথ্যা কথা বলে এবং তার কর্মীরা ভোটকেন্দ্র থেকে ব্যালট পেপার ও ব্যালট বাক্স ছিনতাই করে। মিঃ সেন্টুর আচরণ কী ধরনের অপরাধ?**
K মালপত্র চুরির অপরাধ
L নির্বাচনি আচরণ বিধি লঙ্ঘন
M ফৌজদারি অপরাধ
N দুর্নীতিমূলক অপরাধ

**২৩. গণতন্ত্র সাধারণত কয় পদ্ধতিতে কার্যকর হয়?**
K ২ L ৩
M ৪ N ৫

**২৪. দুর্নীতি উচ্ছেদ করা সম্ভব—**
i. ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে
ii. আইনের শাসন প্রতিষ্ঠা করে
iii. সামাজিক আন্দোলন গড়ে তুলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৫. বর্তমানে বিশ্বের কতটি দেশ জাতিসংঘের সদস্য?**
K ১৯২ L ১৯৩
M ১৯৪ N ১৯৫

**২৬. কোন দেশের অন্যতম ব্যস্ত সড়কের নাম হয়েছে "বাংলাদেশ সড়ক"?**
K শ্রীলংকা L কানাডা
M আইভরি কোস্ট N সিয়েরা লিওন

**২৭. ঢাকার রেলপথ কোন ধরনের সম্পদ?**
K সামাজিক সম্পদ L সমষ্টিগত সম্পদ
M আন্তর্জাতিক সম্পদ N ব্যক্তিগত সম্পদ

**২৮. শাকিল একটি গার্মেন্টস ফ্যাক্টরির মালিক। তার এই ফ্যাক্টরির যন্ত্রপাতি উৎপাদনের কোন ধরনের উপাদান?**
K ভূমি L শ্রম
M মূলধন N সংগঠন

**২৯. কোন অর্থব্যবস্থায় অর্জিত মুনাফার মালিক রাষ্ট্র?**
K ধনতান্ত্রিক L সমাজতান্ত্রিক
M মিশ্র N ইসলামি

**৩০. একটি দেশের GDP = ৭,০০০ কোটি ডলার, বিদেশে অবস্থানরত দেশি জনগণের আয় = ৩,০০০ কোটি ডলার এবং দেশে অবস্থানরত বিদেশিদের আয় = ২,৫০০ কোটি ডলার। তাহলে, GNP = কত?**
K ৭,৫০০ কোটি ডলার
L ৯,৫০০ কোটি ডলার
M ১০,০০০ কোটি ডলার
N ১২,৫০০ কোটি ডলার

**৩১. বাংলাদেশের অর্থনীতির বৈশিষ্ট্য—**
i. কৃষিপ্রধান
ii. শিল্প নির্ভর
iii. প্রাকৃতিক ও মানব সম্পদের অপূর্ণ ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩২. জাপানের মাথাপিছু মোট জাতীয় আয় কত ইউ.এস. ডলার?**
K ৭২,১৫০ L ৬২,১৫০
M ৫২,১৫০ N ৪২,১৫০

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও :**
মিঃ রাতুল একটি শিল্প কারখানা স্থাপন করেন। তিনি ব্যাংকের নিকট তার সম্পত্তি বন্ধক রেখে ঋণ গ্রহণ করেন।

**৩৩. মিঃ রাতুল কোন ব্যাংক থেকে ঋণ নিয়েছেন?**
K কেন্দ্রীয় ব্যাংক L কৃষি ব্যাংক
M গ্রামীণ ব্যাংক N বাণিজ্যিক ব্যাংক

**৩৪. রাতুলকে ঋণ প্রদানকারী ব্যাংকের কার্যাবলি হলো—**
i. জাতীয় বাজেট প্রণয়নে সাহায্য করা
ii. জনগণের নিকট থেকে আমানত গ্রহণ করা
iii. বিনিময়ের মাধ্যম সৃষ্টি করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩৫. কোন ব্যাংক অন্যান্য ব্যাংকের ক্লিয়ারিং হাউজ হিসেবে দায়িত্ব পালন করে?**
K কেন্দ্রীয় ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M কৃষি ব্যাংক N গ্রামীণ ব্যাংক

**৩৬. সামাজিক পরিবর্তনের অন্যতম উপাদান কোনটি?**
K প্রাকৃতিক উপাদান L সাংস্কৃতিক উপাদান
M জৈবিক উপাদান N যোগাযোগ

**৩৭. কোনটি শিল্পায়নের ফল?**
K নগরায়ণ L সংস্কৃতি
M শিক্ষা N প্রযুক্তি

**৩৮. সমাজে নৈরাজ্য সৃষ্টির জন্য দায়ী—**
i. সংস্কৃতি পরিপন্থি কর্মকাণ্ড
ii. অপসংস্কৃতির অনুপ্রবেশ
iii. রাজনৈতিক অস্থিতিশীলতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩৯. ডাম্বেল আমেনাকে এসিড নিক্ষেপ করে। ফলে আমেনার মুখমণ্ডল বিকৃত হয়। এসিড নিক্ষেপের জন্য ডাম্বেলের শাস্তি হতে পারে—**
i. মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড
ii. অনূর্ধ্ব এক লক্ষ টাকার অর্থদণ্ড
iii. সাত বছর সশ্রম কারাদণ্ড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৪০. বাংলাদেশে মোট কত বর্গকিলোমিটার স্রোতজ বা গরান বনভূমি রয়েছে?**
K ৩,১৯২ L ৪,১৯২
M ৫,১৯২ N ৬,১৯২

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | L | ২ | M | ৩ | L | ৪ | N | ৫ | K | ৬ | N | ৭ | M | ৮ | L | ৯ | M | ১০ | L | ১১ | K | ১২ | N | ১৩ | M | ১৪ | N | ১৫ | M | ১৬ | K | ১৭ | L | ১৮ | K | ১৯ | M | ২০ | N |
| | ২১ | L | ২২ | L | ২৩ | K | ২৪ | L | ২৫ | L | ২৬ | M | ২৭ | L | ২৮ | M | ২৯ | L | ৩০ | K | ৩১ | M | ৩২ | N | ৩৩ | N | ৩৪ | M | ৩৫ | K | ৩৬ | N | ৩৭ | K | ৩৮ | N | ৩৯ | K | ৪০ | L |

# চট্টগ্রাম বোর্ড-২০১৫

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট — মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** আঁখি তার বন্ধু লুসির জন্মদিনের শুভেচ্ছায় বাংলায় 'শুভ জন্মদিন' লিখে পাঠিয়ে গর্ববোধ করে। পাশ্চাত্য ভাবধারায় বেড়ে ওঠা লুসি তার কাজটি সমর্থন করতে পারেনি। সে ইংরেজিতে প্রচলিত শব্দ 'HAPPY BIRTH DAY' আশা করেছিল।

ক. কত সালে ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান ঘটে? ১

খ. জাতীয়তাবোধ বলতে কী বোঝায়? ২

গ. আঁখির মানসিকতায় ঐতিহাসিক কোন ঘটনার ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর লুসির চিন্তা-চেতনা বাঙালি জাতীয়তাবাদ বিকাশের অন্তরায়? যুক্তিসহ লিখ। ৪

**২.** মামুনের পরিবারে তার স্ত্রী সন্তান ছাড়াও তার মা-বাবা, ভাই-বোন বসবাস করে। সন্তানের লেখাপড়া চালাতে তাকে খুব বেগ পেতে হয়। তার বন্ধু দিলিপ চাকরি পেয়ে স্ত্রী-সন্তান নিয়ে শহরে বসবাস করে।

ক. পরিবার গঠনের পূর্বশর্ত কী? ১

খ. মিথস্ক্রিয়া বলতে কী বোঝায়? ২

গ. দিলিপের পরিবারের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. 'নগরায়ণের সাথে সাথে মামুনের মত পরিবার বিলুপ্ত হয়ে যাচ্ছে'— বিশ্লেষণ কর। ৪

**৩.** বাবুলের স্কুলে যাওয়ার পথে খালের ওপর পুরাতন সাঁকোটি হঠাৎ একদিন ভেঙে যায়। বর্তমান সরকার সেখানে সংযোগ রাস্তাসহ একটি পাতা সেতু নির্মাণ করেছে। বাবুল ও তার বন্ধুরা এখন ভালোভাবে স্কুলে যেতে পেরে খুব খুশি।

ক. এরিস্টটল প্রদত্ত নাগরিকের সংজ্ঞাটি লিখ। ১

খ. সার্বভৌমত্ব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সরকারের কোন কাজের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. এ ধরনের কাজ ছাড়া সরকারকে আর কী ধরনের কাজ করতে হয়? বিশ্লেষণ কর। ৪

**৪.** কানিজ এর পিতা সরকারের একটি শাখার সদস্য। তিনি তার এলাকায় উন্নয়ন কার্যক্রম তদারকিসহ আইন প্রণয়নে সরকারকে সহযোগিতা করেন। তিনি সরকারের ভালো কাজের প্রশংসা এবং মন্দ কাজের সমালোচনা করেন।


ক. প্রাচীন গ্রিসে নগর রাষ্ট্রগুলোতে কী ধরনের গণতন্ত্র প্রচলিত ছিল? ১

খ. স্থানীয় স্বায়ত্তশাসন বলতে কী বোঝ? ২

গ. কানিজের পিতা সরকারের যে শাখার সদস্য তার গঠন ব্যাখ্যা কর। ৩

ঘ. কানিজের পিতার শেষোক্ত কাজটির মাধ্যমে কি প্রশাসনকে নিয়ন্ত্রণ করা যায়? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৫.**




বায়ুর স্তর

ক. মেরু রেখা কাকে বলে? ১

খ. ভূত্বক বলতে কী বোঝায়? ২

গ. বায়ুমণ্ডলের 'A' স্তরটির ব্যাখ্যা দাও। ৩

ঘ. পৃথিবীকে বাসযোগ্য করতে বায়ুমণ্ডলের 'C' স্তরের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

**৬.** রুমি গ্রীষ্মের ছুটিতে নোয়াখালীর হাতিয়ায় বেড়াতে যায়। রুমি যে বাড়িতে উঠে তার পাশ দিয়েই একটি নদী বয়ে গেছে। সে লক্ষ করে, এক সময় নদীটি পানিতে কানায় কানায় ভরে যায় আবার নির্দিষ্ট সময় পরে পানি অনেক নিচে নেমে যায়।

ক. অক্ষাংশ কাকে বলে? ১

খ. প্রতিপাদ স্থান ধারণার ব্যাখ্যা দাও। ২

গ. রুমির দেখা ঘটনাটির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের ওপর উক্ত ঘটনার প্রভাব বিশ্লেষণ কর। ৪

**৭.** কামাল ও তার ইউরোপ প্রবাসী বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া বন্ধুর মধ্যে ফেসবুকে চ্যাটিং হচ্ছে:

কামাল **:** দোস্ত, বর্তমানে তুমি কত টাকা বৃত্তি পাচ্ছ?

নূর **:** আগের মতোই, মাসিক ১০০০ রুবল।

কামাল **:** বর্তমান দুর্মূল্যের বাজারে এই অর্থ দিয়ে তোমার কী সারা মাস চলে?

নূর **:** হ্যাঁ, কেননা, এ দেশে কেউ ইচ্ছে করলে দ্রব্যের দাম বাড়াতে পারে না। সবকিছুতে সরকারের নিয়ন্ত্রণ থাকে।

ক. অভাব কী? ১

খ. উৎপাদন বলতে কী বোঝায়? ২

গ. নূরের অধ্যয়নরত দেশে কী ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. আমাদের দেশের অর্থব্যবস্থার সাথে উক্ত অর্থব্যবস্থার সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

**৮.** 'A' দেশের মোট জাতীয় উৎপাদন এ বছর ৫০,০০০ কোটি টাকা। দেশটি এ বছর আমদানি করেছে ২০,০০০ কোটি টাকার সমপরিমাণ দ্রব্য ও সেবাসামগ্রী। অন্যপক্ষে দেশটি রপ্তানি ও প্রবাসী নাগরিকদের নিকট থেকে রেমিটেন্স বাবদ এ বছর ৩০,০০০ কোটি টাকা অর্জন করেছে।

ক. ভোগ কাকে বলে? ১

খ. মাথাপিছু আয় বলতে কী বোঝায়? ২

গ. 'A' দেশটির এ বছর GDP কত? ব্যাখ্যা কর। ৩

ঘ. আমদানি-রপ্তানি (রেমিটেন্সসহ) বিবেচনায় 'A' দেশকে কি ক্রমপ্রসারমান অর্থনীতির দেশ বলা যায়? যুক্তিসহ লিখ। ৪

**৯.** কাসেম সাহেব দীর্ঘদিন ঢাকায় বসবাস করেন। বহু বছর তার গ্রামের বাড়ি যাওয়া হয়নি। এবার ভাতিজার বিয়েতে গ্রামের বাড়ি গিয়ে দেখেন প্রতিটি ঘরে টেলিভিশন। সহজে দেশ বিদেশের খবর সেখানে পাওয়া যাচ্ছে। বিদ্যালয়ে আইসিটির (ICT) মাধ্যমে শিক্ষাদান চলছে। বর্তমানে তার গ্রামের মেয়েরা শহরে গিয়ে চাকরি করছে।

ক. কিংসলে ডেভিস এর মতে সামাজিক পরিবর্তন কী? ১

খ. নারীর ক্ষমতায়ন বলতে কী বোঝায়? ২

গ. কাসেম সাহেবের গ্রামে সামাজিক পরিবর্তনে যে উপাদানটির কার্যকারিতা পরিলক্ষিত হয় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উক্ত উপাদানটি সামাজিক পরিবর্তনের একমাত্র কারণ? বিশ্লেষণ কর। ৪

# চট্টগ্রাম বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ **বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড: | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. কাকে দিয়ে প্রথম শহীদ মিনার উদ্বোধন করা হয়?**
K শফিউরের পিতা L আব্দুর রউফের পিতা
M সালামের পিতা N আবুল বরকতের পিতা

**২. ১৫ মার্চ সংগ্রাম পরিষদের সঙ্গে ৮ দফা চুক্তিতে স্বাক্ষর করেন কে?**
K নুরুল আমীন L জুলফিকার আলী ভুট্টো
M খাজা নাজিমুদ্দীন N রাও ফরমান আলী

**৩. মুক্তিযুদ্ধ পরিচালনা উপদেষ্টা কমিটির আহ্বায়ক কে ছিলেন?**
K ডঃ আনোয়ার পাশা
L তাজউদ্দিন আহমদ
M সৈয়দ নজরুল ইসলাম
N এম আর আকতার মুকুল

**৪. ১৯৪৭ এর পর রাজনৈতিক দল ও নেতৃত্বের মধ্যে যে ধারা লক্ষ করা যায় তা হলো—**
i. পাকিস্তানের অনুগত রাজনৈতিক দল
ii. পূর্ব বাংলার স্বার্থ রক্ষার জন্য সোচ্চার রাজনৈতিক দল
iii. সাম্যবাদী আদর্শের রাজনৈতিক ধারা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৫. অষ্টম জাতীয় সংসদ নির্বাচন কত তারিখে অনুষ্ঠিত হয়?**
K ২০০১ সালের ১ সেপ্টেম্বর
L ২০০১ সালের ১ অক্টোবর
M ২০০১ সালের ২৫ নভেম্বর
N ২০০১ সালের ২৫ ডিসেম্বর

**নিচের তালিকাটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**

| রাষ্ট্রপতি | রাষ্ট্রপতি |
|---|---|
| বিচারপতি এ.এম. সায়েম | বিচারপতি আহসান উদ্দিন |
| প্রধান সামরিক আইন প্রশাসক 'ক' | প্রধান সামরিক আইন প্রশাসক 'খ' |

**৬. প্রধান সামরিক আইন প্রশাসক 'ক' বলতে কাকে বোঝানো হয়েছে?**
K বিচারপতি আব্দুস সাত্তার
L খন্দকার মোশতাক
M জেনারেল জিয়াউর রহমান
N জেনারেল এরশাদ

**৭. তালিকায় উল্লিখিত শাসক 'ক' এবং 'খ' এর মধ্যেকার বৈসাদৃশ্য হলো—**
i. সংবিধান সংশোধন
ii. ইনডেমনিটি অধ্যাদেশ জারি
iii. সার্ক গঠনের উদ্যোগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৮. গোষ্ঠীবদ্ধ মানুষের মূল্যবোধের পরিচয় পাওয়া যায়—**
K বৈষয়িক উন্নতির মাধ্যমে
L আর্থিক স্বচ্ছলতার মাধ্যমে
M সমৃদ্ধি লাভের মাধ্যমে
N জীবনধারার মাধ্যমে

**৯. অনুলোম বিবাহভিত্তিক পরিবার কোন পরিবারের অন্তর্ভুক্ত?**
K বহির্গোত্র L অন্তর্গোত্র
M প্রতিলোম N বহুগোত্রীয়

**১০. কত সালে নূর হোসেন পুলিশের গুলিতে নিহত হন?**
K ১৯৮৬ L ১৯৮৭
M ১৯৮৮ N ১৯৮৯

**১১. সূর্য থেকে শুক্রের এবং পৃথিবী থেকে শুক্রের দূরত্বের পার্থক্য কত কোটি কিলোমিটার?**
K ৪.৩ L ৫.৮
M ৬.৫ N ৭.৮


**১২. 'নিফে' স্তরটি কোন মণ্ডলে অবস্থিত?**
K ট্রপোমণ্ডলে L গুরুমণ্ডলে
M অশ্বমণ্ডলে N কেন্দ্রমণ্ডলে

**১৩. একটি স্থানের দ্রাঘিমা ৯০° পূর্ব এবং অপর একটি স্থানের দ্রাঘিমা ৭০° পূর্ব, স্থান দুটির মধ্যেকার সময়ের পার্থক্য কত?**
K ১ ঘণ্টা L ১ ঘণ্টা ২০ মিনিট
M ১ ঘণ্টা ৩০ মিনিট N ১ ঘণ্টা ৪০ মিনিট

**১৪. মিতা ও তার বন্ধুরা মিলে রাঙামাটি বেড়াতে গিয়ে গর্জন, চাপালিশ, জারুল, মেহগনি ইত্যাদি বৃক্ষ দেখতে পায় — মিতারা কোন বনভূমিতে বেড়াতে গিয়েছিল?**
K শালবন বিহার L ক্রান্তীয় পত্রপতনশীল
M স্রোতজ বনভূমি N ক্রান্তীয় চিরহরিৎ

**১৫. দক্ষিণ এশিয়ার দেশগুলো প্রচুর সৌরশক্তি পায় কোন অক্ষাংশে অবস্থিত হওয়ার কারণে?**
K ০°-৩০° L ৩০°-৬০°
M ৬০°-৯০° N ৮০°-৯০°

**নিচের চিত্রটি লক্ষ কর এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**




বাংলাদেশের খণ্ডিত মানচিত্র

**১৬. 'ক' চিহ্নিত স্থানে কোনটি অবস্থিত?**
K মধুপুর ও ভাওয়ালের গড়
L বরেন্দ্র ভূমি
M লালমাই পাহাড়
N ময়নামতি পাহাড়

**১৭. চিত্রে 'ক' এবং 'খ' চিহ্নিত স্থানের আয়তনের পার্থক্য কত বর্গ কিলোমিটার?**
K ২,১২২ L ৩,৯২২
M ৪,৮২৪ N ৫,২১৭

**১৮. কোন সময়ে উত্তর গোলার্ধে বসন্তকাল বিরাজ করে?**
K জানুয়ারি-মার্চ L ফেব্রুয়ারি-এপ্রিল
M মার্চ-মে N এপ্রিল-জুন

**১৯. 'ডিমোস' ও 'ফেবোস' কোন গ্রহের উপগ্রহ?**
K শনি L পৃথিবী
M মঙ্গল N বৃহস্পতি

**২০. 'রাষ্ট্র যদি হয় জীবদেহ তবে সরকার হলো এর মস্তিষ্কস্বরূপ' — কে বলেছেন?**
K ম্যাকাইভার L অধ্যাপক গার্নার
M এরিস্টটল N ই.এম.হোয়াইট

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
বীণা তার পিতার মৃত্যুর পর সম্পদের একটি অংশ পাবে। বড় ভাই রশিদ মিয়া প্রত্যেক ভাইবোনকে বাবার রেখে যাওয়া সম্পত্তি বণ্টনের ব্যবস্থা করেন।

**২১. রশিদ মিয়া আইনের কোন উৎসটি প্রয়োগ করেছেন?**
K ন্যায়বোধ L প্রথা
M বিচার সংক্রান্ত N বর্ণ

**২২. রশিদ মিয়া যেভাবে সম্পত্তি ভাগ করবেন তাতে বীণা কত অংশ পাবে?**
K এক ভাইয়ের অর্ধেক
L এক ভাইয়ের এক-তৃতীয়াংশ
M এক ভাইয়ের এক-চতুর্থাংশ
N এক ভাইয়ের সমান অংশ

**২৩. সংসদের নেতা কে?**
K রাষ্ট্রপতি L প্রধানমন্ত্রী
M স্পিকার N বিরোধীদলীয় নেতা

**২৪. রাষ্ট্রবিজ্ঞানী হল্যান্ড আইনের কয়টি প্রধান উৎসের কথা বলেছেন?**
K ৫ L ৬
M ৭ N ৮

**২৫. কত সালে ইউনিয়ন বোর্ড নামে একটিমাত্র স্থানীয় সরকার প্রতিষ্ঠা করা হয়?**
K ১৯১৭ L ১৯১৮
M ১৯১৯ N ১৯২০

**২৬. গণতন্ত্র সর্বপ্রথম প্রচলিত হয় কোথায়?**
K এথেন্সে L যুক্তরাষ্ট্রে
M ফ্রান্সে N ইংল্যান্ডে

**২৭. 'আধুনিক গণতান্ত্রিক শাসন কার্যত রাজনৈতিক দলের শাসন' — সংজ্ঞাটি কে দিয়েছেন?**
K ম্যাকাইভার
L গ্রাহাম সামনার
M অধ্যাপক গেটেল N অধ্যাপক ফাইনার

**নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
গনির বড় ভাই কোরিয়ায় অবস্থান করায় উপজেলা পরিষদ নির্বাচনে গনি বড় ভাইয়ের হয়ে ভোট দিতে গিয়ে পোলিং অফিসারের নিকট ধরা পড়ে।

**২৮. গনি মিয়ার অপরাধের শাস্তি হতে পারে কোন গণপ্রতিনিধিত্ব আদেশ অনুযায়ী?**
K ১৯৭২ L ১৯৭৩
M ১৯৭৪ N ১৯৭৫

**২৯. গনি মিয়ার উক্ত অপরাধের জন্য যে ধরনের শাস্তি হতে পারে তা হলো—**
i. সর্বোচ্চ ১০ বৎসর কারাদণ্ড জরিমানাসহ
ii. সর্বনিম্ন ২ বৎসর কারাদণ্ড জরিমানাসহ
iii. যাবজ্জীবন কারাদণ্ড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩০. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য রাষ্ট্র?**
K ১৩৫ L ১৩৬
M ১৩৭ N ১৩৮

**৩১. উৎপাদনের ক্ষেত্রে যেসব পারিতোষিক দেওয়া হয় সেগুলি হলো—**
i. খাজনা ও মজুরি
ii. সুদ ও মুনাফা
iii. সম্পদ ও ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩২. জাতীয় উৎপাদনের মধ্যে অন্তর্ভুক্ত হবে—**
i. বিদেশে বসবাসকারী দেশি নাগরিকের আয়
ii. দেশে কর্মরত বিদেশি নাগরিকের আয়
iii. বিদেশে অবস্থানরত দেশি সংস্থার আয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩৩. ব্যক্তি বা বেসরকারি খাতের প্রাধান্য থাকে কোন অর্থব্যবস্থায়?**
K সামন্ততান্ত্রিক L সমাজতান্ত্রিক
M ইসলামি N মিশ্র

**৩৪. দেশের অভ্যন্তরে উৎপাদিত ও ব্যবহৃত দ্রব্যের ওপর ধার্যকৃত করকে কোন কর বলে?**
K বাণিজ্য L আবগারি
M মূল্য সংযোজন N সম্পূরক

**৩৫. কেন্দ্রীয় ব্যাংকের কাজ হলো—**
i. বন নিয়ন্ত্রণ করা
ii. নিকাশ ঘর হিসেবে কাজ করা
iii. বিনিময়ের মাধ্যম সৃষ্টি করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩৬. বন্যা, খরা, ঘূর্ণিঝড় ইত্যাদি দুর্যোগ মোকাবিলায় সরকারকে কোন ব্যয় করতে হয়?**
K স্বাস্থ্য ও পরিবার কল্যাণ
L সমাজকল্যাণমূলক
M অপ্রত্যাশিত
N অন্যান্য খাতভুক্ত

**৩৭. বিশ্বব্যাংক মাথাপিছু মোট জাতীয় আয়ের ভিত্তিতে পৃথিবীর দেশগুলোকে কয়ভাগে ভাগ করেছে?**
K ৫ L ৪
M ৩ N ২

**৩৮. এইডস রোগের লক্ষণ হলো—**
i. শ্বাসতন্ত্রে সংক্রমণ
ii. সার্বক্ষণিক জ্বর iii. শুকনা কাশি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩৯. জাতিসংঘ শিশু অধিকার কনভেনশন অনুযায়ী কত বছরের কম বয়সী সকলেই শিশু?**
K ১৬ L ১৭
M ১৮ N ১৯

**৪০. 'মুজিব নগর' সরকার কত তারিখে গঠন করা হয়?**
K ৭ এপ্রিল L ৮ এপ্রিল
M ৯ এপ্রিল N ১০ এপ্রিল

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | M | ৩ | L | ৪ | N | ৫ | L | ৬ | M | ৭ | L | ৮ | N | ৯ | K | ১০ | L | ১১ | M | ১২ | N | ১৩ | L | ১৪ | L | ১৫ | K | ১৬ | K | ১৭ | N | ১৮ | L | ১৯ | M | ২০ | L |
| ২১ | L | ২২ | K | ২৩ | L | ২৪ | L | ২৫ | M | ২৬ | K | ২৭ | N | ২৮ | K | ২৯ | K | ৩০ | L | ৩১ | K | ৩২ | M | ৩৩ | N | ৩৪ | L | ৩৫ | L | ৩৬ | M | ৩৭ | M | ৩৮ | N | ৩৯ | M | ৪০ | N |

# সিলেট বোর্ড-২০১৫

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট — মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*


**১.** প্রভাতফেরি, প্রভাতফেরি আমায় নিবে সঙ্গে
বাংলা আমার বচন আমি জন্মেছি এই বঙ্গে।
আগামীকাল আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের অনুষ্ঠানে রাতুল আবৃত্তি করবে। তার মা কবিতাটি শেখাচ্ছেন। রাতুলের আবৃত্তি শুনে বৃদ্ধ দাদু মোশারফ সাহেবের তাঁর ছাত্র জীবনের একটি আন্দোলনের কথা মনে পড়ে গেল। ফেব্রুয়ারি মাসের সেই দিনে ঢাকা শহরে ছাত্র-জনতা বিশাল মিছিল নিয়ে ১৪৪ ধারা ভঙ্গ করতে রাস্তায় বেরিয়ে পড়ে। শুরু হয় পুলিশের সাথে সংঘর্ষ। সেই গোলাগুলিতে অনেকে শহীদ হন।

ক. ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান হয় কবে? ১
খ. 'তমুদ্দুন মজলিশ' সংগঠনটির উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মোশারফ সাহেবের মনে পড়া আন্দোলনটির প্রেক্ষাপট ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বাঙালি জাতীয়তাবাদের বিকাশে উক্ত আন্দোলন সকলকে ঐক্যবদ্ধ করেছে'— তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

**২. প্রথম বক্তা:** স্বাধীনতা যুদ্ধের পূর্ব মুহূর্তের জাতীয় নির্বাচনটি পাকিস্তানের ইতিহাসে একটি যুগান্তকারী ঘটনা।
**দ্বিতীয় বক্তা:** হ্যাঁ, এই নির্বাচনে পূর্ব পাকিস্তানের একটি রাজনৈতিক দল এককভাবে সরকার গঠনের জন্য বিপুল আসন লাভ করে। কিন্তু তারা সরকার গঠন করতে চাইলেও নানা কারণে তা আর হয়নি।
**প্রথম বক্তা:** বাংলাদেশ রাষ্ট্রের অভ্যুদয়ের পিছনে ঐ নির্বাচন মূল সিঁড়ি হিসেবে ভূমিকা রেখেছে।

ক. বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে? ১
খ. মুক্তিযুদ্ধে ছাত্রসমাজের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রথম বক্তার বর্ণিত নির্বাচনটি কীভাবে বাঙালি জাতীয়তাবাদের উত্থান ঘটিয়েছিল ব্যাখ্যা কর। ৩
ঘ. দ্বিতীয় বক্তা যে রাজনৈতিক দলটির কথা বলেছেন বাংলাদেশের মুক্তিযুদ্ধে তাদের গুরুত্ব অনস্বীকার্য— তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

**৩.**





চিত্র: বাংলাদেশের ভূ-প্রকৃতি

ক. লালমাই পাহাড়ের আয়তন কত? ১
খ. বাংলাদেশের ভূমি ব্যবহারে জনবসতি বিস্তারের প্রভাব কী? ২
গ. বাংলাদেশের 'B' চিহ্নিত স্থানের ভূমিরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. 'A' চিহ্নিত ভূ-প্রাকৃতিক অঞ্চলের অর্থনৈতিক গুরুত্ব কতটুকু তোমার মতামত দাও। ৪

**৪.** রফিক সাহেব ১৩ সদস্যবিশিষ্ট একটি স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নির্বাচিত চেয়ারম্যান। তিনি তার সদস্যদের সাথে আলোচনা ও মতামত নিয়ে বিভিন্ন জনকল্যাণমূলক ও সেবাধর্মী কাজ করেন। এলাকার কৃষি, গ্রামীণ শিল্পের বিকাশ, কর্মসংস্থান সৃষ্টিসহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব তিনি নিষ্ঠার সাথে পালন করে থাকেন।


ক. বাংলাদেশের আইনসভার নাম কী? ১
খ. জেলা পরিষদের গঠন বর্ণনা কর। ২
গ. রফিক সাহেব যে স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চেয়ারম্যান উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'জনশৃঙ্খলা রক্ষা করা রফিক সাহেবের প্রতিষ্ঠানের একটি অন্যতম কাজ'— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? বিশ্লেষণ কর। ৪

**৫.**




ক. পৃথিবীর কেন্দ্রে কোণের পরিমাণ কত? ১
খ. জোয়ারভাটার বলতে কী বোঝায়? ২
গ. পৃথিবীর 'A' চিহ্নিত স্থানের অবস্থানের ব্যাখ্যা কর। ৩
ঘ. পৃথিবীর 'B' চিহ্নিত অবস্থানের বাংলাদেশে ঋতু পরিবর্তনে কী প্রভাব পড়বে? তোমার মতামত দাও। ৪

**৬.**




ক. রাষ্ট্রের সবচেয়ে সুস্পষ্ট ও পূর্ণাঙ্গ সংজ্ঞা দিয়েছেন কে? ১
খ. আইনের উৎস হিসেবে ধর্মের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. 'A' চিহ্নিত স্থানে প্রযোজ্য রাষ্ট্রের উপাদানটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. 'D' চিহ্নিত উপাদানটি সুশাসন ও দুর্নীতিমুক্ত সমাজ প্রতিষ্ঠায় বলিষ্ঠ অবদান রাখতে পারে— তোমার মতামত দাও। ৪

**৭.** জাইমা তার বাংলাদেশ ও বিশ্বপরিচয় ক্লাসে শিক্ষকের আলোচনায় জানতে পারল একটি বিশ্বসংস্থা ও তার আওতাভুক্ত বিভিন্ন অঙ্গ সংস্থাগুলো বাংলাদেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, সুবিধাবঞ্চিত শিশুদের অধিকার সংরক্ষণ ও বৃহৎ জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য কাজ করছে। স্যার আরও বললেন— বিশ্ব সংস্থাটি বিশ্বশান্তি রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করছে।

ক. দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয় কত সালে? ১
খ. 'লীগ অব নেশনস' কেন প্রতিষ্ঠা করা হয়েছিল— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যে বিশ্বসংস্থা ও তার অঙ্গ সংস্থাগুলোর কথা জাইমা জেনেছে বাংলাদেশে তাদের কার্যক্রম ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'বিশ্বসংস্থাটি বিশ্বশান্তি রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করছে'— কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

**৮.** যুব উন্নয়ন থেকে প্রশিক্ষণ নিয়ে সোহেল আত্মকর্মসংস্থানের লক্ষ্যে নিজ বাড়িতে একটি হাঁস-মুরগির খামার প্রতিষ্ঠা করেছে। মাঝারি উৎপাদনের খামারটিতে দুই তিন জন লোক কাজ করে। কিন্তু খামারে উৎপাদিত ডিম ও মুরগি বিক্রয়ের জন্য শহরে আনার রাস্তা খুবই খারাপ। অনেক জায়গা ভাঙা ও খানাখন্দ। ফলে কম দামে সোহেল গ্রামে ডিম ও হাঁস-মুরগি বিক্রি করছে। গ্রামে বিদ্যুৎ না থাকায় তার উৎপাদন খরচও অনেক বেশি পড়ছে। লোকসানের ফলে সোহেল খামার ব্যবসা পরিবর্তনের চিন্তা করছে।

ক. বাংলাদেশ কোন দেশ থেকে বেশি আমদানি করে? ১
খ. বৈদেশিক ঋণ বলতে কী বোঝ? ২
গ. সোহেলের খামার প্রকল্পটি যে ধরনের অর্থনৈতিক প্রতিবন্ধকতার জন্য বাধাগ্রস্ত হচ্ছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে সোহেলের খামার প্রকল্প কতটুকো সহায়ক? তোমার মতামত দাও। ৪

**৯.** চাকরিজীবী বাবা-মার একমাত্র সন্তান সুজন। ৯ম শ্রেণির ছাত্র সুজন বাবা-মা'র আদর স্নেহ তেমন একটা পায়নি, তার বাবা-মা ছোট খাট বিষয় নিয়ে প্রায়ই ঝগড়া করে। সুজনের পড়াশোনা ও স্বাস্থ্যের প্রতি উনাদের তেমন একটা খেয়াল নেই। সুজন তার ঘনিষ্ঠ সহপাঠী রাসেলের সাথে তার নিঃসঙ্গতা ও পারিবারিক সমস্যাগুলো আলোচনা করেছে। রাসেল সুজনকে বাবা মা মনে আঘাত পায় এমন কাজ করতে নিরুৎসাহিত করেছে এবং সুজনের বিষয়ে সে শ্রেণিশিক্ষক আজমল স্যারের পরামর্শ নিয়েছে। স্যার সুজনকে ডেকে এনে অনেক উৎসাহ ও আশাব্যঞ্জক পরামর্শ দিয়েছেন।

ক. সামাজিকীকরণ কোন ধরনের প্রক্রিয়া? ১
খ. গণমাধ্যম বলতে কী বোঝ? ২
গ. সুজনের বন্ধু রাসেলের ভূমিকায় সামাজিকীকরণের কোন মাধ্যমটির প্রতিফলন লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'শিশুর সুষ্ঠু সামাজিকীকরণে পরিবার অন্যতম প্রধান মাধ্যম হিসেবে কাজ করে'—বক্তব্যের সপক্ষে যুক্তি দাও। ৪

# সিলেট বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১ । সকল প্রশ্নের উত্তর দিতে হবে ।]*

**১. কোনটি সম্পদের বৈশিষ্ট্য?**
K অপ্রাচুর্য L চাহিদা
M অভাব N ঘরবাড়ি

**২. কোন অর্থনৈতিক ব্যবস্থায় ব্যক্তিগত মালিকানা থাকে না?**
K ধনতান্ত্রিক L সমাজতান্ত্রিক
M মিশ্র অর্থনীতি N ইসলামি অর্থনীতি

**৩. দেশের শ্রমশক্তির মোট কত শতাংশ কৃষিখাতে নিয়োজিত?**
K ১৭.৩১ L ২৪.৭৩
M ২৮.৪০ N ৪৩.৬০

**৪. মোট জাতীয় আয়ের পরিমাপের ক্ষেত্রে একটি গার্মেন্টস কারখানায় কোন দ্রব্যটির দাম বিবেচনা করা হয়?**
K তুলা L সুতা
M কাপড় N শার্ট

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
২০১০ সালে 'ক' দেশের মোট জাতীয় আয় ছিল ৯০০০ কোটি মার্কিন ডলার এবং জনসংখ্যা ছিল ১৫ কোটি।

**৫. ২০১০ সালে 'ক' দেশের মাথাপিছু আয় কত মার্কিন ডলার ছিল?**
K ৪০০ L ৫০০
M ৬০০ N ৭০০

**৬. উক্ত সূচকটির প্রকাশ পায় 'ক' দেশের মানুষের—**
i. জীবনযাত্রার মান
ii. সঞ্চয়ের হার
iii. শিক্ষার হার
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N ii ও iii

**৭. কোন অর্থনৈতিক ব্যবস্থায় প্রত্যেক ব্যক্তি উৎপাদনে পূর্ণ স্বাধীনতা ভোগ করে?**
K মিশ্র অর্থনীতি L ধনতান্ত্রিক
M সমাজতান্ত্রিক N ইসলামি অর্থব্যবস্থা

**৮. বাংলাদেশে মাথাপিছু মোট জাতীয় আয় কত (২০১০)?**
K ৬৪০ ইউএস ডলার L ৪৯০ ইউএস ডলার
M ৭৬০ ইউএস ডলার N ৭৮০ ইউএস ডলার

**৯. ব্যাংকের আমানত কত প্রকার?**
K ২ L ৩
M ৪ N ৫

**১০. কোন উৎস থেকে বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয়?**
K আমদানি ও রপ্তানি শুল্ক L মূল্য সংযোজন কর
M আয়কর N ভূমি রাজস্ব

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
সালমা প্রাকৃতিক সৌন্দর্য দেখতে ভালবাসে। গত বৎসর সে বাংলাদেশের দক্ষিণাংশে অবস্থিত বিশ্ব বিখ্যাত বন দেখতে যায়।

**১১. সালমা যেখানে গিয়েছিল সেই বনের নাম কী?**
K শালবন L পার্বত্যবন
M সুন্দরবন N পত্রমোচী বন

**১২. উৎপাদিত এ বনের গাছগুলো—**
i. কেওড়া
ii. সুন্দরী
iii. শাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. 'The Modern State' বইটির লেখক কে?**
K এরিস্টটল L ম্যাকাইভার
M গার্নার N গেটেল

**১৪. "রাষ্ট্র যদি হয় জীবদেহ তবে সরকার হলো এর মস্তিষ্কস্বরূপ" — কে বলেছেন?**
K প্লেটো L টি.এইচ.গ্রিন
M ই.এম.হোয়াইট N অধ্যাপক গার্নার

**১৫. আধুনিক যুগে আইনের প্রধান উৎস কী?**
K প্রথা L ধর্ম
M ন্যায়বোধ N আইনসভা

**১৬. কাজ করার অধিকার কোন ধরনের অধিকার?**
K সামাজিক অধিকার
L রাজনৈতিক অধিকার
M অর্থনৈতিক অধিকার
N নৈতিক অধিকার

**১৭. বাংলাদেশের আইনসভার নাম কী?**
K পার্লামেন্ট L জাতীয় সংসদ
M কংগ্রেস N মজলিশ

**১৮. জাতীয় সংসদের মেয়াদ কত?**
K ৩ বৎসর L ৪ বৎসর
M ৫ বৎসর N ৬ বৎসর

**১৯. জাতীয় সংসদ পারে—**
i. আইন সংশোধন
ii. আইন পরিবর্তন
iii. আইন উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২০. বাংলাদেশের সর্বাপেক্ষা প্রাচীন স্থানীয় প্রতিষ্ঠানের নাম কী?**
K ইউনিয়ন L উপজেলা
M জেলা N বিভাগ

**২১. সামাজিক পরিবর্তনের বিশেষ উপাদান কী?**
K শিক্ষা L যোগাযোগ
M প্রযুক্তি N নগরায়ণ

**২২. বৃহস্পতির উপগ্রহ কোনটি?**
K ক্যাপিটাস L এরিয়েল
M নেরাইড N গ্যানিমেড

**২৩. শনির বায়ুমন্ডলে কোন গ্যাসগুলোর মিশ্রণ রয়েছে?**
K নাইট্রোজেন ও হিলিয়াম
L হাইড্রোজেন ও হিলিয়াম
M কার্বন ডাই অক্সাইড ও হিলিয়াম
N অক্সিজেন ও হিলিয়াম

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
নাজমা প্রতিদিন খুব ভোরে পড়তে বসে। একদিন সে লক্ষ করে, পূর্বদিকের আকাশে ভোরবেলাতেও একটি তারা দেখা যাচ্ছে। নাজমা বুঝতে পারে যে সে একটি গ্রহ দেখেছে।

**২৪. নাজমার দেখা গ্রহটির নাম কী?**
K শুক্র L শনি
M মঙ্গল N নেপচুন

**২৫. পৃথিবীর সাথে উক্ত গ্রহের কোন বৈসাদৃশ্য পরিলক্ষিত হবে?**
K গ্রহটি নীলাভ বর্ণের
L গ্রহটির উপগ্রহ নেই
M গ্রহটির চারিদিকে বলয় আছে
N গ্রহটিতে তাপমাত্রা হিমাঙ্কের নিচে থাকে

**২৬. গড় হিসেবে বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি?**
K ফেব্রুয়ারি L মার্চ
M এপ্রিল N মে

**২৭. পদ্মা নদীর উৎপত্তিস্থল কোথায়?**
K সাইবার পর্বত L লুসাই পাহাড়
M মানস সরোবর N গাঙ্গোত্রী হিমবাহ

**২৮. কখন বিশ্বে প্রথম এইচআইভি রোগী শনাক্ত করা হয়?**
K ১৯৮৫ সালে L ১৯৮৪ সালে
M ১৯৮১ সালে N ১৯৮০ সালে

**২৯. যৌতুক দাবির অন্যতম প্রধান কারণ কী?**
K দারিদ্র্য L নিরক্ষরতা
M বেকারত্ব N অপরাধ

**৩০. সমাজে নারীর প্রতি সহিংসতার কারণ হলো—**
i. দারিদ্র্য
ii. সামাজিক কুপ্রথা
iii. সামাজিক বিশৃঙ্খলা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩১. ভাষা আন্দোলন পূর্ব বাংলার কোন ভাবাদর্শ ছড়িয়ে দেয়?**
K বাঙালি জাতীয়তাবাদ L অসাম্প্রদায়িক মনোভাব
M দ্বি-জাতি তত্ত্ব N স্ব-জাত্যবোধ

**৩২. উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা — কে বলেছেন?**
K খাজা নাজিমউদ্দিন L এ.কে. ফজলুল হক
M মুহাম্মদ আলী জিন্নাহ N নুরুল আমিন

**৩৩. 'কবর' নাটকের পটভূমি কোনটি?**
K গণঅভ্যুত্থান L মুক্তিযুদ্ধ
M ৬ দফা আন্দোলন N ভাষা আন্দোলন

**৩৪. মুক্তিযুদ্ধের প্রতি বিশ্বজনমত গঠনের জন্য সরকার ও রাজনৈতিক নেতৃত্ব—**
i. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র পরিচালনা করেন
ii. গেরিলা যোদ্ধাদের প্রশিক্ষণের ব্যবস্থা করেন
iii. বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে বক্তব্য রাখেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৩৫. কখন অপারেশন সার্চ লাইট এর পরিকল্পনা করা হয়?**
K ১৫ মার্চ L ১৭ মার্চ
M ২১ মার্চ N ২৮ মার্চ

**৩৬. বাংলাদেশের মুক্তিযুদ্ধে কোনটি সবচেয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখে?**
K রাজনৈতিক সংগঠন L প্রবাসী বাঙালি
M বুদ্ধিজীবী N গণমাধ্যম

**৩৭. স্বামী-স্ত্রীর সংখ্যার ভিত্তিতে পরিবারের ধরণ কয়টি?**
K ২ L ৩
M ৪ N ৫

**৩৮. বাংলাদেশে যৌথ পরিবার ব্যবস্থা ভেঙে যাবার কারণ হলো—**
i. দারিদ্র্য ও জনসংখ্যা বৃদ্ধি
ii. শিল্পায়ন ও নগরায়ণ
iii. নিরক্ষরতা ও অজ্ঞতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩৯. বহুস্বামী গ্রহণ পদ্ধতির প্রচলন কোথায় ছিল?**
K আফ্রিকায় L তিব্বতে
M ভারতে N চীনে

**৪০. সামাজিকীকরণে মুখ্য ভূমিকা কোন মাধ্যম পালন করে?**
K বিদ্যালয় L চলচ্চিত্র
M পরিবার N খেলার সাথি

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | K | ২ | L | ৩ | N | ৪ | N | ৫ | M | ৬ | K | ৭ | L | ৮ | K | ৯ | L | ১০ | K | ১১ | M | ১২ | K | ১৩ | L | ১৪ | N | ১৫ | N | ১৬ | M | ১৭ | L | ১৮ | M | ১৯ | K | ২০ | K |
| | ২১ | K | ২২ | N | ২৩ | L | ২৪ | K | ২৫ | L | ২৬ | M | ২৭ | N | ২৮ | M | ২৯ | K | ৩০ | N | ৩১ | L | ৩২ | M | ৩৩ | N | ৩৪ | K | ৩৫ | L | ৩৬ | K | ৩৭ | L | ৩৮ | K | ৩৯ | L | ৪০ | M |

# যশোর বোর্ড-২০১৫

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : ১ ৫ ০

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*


**১.** অমি তার দাদুর সাথে বসে এমন একটি যুদ্ধের তথ্যচিত্র দেখছিল যার ব্যাপ্তিকাল ছিল ১৭ দিন। এটি ছিল 'ক' রাষ্ট্র ও 'খ' রাষ্ট্রের মধ্যকার যুদ্ধ। 'ক' রাষ্ট্রের একটি অংশ যুদ্ধে লিপ্ত হলেও অপর অংশটি ছিল ভীষণ বিপদের মুখে। এই বিপদের সময় তারা নিজেদের মধ্যে এক ধরনের জাগরণ অনুভব করে এবং অধিকার রক্ষায় সচেতন হয়ে ওঠে।

ক. 'ভাষা সংগ্রাম পরিষদ' নতুনভাবে কী নামে গঠিত হয়? ১
খ. 'পাকিস্তানের প্রশাসনিক ব্যবস্থায় পূর্ব পাকিস্তানের ভূমিকা ছিল নগণ্য।'— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত যুদ্ধের সাথে পাঠ্যপুস্তকের কোন যুদ্ধের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে করো উক্ত রাজনৈতিক পরিস্থিতির মধ্যে দিয়েই ছয় দফার উৎপত্তি?— যুক্তিসহ মতামত উপস্থাপন কর। ৪

**২.** রফিক, আশরাফ, রনি, বুলবুল এরা সবাই স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে পড়া অবস্থায় ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। তাদের জীবনের পণ ছিল হয় বিজয় না হয় মৃত্যু। এদের মতো শিক্ষার্থীরা ১৯৪৮ থেকে ১৯৭০ পর্যন্ত বিভিন্ন দাবি আদায়ে সোচ্চার হয়। এর মাঝামাঝি তারা অন্য কিছু কল্পনা করতে পারেনি। অন্যদিকে তাদের সহায়তা করার জন্য ছিল এক বিশাল কার্যক্রম যারা দেশের ভিতরে প্রশাসনিক কাজ পরিচালনাসহ বিশ্বজনমত গঠন করতে সক্ষম হয়েছিল।

ক. গণযুদ্ধ কী? ১
খ. পররাষ্ট্র নীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের প্রথম অংশে যে শ্রেণির লোকের প্রতিচ্ছবি ফুটে উঠেছে মুক্তিযুদ্ধের সময় তাদের ভূমিকা কী ছিল?— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষাংশে যাদের কার্যক্রমের উল্লেখ রয়েছে তাদেরকে কি মুক্তিযুদ্ধের প্রাণ বলা যায়? যৌক্তিক বিশ্লেষণ কর। ৪

**৩.**




ছক: একটি স্থানীয় সরকারের গঠন ও কাজের অংশবিশেষ।

ক. মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা কে? ১
খ. স্থানীয় স্বায়ত্তশাসন বলতে কী বোঝায়? ২
গ. ছকে প্রশ্নবোধক (?) চিহ্নিত স্থানে কোন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত প্রতিষ্ঠানটি কেবলমাত্র জনস্বাস্থ্য বিষয়ক কার্যক্রমে সক্রিয়'— তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৪.** দশম শ্রেণির ছাত্রী সামিয়া পরীক্ষার পর তার বাবা-মায়ের সাথে ময়মনসিংহে বেড়াতে যায়। সেখানে তারা একটি নদী দেখতে পায়, যার উৎপত্তিস্থল তিব্বতের মানস সরোবরে। নদীটি প্রাকৃতিক কারণে গতিপথ পরিবর্তন করে অন্য নাম ধারণ করে। এ নদীটি পরবর্তীতে চাঁদপুরের কাছে এসে অন্য একটি নদীর সাথে মিলিত হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে। এ নদীর মাধ্যমে ঐ এলাকার বহু মানুষ জীবিকা নির্বাহ করছে।


ক. বাংলাদেশের পদ্মা নদী ভারতে কী নামে পরিচিত? ১
খ. জলবিদ্যুৎ কী ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সামিয়ার দেখা নদীটির গতিপথ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষোক্ত নদীটির সাথে ঐ এলাকার মানুষের অর্থনৈতিক জীবনের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

**৫.** ঘটনা-১: তাসরিন যে শুধুমাত্র ব্যক্তিগত জিনিসের প্রতি যত্নশীল ছিল, তা নয়। সে কোনো কিছুরই অপচয় পছন্দ করে না। প্রতিদিন ক্লাস শেষে শ্রেণিকক্ষের ফ্যান, লাইটের সুইচ বন্ধ করে দেয়। পানির কল খোলা দেখলে তা বন্ধ করে দেয়।

ঘটনা-২: মৃত্তিকা নিজের ব্যাপারে বেশ সচেতন। তার স্কুল ড্রেসে যেন দাগ না লাগে, সে ব্যাপারে বেশ যত্নশীল। বই, খাতা, স্কুল ব্যাগ ইত্যাদির ব্যাপারেও বেশ সজাগ। সে কখনো চিপস ও অন্য খাবারের প্যাকেট যত্রতত্র ফেলে না।

ক. অর্থনীতিতে অভাব কী? ১
খ. উপযোগ বলতে কী বোঝায়? ২
গ. ঘটনা-১ এ কোন ধরনের সম্পদকে ইঙ্গিত করা হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. ঘটনা-১ ও ঘটনা-২ এর কার্যক্রম আমাদের অর্থনৈতিক উন্নয়নে যথেষ্ট অবদান রাখে। পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন কর। ৪

**৬.**




চিত্র: ভূঅভ্যন্তরের গঠন

ক. পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি? ১
খ. প্রতিপাদ স্থান বলতে কী বোঝায়? ২
গ. চিত্রের 'B' চিহ্নিত স্থানটি ভূ-অভ্যন্তরের কোন স্তরটিকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ভূত্বক এবং চিত্রের 'C' চিহ্নিত স্থানটির বৈশিষ্ট্যের ভিন্নতার কারণ বিশ্লেষণ কর। ৪

**৭.**

| আইন | শাস্তি | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|
| ক | মৃত্যুদণ্ড, পাঁচ লক্ষ টাকা দণ্ড। | নারী অধিকার সম্পর্কে সচেতন করা, নারীর ক্ষমতায়ন। |
| খ | মৃত্যুদণ্ড, এক লক্ষ টাকা দণ্ড। | যৌতুক প্রতিরোধ আইন, নারী অধিকারের সাথে জড়িত প্রতিষ্ঠানগুলোর কর্মতৎপরতা বৃদ্ধি। |
| গ | ৭ বছর কারাদণ্ড, কিছু অর্থদণ্ডও দিতে হবে। | সুস্থ পারিবারিক শিক্ষা, বিভিন্ন গণমাধ্যমের সচেতনতা বৃদ্ধিমূলক প্রচার প্রচারণা |

ছক: ছকে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে কিছু আইনি প্রতিকারের বাস্তব চিত্র।

ক. বাংলাদেশের শিশু আইন, ১৯৭৪ এর সংজ্ঞানুযায়ী শিশু কারা? ১
খ. সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২
গ. 'ক' চিহ্নিত স্থানে কোন ধরনের আইনের বহিঃপ্রকাশ ঘটেছে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ক, খ ও গ নামক যে তিনটি আইন রয়েছে শুধুমাত্র এই আইনগুলোর মাধ্যমেই কি বর্ণিত সহিংসতা প্রতিরোধ সম্ভব? মতামত দাও। ৪

**৮.** বর্তমানে মগবাজারে ফ্লাইওভারের কাজ চলছে। বিস্তৃত এলাকাজুড়ে কাজ চলায় ঐ এলাকার জনগণের যাতায়াতের ক্ষেত্রে বেশ অসুবিধা হচ্ছে। হঠাৎ একদিন যাত্রীবাহী একটি বাস ফ্লাইওভারের জন্য খোড়া গর্তে পড়ে যায় এবং তিনজন যাত্রী বেশ আহত হয়। এতে সাধারণ জনতা বিক্ষুব্ধ হয়ে ভাঙচুর শুরু করে। পুলিশ-র‍্যাব এসে অনেক চেষ্টার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

ক. রাষ্ট্র গঠনের মুখ্য উপাদান কোনটি? ১
খ. সার্বভৌমত্ব বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ফ্লাইওভারটি নির্মাণ রাষ্ট্রের কোন ধরনের কাজ? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকের বিক্ষুব্ধ জনতাকে নিয়ন্ত্রণ করা রাষ্ট্রের অন্যতম দায়িত্ব'— উক্তিটি রাষ্ট্রের কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত বিশ্লেষণ কর। ৪

**৯.** মোস্তফা সাহেব চট্টগ্রামের একজন দক্ষ ব্যবসায়ী। তিনি চিনি, কেরোসিন ও ওষুধ এর ব্যবসা করে প্রচুর মুনাফা অর্জন করেন। অন্যদিকে তার বড় ভাই কাদের সাহেবের রয়েছে কুয়াকাটায় একটি বিলাসবহুল হোটেল যা থেকে অর্জিত অর্থ ব্যাংকে জমা রাখেন। সরকার এই দুই শ্রেণির ব্যবসায়ীর কাছ থেকে অর্থ আয় করে দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যবহার করেন।

ক. বাংলাদেশ সরকারের আয়ের উৎস কয়টি? ১
খ. স্থায়ী আমানত বলতে কী বোঝায়? ২
গ. মোস্তফা সাহেবের ব্যবসা থেকে অর্জিত সরকারের আয়ের উৎসটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দুই শ্রেণির ব্যবসায়ীর কাছ থেকে সরকার যে অর্থ আয় করে তার উৎস এক নয়। তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

# যশোর বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট   পূর্ণমান — ৪০   বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা   বিষয় কোড: ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. ঢাকায় ২১ ফেব্রুয়ারি ছাত্র হত্যার প্রতিবাদে "স্মৃতির মিনার" কবিতাটি রচনা করেন কে?**
K মাহবুব-উল-আলম চৌধুরী
L আলাউদ্দিন আল আজাদ
M আবদুল গাফফার চৌধুরী
N ডঃ মুনির চৌধুরী

**২. বাংলাদেশের স্বাধীনতা পরবর্তী খাদ্যসংকট, দুর্নীতি এবং ষড়যন্ত্ররোধে বঙ্গবন্ধু সরকার কোন কর্মসূচি গ্রহণ করেছিলেন?**
K রিলিফ প্রদান   L শিক্ষার জাতীয়করণ
M সংবিধান প্রণয়ন   N বাকশাল গঠন

**৩. বায়ুমণ্ডলের যে স্তর দিয়ে বিমান চলাচল করে সেটি কোন স্তর নামে পরিচিত?**
K স্ট্র্যাটোমণ্ডল   L গুরুমণ্ডল
M ট্রপোপস   N ওজোন স্তর

**৪. জনাব 'ক' সকাল ঠিক ১০টার সময় ঢাকায় অবস্থান করছে। তাঁর ১ ডিগ্রি পশ্চিমে অবস্থান করছে জনাব 'খ'। জনাব 'খ' এর অবস্থিত স্থানের সময় কত হবে?**
K ৯টা ২৪ মিনিট   L ৯টা ৫৬ মিনিট
M ১০টা ৪ মিনিট   N ১০টা ২৪ মিনিট

**নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
গত বছর এসএসসি পরীক্ষার পর রেহেনা তার বাবা-মায়ের সাথে একটি উপকূলীয় অঞ্চলে বেড়াতে যায়। সেখানে সে জোয়ার-ভাটার লোনা ও ভেজা মাটিতে জন্মানো বিভিন্ন ধরনের বৃক্ষ দেখতে পায়।

**৫. রেহেনার দেখা বৃক্ষসমূহ বাংলাদেশের কোন বনভূমিকে নির্দেশ করে?**
K ক্রান্তিয় চিরহরিৎ বনভূমি
L পত্র পতনশীল বনভূমি
M ক্রান্তিয় পাতাঝরা বনভূমি
N গরান বনভূমি

**৬. রেহেনার দেখা বনভূমিটির বৈশিষ্ট্য হলো—**
i. টারশিয়ারি যুগের পাহাড়সমূহ
ii. প্লাইস্টোসিনকালের চত্বরভূমি
iii. সাম্প্রতিককালের প্লাবন সমভূমি
**নিচের কোনটি সঠিক?**
K i   L ii
M iii   N i, ii ও iii

**৭. "স্বয়ংসম্পূর্ণ জীবনের জন্য কতিপয় পরিবার ও গ্রামের সমন্বয়ে গঠিত সংগঠনই রাষ্ট্র" — উক্তিটি কার?**
K অধ্যাপক গার্নার   L অধ্যাপক গেটেল
M এরিস্টটল   N ম্যাকাইভার

**৮. শাসকগোষ্ঠীর পরিবর্তন রাষ্ট্রের কোন উপাদানের স্থায়িত্বকে নষ্ট করে না?**
K জনসমষ্টি   L নির্দিষ্ট ভূখণ্ড
M সরকার   N সার্বভৌমত্ব

**৯. প্রধান বিচারপতি ও উচ্চ আদালতের বিচারপতিগণের নিয়োগ সাধারণত কোন বিভাগের উপর ন্যস্ত থাকে?**
K জনসাধারণের উপর   L আইন সভার উপর
M শাসন বিভাগের উপর   N বিচার বিভাগের উপর

**১০. নিচের কোন ব্যক্তি বাংলাদেশ সরকারের এজেন্ট হিসেবে কাজ করেন?**
K অতিরিক্ত কমিশন   L জেলা প্রশাসক
M যুগ্মসচিব   N বিভাগীয় কমিশনার

**১১. নির্বাচন কমিশনের কমিশনারগণ কার নিকট স্বেচ্ছায় পদত্যাগপত্র পেশ করতে পারেন?**
K প্রধান নির্বাচন কমিশনার   L রাষ্ট্রপতি
M প্রধানমন্ত্রী   N স্পিকার

**১২. বাংলাদেশের নারীদের নিরাপদ শ্রম অভিবাসনসহ বিভিন্ন ইস্যুতে জাতিসংঘের কোন অঙ্গ সংস্থাটি কাজ করছে?**
K ইউএনডিপি   L ইউনিসেফ
M ডব্লিউ এইচ ও   N ইউনিফেম

**১৩. প্রকৃতঅর্থে কোনো বস্তু বা দ্রব্যকে সম্পদ বলতে হলে, তার কয়টি বৈশিষ্ট্য থাকতে হবে?**
K দুইটি   L তিনটি
M চারটি   N পাঁচটি

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শামীম ঢাকা শহরে একটি শিল্প প্রতিষ্ঠানের মালিক। সর্বাধিক মুনাফা অর্জনের আশায়, স্বাধীনভাবে উদ্যোগ নিয়ে তিনি অবাধ প্রতিযোগিতার মাধ্যমে তার শিল্প প্রতিষ্ঠানটি পরিচালনা করেন। তিনি ভূমির জন্য খাজনা, মূলধনের জন্য সুদ এবং নিজ উদ্যোগের জন্য মুনাফা গ্রহণ করলেও শ্রমের মালিককে তার ন্যায্য মজুরির চেয়ে কম মজুরি দিয়ে থাকেন।

**১৪. অর্থনৈতিক কার্যাবলি সম্পাদনের ক্ষেত্রে জনাব শামীম কোন পর্যায়কে ব্যাহত করেছেন?**
K প্রচেষ্টা   L উৎপাদন
M ভোগ   N বন্টন

**১৫. জনাব শামীমের উদ্যোগে গঠিত শিল্প প্রতিষ্ঠানটি কোন উৎপাদন ব্যবস্থাকে ইঙ্গিত করে?**
K ধনতান্ত্রিক   L সমাজতান্ত্রিক
M মিশ্র   N ইসলামি

**১৬. ২০১০-১১ অর্থ বছরে মোট দেশজ উৎপাদনে খাতওয়ারী অবদানে কোন খাত তৃতীয় স্থানে রয়েছে?**
K শিল্প খাত   L ব্যবসা খাত
M সেবা খাত   N কৃষি খাত

**১৭. আদমশুমারি রিপোর্ট ২০১১ অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার কত ছিল?**
K ১.৩৭%   L ১.৪৮%
M ১.৮০%   N ২.১৭%

**১৮. বাংলাদেশ সরকার পাসপোর্ট ও বিনিময় বিল খাতে প্রচুর অর্থ উপার্জন করে। রাজস্ব আয়ের কোন উৎস হতে এ আয় হয়?**
K আয়কর
L নন-জুডিসিয়াল স্ট্যাম্প
M রেজিস্ট্রেশন
N ভূমি রাজস্ব

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব করিম তাঁর এলাকায় একটি ব্যাংকে হিসাব খোলেন এবং তাতে তিনি মাস শেষে বেতনের সঞ্চিত অর্থ হতে কিছু জমা রাখেন। একটি নির্দিষ্ট সময় অতিক্রান্ত হবার পর তিনি উচ্চ হারের সুদসহ বেশ কিছু টাকা উত্তোলন করেন এবং ব্যাংক হতে আরো কিছু ঋণ নিয়ে চাকরি শেষে একটি শিল্প স্থাপন করেন।

**১৯. জনাব করিম কোন ব্যাংকের মাধ্যমে হিসাব খুলে অর্থ জমা রাখেন?**
K বাংলাদেশ ব্যাংক   L গ্রামীণ ব্যাংক
M সোনালী ব্যাংক   N শিল্প ব্যাংক

**২০. উক্ত ব্যাংক জনাব করিমকে কোন ধরনের আমানত খুলতে সহায়তা করে?**
i. চলতি আমানত
ii. স্থায়ী আমানত
iii. সঞ্চয়ী আমানত
**নিচের কোনটি সঠিক?**
K i   L ii
M iii   N i, ii ও iii

**২১. জনসংখ্যা বৃদ্ধি বা হ্রাস স্থানান্তর অথবা ঘনত্বের পরিবর্তন সামাজিক পরিবর্তনে কোন উপাদান ভূমিকা রাখে?**
K প্রাকৃতিক   L জৈবিক
M সাংস্কৃতিক   N শিক্ষা

**২২. বিশ্বে প্রথম এইচআইভি রোগী সনাক্ত করা হয় কত সালে?**
K ১৯৮১ সালে   L ১৯৮৯ সালে
M ১৯৯৫ সালে   N ২০০১ সালে

**নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাহাত ক্লাশে বাংলাদেশ ও বিশ্ব পরিচয় পাঠদানকালে ছাত্রদের উদ্দেশ্যে বলেন, "ইদানীং শহর এলাকার লোকজনের মধ্যে বড়দের প্রতি শ্রদ্ধাবোধ এবং ছোটদের প্রতি স্নেহ মমতা প্রদর্শন হ্রাস পাচ্ছে" এতে আমি খুবই শঙ্কিত ও ভীত যে তাতে আইনের শাসন প্রতিষ্ঠিত হবে না।

**২৩. জনাব রাহাত বাংলাদেশের কোন সামাজিক সমস্যাকে ইঙ্গিত করেছেন?**
K সামাজিক নৈরাজ্য
L নারীর প্রতি সহিংসতা
M সামাজিক মূল্যবোধের অবক্ষয়
N কিশোর অপরাধ

**২৪. উক্ত সামাজিক সমস্যার প্রভাবে—**
i. মানুষের অধিকারের বঞ্চনা বেড়ে যায়
ii. দুর্নীতি বৃদ্ধি পায়
iii. অপরাধীদের দৌরাত্ম্য বেড়ে যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii   L i ও iii
M ii ও iii   N i, ii ও iii

**২৫. ১৯৬৬ সালে পাকিস্তানের প্রশাসনিক চিত্রে কৃষিখাতে বাঙালি কত শতাংশ ছিল?**
K ১৯%   L ২১%
M ২২%   N ২৭%

**২৬. মুক্তিযুদ্ধের উপদেষ্টা কমিটিতে সদস্য ছিলেন—**
K কমরেড মনিসিং
L সৈয়দ নজরুল ইসলাম
M এম মনসুর আলী
N এ.এইচ.এম কামরুজ্জামান

**২৭. মুজিবনগর সরকার কত তারিখে শপথ গ্রহণ করে?**
K ১৯৭১ সালের ১০ এপ্রিল
L ১৯৭১ সালের ১১ এপ্রিল
M ১৯৭১ সালের ১৫ এপ্রিল
N ১৯৭১ সালের ১৭ এপ্রিল

**২৮. মুজিবনগর সরকার গঠনের প্রধান উদ্দেশ্য কী ছিল?**
i. মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য বিভিন্ন বাহিনী গঠন
ii. বাংলাদেশের পক্ষে বিশ্বজনমত সৃষ্টি করা
iii. রাজনৈতিক নেতৃত্ব ও দল গঠন করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii   L i ও iii
M ii ও iii   N i, ii ও iii

**২৯. ১৯৭৪ সালে বাংলাদেশের মাথাপিছু জমির পরিমাণ কত ছিল?**
K .২২ একর   L .২৫ একর
M .২৬ একর   N .২৮ একর

**৩০. ১৯৮৯ সালে ফরাসি ইঞ্জিনিয়ারিং কনসোর্টিয়াম বাংলাদেশের ভূমিকম্প বলয় সম্বলিত মানচিত্রে চট্টগ্রাম ও সিলেট অঞ্চলকে কোন বলয় হিসেবে দেখানো হয়েছে?**
i. প্রলয়ংকরী
ii. বিপদজনক
iii. লঘু
**নিচের কোনটি সঠিক?**
K i   L ii
M iii   N i, ii ও iii

**৩১. বাংলাদেশের সর্বোচ্চ শৃঙ্গের নাম কী?**
K কিউক্রাডং   L তাজিওডং
M গারো পাহাড়   N মোদক মুয়াল

**৩২. ভাওয়ালের সোপানভূমি কোন সময়ে গঠিত?**
K প্লাইস্টোসিনকালে   L টারসিয়ারি যুগে
M মধ্যযুগে   N সাম্প্রতিককালে

**৩৩. ইসলামিক রাষ্ট্রের আইন প্রধানত কোরান ও শরিয়ার উপর নির্ভরশীল। এক্ষেত্রে আইনের কোন উৎসকে প্রাধান্য দেয়া হয়?**
K প্রথা   L ধর্ম
M ন্যায়বোধ   N আইনসভা

**৩৪. বিচার, অর্থ, পররাষ্ট্র বিষয়ক সকল কাজ প্রধানমন্ত্রীর পরামর্শ ও মতামত অনুযায়ী পরিচালিত হয়। এটি প্রধানমন্ত্রীর কোন ক্ষমতা ও কার্যাবলিকে নির্দেশ করে?**
K নির্বাহী ক্ষমতা   L আইন সংক্রান্ত ক্ষমতা
M অর্থবিষয়ক ক্ষমতা
N রাষ্ট্রীয় কাজের সমন্বয়

**৩৫. রাষ্ট্রপতি সংসদ আহ্বান করলেও সংবিধান লঙ্ঘন ও গুরুতর অপরাধের কারণে সংসদ রাষ্ট্রপতিকে অপসারণ করতে পারে। এক্ষেত্রে নিম্নের কোনটি পরিলক্ষিত হয়?**
K আইন বিভাগের উপর শাসন বিভাগের ক্ষমতা
L শাসন বিভাগের উপর বিচার বিভাগের ক্ষমতা
M শাসন বিভাগের উপর আইন বিভাগের ক্ষমতা
N আইন বিভাগের উপর বিচার বিভাগের ক্ষমতা

**৩৬. গ্রাম এলাকার আইন-শৃঙ্খলা রক্ষায় সহযোগিতা করার জন্য চৌকিদার পঞ্চায়েত আইন প্রবর্তিত হয় কত সালে?**
K ১৮৭০ সালে   L ১৮৮৫ সালে
M ১৮৯০ সালে   N ১৯১৯ সালে

**৩৭. কর্মদক্ষতা, উদ্ভাবনী শক্তি, প্রযুক্তিগত জ্ঞান ইত্যাদি কোন সম্পদের উদাহরণ?**
i. ব্যক্তিগত
ii. সমষ্টিগত
iii. জাতীয়
**নিচের কোনটি সঠিক?**
K i   L ii
M iii   N i, ii ও iii

**৩৮. ২০১০ সালের তথ্য অনুযায়ী মাথাপিছু মোট জাতীয় আয়ের ভিত্তিতে মালয়েশিয়া, চীন, ইরান কোন ধরনের দেশ?**
K উচ্চ আয়ের দেশ   L উচ্চমধ্য আয়ের দেশ
M নিম্নমধ্য আয়ের দেশ   N নিম্ন আয়ের দেশ

**৩৯. শিল্পায়ন ও নগরায়ণের সম্পর্ক কিরূপ?**
K বিপরীত   L নির্ভরশীল
M একই   N সমসাময়িক

**৪০. সরকারের কয়টি বিভাগ রয়েছে?**
K ২টি   L ৩টি
M ৪টি   N ৫টি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | M | ৪ | L | ৫ | N | ৬ | M | ৭ | M | ৮ | N | ৯ | M | ১০ | N | ১১ | L | ১২ | N | ১৩ | M | ১৪ | N | ১৫ | K | ১৬ | N | ১৭ | K | ১৮ | L | ১৯ | M | ২০ | M |
| ২১ | L | ২২ | K | ২৩ | M | ২৪ | N | ২৫ | L | ২৬ | K | ২৭ | N | ২৮ | K | ২৯ | N | ৩০ | K | ৩১ | L | ৩২ | K | ৩৩ | L | ৩৪ | K | ৩৫ | M | ৩৬ | K | ৩৭ | M | ৩৮ | L | ৩৯ | L | ৪০ | L |

# বরিশাল বোর্ড-২০১৫

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়


বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট — মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.**




ক. ঐতিহাসিক আগরতলা মামলায় মোট আসামির সংখ্যা কতছিল? ১

খ. ভিশন-২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনে সরকারের এগিয়ে যাওয়ার একটি কারণ বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে প্রদত্ত চিত্রটি আমাদের কোন ঐতিহাসিক ঘটনা স্মরণ করিয়ে দেয়? আলোচনা কর। ৩

ঘ. উক্ত ঘটনাটি বাঙালি জাতীয়তাবাদ বিকাশে অসামান্য অবদান রাখে— বিশ্লেষণ কর। ৪

**২.** তুলি চাকরিজীবী বাবা-মার একমাত্র সন্তান। বাবা-মা ব্যস্ততার কারণে তাকে তিন বছর বয়সে একটি ডে-কেয়ার সেন্টারে ভর্তি করে দেন। তুলি বর্তমানে এসএসসি পরীক্ষার্থী। তুলির বাবা-মা লক্ষ্য করেছেন সে বাবা-মার প্রতি তেমন শ্রদ্ধাশীল নয়। সে সব সময় বিদ্যালয়ের শিক্ষকদের অনুসরণ করার চেষ্টা করে।


ক. অন্তর্গোত্রভিত্তিক বিয়ে কোন সমাজে অধিক প্রচলিত? ১

খ. পরিবারকে উৎপাদন ব্যবস্থার প্রধান একক বলা হতো কেন? ২

গ. তুলির বাবা-মার প্রতি অসৌজন্যমূলক আচরণের জন্য সামাজিকীকরণের কোন বিষয়টি দায়ী?— ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, তুলির সামাজিকীকরণে তার বিদ্যালয়ের ভূমিকাই মুখ্য?— যুক্তি দাও। ৪

**৩.**




চিত্র: সৌরজগৎ

ক. কোন যন্ত্রের সাহায্যে স্থানীয় সময় নির্ণয় করা যায়? ১

খ. জোয়ার ভাটার একটি কারণ ব্যাখ্যা কর। ২

গ. উপরের চিত্রে প্রদর্শিত 'E' চিহ্নিত গ্রহটির বিবরণ দাও। ৩

ঘ. 'সৌরজগতের সকল গ্রহ ও উপগ্রহের নিয়ন্ত্রক হলো সূর্য'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৪.** 'ক' বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থীরা বিষয় শিক্ষকের সঙ্গে চট্টগ্রামে শিক্ষা সফরে এলো। মিরসরাই পৌঁছার সঙ্গে সঙ্গে হঠাৎ শিক্ষার্থীদের মধ্যে দারুন উত্তেজনা দেখা গেল। তারা বিষয় শিক্ষককে বললো, 'ম্যাডাম, এটাই কি আমাদের পাঠ্যবইয়ে পড়া পাহাড়ি অঞ্চলের অংশবিশেষ?' ম্যাডাম বললেন, 'তোমরা ঠিকই বলেছ। তাহলে এখন বুঝতে পারলে পাঠ্যবইয়ের সাথে বাস্তব মিলে গেলে পড়া কত সহজ হয়ে যায়!'

ক. জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে বাংলাদেশের স্থান কততম? ১

খ. 'সিসমিক রিস্কজোন' বলতে কী বোঝায়? ২

গ. শিক্ষার্থীদের দেখা পাহাড়ি অঞ্চল বাংলাদেশের ভূ-প্রকৃতির ভিত্তিতে কোন শ্রেণিতে পড়ে তা সনাক্ত করে বর্ণনা কর। ৩

ঘ. ম্যাডামের শেষোক্ত উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**৫.** গ্রাম্য মাতবরের বখাটে ছেলে সুমন প্রায়ই স্কুলপড়ুয়া সুন্দরী জরিনাকে নানাভাবে উত্যক্ত করে। জরিনার দরিদ্র পিতা চেয়ারম্যানের কাছে বিচার চাইলে তিনি বিচারের আশ্বাস দেন। এতে ফল না পেয়ে জরিনার পিতা থানায় অভিযোগ করলে পুলিশ সুমনকে গ্রেফতার করে এবং বিচারে তার পাঁচ বছরের সশ্রম কারাদণ্ড হয়।

ক. রাষ্ট্রের সবচেয়ে সুস্পষ্ট ও পূর্ণাঙ্গ সংজ্ঞা দিয়েছেন কে? ১

খ. রাষ্ট্র গঠনের মুখ্য উপাদানটি বর্ণনা কর। ২

গ. সুমন আইনের অনুশাসনের কোন ধারণাটি ক্ষুণ্ন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সকলের জন্য একই আইন সমভাবে প্রযোজ্য' উক্তিটি সুমনের শাস্তির মাধ্যমে প্রতিষ্ঠিত হয়েছে— মূল্যায়ন কর। ৪

**৬.** মি. কামাল ও তার কয়েজন অনুসারী প্রতিদিন সন্ধ্যায় একটি নির্দিষ্ট জায়গায় বসে দেশের রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক বিষয় নিয়ে আলোচনা করেন। তিনি উপলব্ধি করলেন যে, এভাবে উদ্দেশ্যহীনভাবে আলাপ-আলোচনা না করে কতকগুলো সুনির্দিষ্ট সমস্যা চিহ্নিত করে ঐক্যবদ্ধভাবে বৈধ ও নিয়মমাফিক নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রের শাসনভার গ্রহণ করার উদ্দেশ্যে কাজ করতে হবে।

ক. আব্রাহাম লিংকন প্রদত্ত গণতন্ত্রের সংজ্ঞাটি লিখ। ১

খ. পরোক্ষ গণতন্ত্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. কামাল কী ধরনের সংগঠন প্রতিষ্ঠার ইচ্ছা প্রকাশ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'গণতন্ত্র প্রতিষ্ঠায় উক্ত সংগঠনের বিকল্প নেই'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৭.** মিসেস শামীমা কাঞ্চন নদীর তীরে এসে প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে লাগলেন। নদীর দৃশ্য দেখে এবং প্রকৃতির নির্মল বাতাসে তার শরীর ও মন জুড়িয়ে গেল।

ক. উপযোগ কাকে বলে? ১

খ. আবগারী শুল্ক বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত নদীটি কোন ধরনের সম্পদ?— ব্যাখ্যা কর। ৩

ঘ. মিসেস শামীমার উপভোগ্য বস্তুটিকে সম্পদ হিসেবে গণ্য করা যায় না।— উক্তিটি অর্থনীতির দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ কর। ৪

**৮.** সৈকত সম্প্রতি বাংলাদেশ থেকে মালয়েশিয়ায় চাকরিসূত্রে এসেছে। মালয়েশিয়ার মাথাপিছু আয় ৭,৯০০ মার্কিন ডলার এবং বাংলাদেশের মাথাপিছু আয় ৬৪০ মার্কিন ডলার। (উৎস : ওয়ার্ল্ড ব্যাংক রিপোর্ট, ২০১২)। বাংলাদেশের লক্ষ জনসংখ্যাকে শিক্ষার মাধ্যমে মানবসম্পদে পরিণত করা, স্বাস্থ্য, বিদ্যুৎ, পরিবার পরিকল্পনা ও অন্যান্য খাতে উন্নয়ন ত্বরান্বিত করা।

ক. GNP-এর পূর্ণরূপ কী? ১

খ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের বাধা দূর করার একটি পদক্ষেপ বর্ণনা কর। ২

গ. উন্নয়নের মাত্রার ভিত্তিতে বাংলাদেশ কোন ধরনের দেশ? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মধ্য আয়ের দেশসমূহ সাধারণত উন্নয়নশীল দেশ'— যুক্তিসহকারে মতামত দাও। ৪

**৯.** মি. কিম চাকরিসূত্রে বাংলাদেশে কর্মরত। রমনার বটমূলে ১লা বৈশাখ উদযাপনের সময় তিনি সেখানে উপস্থিত ছিলেন। হঠাৎ তিনি বিকট শব্দ শুনতে পেলেন। সভয়ে তিনি লোকজনকে দিগ্বিদিক ছুটাছুটি করতে দেখলেন। কিছুক্ষণ পর তিনি কয়েকটি ছিন্ন-বিচ্ছিন্ন মৃতদেহ পড়ে থাকতে দেখলেন।

ক. কত সালে বিশ্বে প্রথম HIV রোগী সনাক্ত করা হয়? ১

খ. বাংলাদেশে শিশু শ্রমের প্রধান কারণটি বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে মি. কিমের দেখা ঘটনাটির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদার ধর্মীয় ও রাজনৈতিক চেতনাই উক্ত কার্যক্রম প্রতিরোধের রক্ষাকবচ'— বিশ্লেষণ কর। ৪

# বরিশাল বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা    বিষয় কোড: ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১ । সকল প্রশ্নের উত্তর দিতে হবে ।]*

**১. যুক্তফ্রন্টের ২১ দফার অন্তর্ভুক্ত দফা কোনটি?**
K ক্ষতিপূরণসহ জমিদারি প্রথা উচ্ছেদ
L বিনা ক্ষতিপূরণে জমিদারি প্রথা উচ্ছেদ
M মুসলিমদের মধ্যে জমিদারি প্রথা বন্টন
N চিরস্থায়ী বন্দোবস্ত বাতিল

**২. ছাত্ররা ১১ দফার দাবিতে কত সালে আন্দোলন করেছিল?**
K ১৯৬১ L ১৯৬২
M ১৯৬৮ N ১৯৬৯

**৩. অপারেশন সার্চলাইট এর পরিকল্পনার সাথে সরাসরি জড়িত ছিলেন—**
K টিক্কা খান
L জুলফিকার আলী ভুট্টো
M জেনারেল নিয়াজি
N ইয়াহিয়া খান

**৪. ঐতিহাসিক 'আগরতলা' মামলা কতজনের বিরুদ্ধে রুজু করা হয়?**
K ৩২ L ৩৩
M ৩৪ N ৩৫

**৫. বাংলাদেশ কত সালে কমনওয়েলথ এর সদস্যপদ লাভ করে?**
K ১৯৭২ L ১৯৭৩
M ১৯৭৪ N ১৯৭৬

**৬. বঙ্গবন্ধু কর্তৃক গৃহীত দ্বিতীয় বিপ্লব কর্মসূচির উদ্দেশ্য ছিল—**
K খাদ্য সংকট মোকাবিলা
L নতুন নির্বাচনের ব্যবস্থা
M রিলিফ কার্যক্রম জোরদারকরণ
N পররাষ্ট্রনীতি নির্ধারণ

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
বিএমএ নেতা ডাঃ সামসুল আলম মিলন গুলিবিদ্ধ হয়ে মৃত্যুবরণ করার পর আন্দোলনটি চরমরূপ ধারণ করে অবশেষে সরকার পদত্যাগের কথা ঘোষণা দেন।

**৭. উদ্দীপকে উল্লিখিত আন্দোলনটির নাম কী?**
K নির্বাচনি আন্দোলন
L '৯০ এর গণঅভ্যুত্থান
M '৫২ এর ভাষা আন্দোলন
N সামরিক শাসনের বিরুদ্ধে আন্দোলন

**৮. উক্ত আন্দোলনে অংশ নেয়—**
i. ছাত্রজনতা ii. রাজনৈতিক নেতা
iii. শিক্ষকবৃন্দ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৯. মুজিবনগর সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রি কে ছিলেন?**
K এম.মনসুর আলী
L এ.এইচ.এম কামারুজ্জামান
M খন্দকার মোশতাক আহমেদ
N তাজউদ্দিন আহমেদ

**১০. স্বামী-স্ত্রীর সংখ্যার ভিত্তিতে পরিবারের ধরন কয়টি?**
K ২ L ৩
M ৪ N ৫

**১১. সূর্যে কোন গ্যাসের পরিমাণ সবচেয়ে বেশি?**
K হিলিয়াম L নাইট্রোজেন
M হাইড্রোজেন N সালফার

**১২. বাংলাদেশের ভূ-প্রকৃতি কেমন?**
K নিচু ও সমতল L উচু ও নিচু
M পাহাড়ি ও পার্বত্যময় N সমতল ও পার্বত্যময়

**১৩. ভারতের জলবায়ুর বৈশিষ্ট্য হলো—**
K আবহাওয়া সর্বদা উষ্ণ থাকে
L শীতকালের বায়ু শুষ্ক ও শীতল
M বৃষ্টিবহুল বর্ষাকাল
N শরৎকালে বেশ ঠান্ডা পড়ে

**১৪. 'সিসমিক রিস্ক জোন' কি?**
K ভূমিকম্পন প্রবণ এলাকা
L আগ্নেয় প্রবণ এলাকা
M বন্যা প্রবণ এলাকা
N নদী ভাঙন এলাকা

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
গত বছর তামিম টাঙ্গাইল জেলায় তার মামার বাড়িতে বেড়াতে গিয়েছিল। সেখানে সে বিশেষ এক ধরনের সোপান ভূমি দেখতে পায়।

**১৫. তামিমের দেখা সোপান ভূমিটির নাম কী?**
K লালমাই পাহাড় L মধুপুর ভাওয়ালের গড়
M বরেন্দ্রভূমি N প্লাবন সমভূমি

**১৬. উক্ত সোপান ভূমিটির বৈশিষ্ট্য হলো—**
i. এর মাটি লালচে ও ধূসর
ii. সমভূমি থেকে এর উচ্চতা ৬-৩০ মিটার
iii. এটি কুমিল্লা অঞ্চলেও দেখা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৭. ভূমিকম্পের ক্ষয়ক্ষতি হ্রাসে কী কী পদক্ষেপ নিতে হবে?**
i. কাঠের আসবাবপত্র তৈরি
ii. বাড়ির সদস্যদের জন্য হেলমেট রাখা
iii. গাছের নিচে আশ্রয় নেয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. আহ্নিক গতির ফলে কী হয়?**
K দিনরাত্রির হ্রাসবৃদ্ধি L দিন ও রাত
M ঋতু পরিবর্তন N জলবায়ুর পরিবর্তন

**১৯. সরকারের আয়ের উৎসকে কয়ভাগে ভাগ করা যায়?**
K ২ L ৩
M ৪ N ৫

**২০. 'HIV' এর সুপ্তিকাল কত মাস?**
K ৩-৪ মাস L ৪-৫ মাস
M ৫-৬ মাস N ৬-৭ মাস

**২১. সামাজিক মূল্যবোধের পরিবর্তনের কারণ—**
i. শিক্ষার উন্নয়ন ii. শিল্পায়ন
iii. ব্যবসা বাণিজ্যের উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২২. কোনো স্থানে যখন বেলা ১২টা তখন সে স্থান থেকে ১০ ডিগ্রি পশ্চিমে অবস্থিত স্থানের সময় কত হবে?**
K ১১.২০ ঘণ্টা L ১২.২০ ঘণ্টা
M ১২.৪০ ঘণ্টা N ১২.৫০ ঘণ্টা

**২৩. কোনটিকে মুক্ত বাজার অর্থনীতি বলা হয়?**
K সমাজতান্ত্রিক L মিশ্র
M ইসলামি N ধনতান্ত্রিক

**২৪. 'লীগ অব নেশনসন' ১৯২০ সালের কত তারিখে প্রতিষ্ঠিত হয়?**
K ১০ জানুয়ারি L ২০ জানুয়ারি
M ১০ ফেব্রুয়ারি N ২০ ফেব্রুয়ারি

**২৫. সন্ধ্যায় পশ্চিমাকাশে কোনটি দেখা যায়?**
K মঙ্গল L শুক্র
M শনি N বৃহস্পতি

**নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
ময়মনসিংহ জেলায় অনেক বনভূমি আছে। জাহিদ লক্ষ করল কতিপয় লোক বনের গাছ কেটে নিয়ে যাচ্ছে। জাহিদ গোপনে পুলিশকে খবর দিয়ে তাদেরকে ধরিয়ে দেয়।

**২৬. জাহিদের কাজটি জাতীয় সম্পদের সংরক্ষণ ও অপচয় রোধের কোন ধরনের উদ্যোগ?**
K ব্যক্তিগত L রাষ্ট্রীয়
M সমষ্টিগত N আন্তর্জাতিক

**২৭. উক্ত উদ্যোগটি গ্রহণের ফলে—**
i. জাতীয় সম্পদ রক্ষা পাবে
ii. অর্থনৈতিক উন্নয়ন ঘটবে
iii. বেকারত্বের সৃষ্টি হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. কোন যুদ্ধের ফলে জাতিসংঘের জন্ম হয়?**
K প্রথম বিশ্বযুদ্ধ L ইরাক-ইরান যুদ্ধ
M ভিয়েতনাম যুদ্ধ N দ্বিতীয় বিশ্বযুদ্ধ

**২৯. বাংলাদেশে মোট বৃষ্টিপাতের কতভাগ বর্ষাকালে হয়ে থাকে?**
K $\frac{৪}{৫}$ ভাগ L $\frac{৩}{৫}$ ভাগ
M $\frac{২}{৫}$ ভাগ N $\frac{১}{৫}$ ভাগ

**৩০. উৎপাদনের জন্য কয়টি উপাদান আবশ্যক?**
K ২ L ৩
M ৪ N ৫

**নিচের উদ্দীপকটি পড়ে ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও :**
জিসান গত বছর একটি আন্তর্জাতিক সংস্থায় যোগদান করেছেন। সম্প্রতি তিনি আফগানিস্তানে বদলি হয়েছেন। স্বাস্থ্যসম্পর্কিত বিভিন্ন প্রোগ্রাম পরিচালনা করছেন।


**৩১. উদ্দীপকে উল্লিখিত সংস্থাটির নাম কী?**
K ইউনিসেফ (UNICEF)
L এফএও (FAO)
M ইউনিফেম (UNIFEM)
N ডব্লিউএইচও (WHO)

**৩২. উক্ত সংস্থাটির কাজ হলো—**
i. রোগ প্রতিরোধক কর্মসূচি পালন
ii. শিশু শ্রম বন্ধ করা
iii. পুষ্টিহীনতা দূর করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩৩. নিচের কোনটি ব্যক্তির জীবনযাত্রার মান নির্ধারণ করে?**
K মোট দেশজ উৎপাদন L মোট জাতীয় উৎপাদন
M মোট মুনাফা N মাথাপিছু আয়

**৩৪. গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ অনুযায়ী নির্বাচনি অপরাধ—**
i. ঘুষ গ্রহণ করা
ii. সময়মত ভোট কেন্দ্রে উপস্থিত না থাকা
iii. জাল ভোট দেয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**নিচের চিত্রটি লক্ষ্য করে ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :**




**৩৫. 'A' চিহ্নিত রেখাটির নাম কী?**
K নিরক্ষরেখা L কর্কটক্রান্তি
M মূল মধ্যরেখা N মকরক্রান্তি

**৩৬. নিচের কোনটি সমষ্টিগত সম্পদ?**
K ঘরবাড়ি L বনাঞ্চল
M সাগর N কলকারখানা

**৩৭. বাংলাদেশ ১৯৭৪ সালে একটি সংগঠনের ১৩৬তম সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়। সংগঠনটির নাম কী?**
K ওআইসি (OIC) L ন্যাটো (NATO)
M সার্ক (SAARC) N ইউএন (UN)

**৩৮. বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের প্রধান নদী কোনটি?**
K তিস্তা L সাঙ্গু
M কর্ণফুলী N পশুর

**৩৯. বিগত এক দশক যাবত বাংলাদেশের রপ্তানি পণ্যের সবচেয়ে বড় বাজার কোনটি?**
K ফ্রান্স L যুক্তরাষ্ট্র
M যুক্তরাজ্য N শ্রীলংকা

**৪০. কোন সালে 'তত্ত্বাবধায়ক সরকার' আইন পাশ হয়েছিল?**
K ১৯৯৩ L ১৯৯৪
M ১৯৯৫ N ১৯৯৬

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | L | ২ | M | ৩ | K | ৪ | N | ৫ | K | ৬ | K | ৭ | L | ৮ | N | ৯ | L | ১০ | L | ১১ | M | ১২ | K | ১৩ | L | ১৪ | K | ১৫ | L | ১৬ | K | ১৭ | K | ১৮ | L | ১৯ | K | ২০ | N |
| | ২১ | K | ২২ | K | ২৩ | L | ২৪ | K | ২৫ | L | ২৬ | K | ২৭ | K | ২৮ | N | ২৯ | K | ৩০ | M | ৩১ | N | ৩২ | L | ৩৩ | N | ৩৪ | L | ৩৫ | L | ৩৬ | L | ৩৭ | N | ৩৮ | M | ৩৯ | L | ৪০ | N |